পূর্ববঙ্গ (বর্তমান বাংলাদেশ)-এর অন্তর্গত ফরিদপুর জেলার কোসারপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলমান পরিবারে ২২ ফেব্রুয়ারি ১৯০৬ খ্রিস্টাব্দে হুমায়ুন কবির (পুরো নাম — হুমায়ুন জহিরউদ্দিন আমির-ই-কবির)-এর জন্ম। তাঁর পিতার নাম — খান বাহাদুর কবিরউদ্দিন আহম্মদ। .... ছেলেবেলা থেকেই তিনি ছিলেন অত্যন্ত মেধাবী ছাত্র। ১৯২২ খ্রিস্টাব্দে হুমায়ুন কবির কলকাতায় চলে আসেন এবং প্রেসিডেন্সি কলেজে ভরতি হন। এই কলেজ থেকে তিনি আই. এ. এবং ইংরেজিতে অনার্সসহ বি.এ. পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথম হন। ১৯২৮ খ্রিস্টাব্দে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এম.এ. পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথম স্থান লাভ করেন এবং ঈশান স্কলার (Ishan Scholar) ও হন। এরপর সরকারি বৃত্তি লাভ করে তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে পড়তে যান। কিন্তু ইংরেজি ভাষা ও সাহিত্যের ছাত্র হলেও তিনি অক্সফোর্ডে ইংরেজি পড়েননি। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে Philosophy, Economics এবং Politics নিয়ে একটি অনার্স কোর্স আছে। হুমায়ুন কবির এই কোর্সের পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথম হন। এটা ১৯৩১ খ্রিস্টাব্দের কথা। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে তিনি অক্সফোর্ড ইউনিয়ন সোসাইটির সম্পাদক ও জয়েন্ট সোসাইটির সভাপতি হয়েছিলেন। কবির অক্সফোর্ড ব্রিটিশ জাতীয় ছাত্র ইউনিয়নের কার্যকরী সমিতির প্রথম ভারতীয় সভ্য ছিলেন। তিনি Exter College Foundation Prize ও পেয়েছিলেন।

হুমায়ুন কবির ১৯৩২ খ্রিস্টাব্দে দেশকর্মী শান্তি দাসকে বিয়ে করেন। এই বছরেই ড. সর্বেপল্লী রাধাকৃষ্ণানের আমন্ত্রণে অন্ধ্র বিশ্ববিদ্যালয়ে দর্শনশাস্ত্রের অধ্যাপক হিসেবে যোগ দেন। ১৯৩৩ খ্রিস্টাব্দে বঙ্গদেশে প্রত্যাবর্তন করে কবির কলকাতা বিশ্ববিদ্যালয়ে ইংরেজি ভাষা ও সাহিত্যের অধ্যাপক নিযুক্ত হন। ১৯৪০ খ্রিস্টাব্দ পর্যন্ত তিনি ওই পদে অধিষ্ঠিত ছিলেন।

এশিয়াবাসীর মধ্যে কবিরই প্রথম অক্সফোর্ডে 'হারবার্ট স্পেনসার বক্তৃতা' (Herbert Spencer Lecture) দেন। স্বদেশ ও বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় তাঁকে 'ডক্টরেট' (Doctorate) উপাধিতে ভূষিত করে। রোম, প্যারিস, লণ্ডন, অক্সফোর্ড, আমেরিকা, যুগোশ্লাভিয়া, বুলগেরিয়া, ম্যানিলা, টোকিও, সংযুক্ত আরব প্রজাতন্ত্র, কলম্বো এবং ভারতের বহু বিশ্ববিদ্যালয়ে তিনি বক্তৃতা করেছেন। তিনি প্রথম এশিয়া সাহিত্য সম্মেলনে ও প্রথম এশিয়া ইতিহাস সম্মেলনে সভাপতিত্ব করেন। স্বদেশে ফিরে অধ্যাপনাকালে তিনি ট্রেড ইউনিয়ন আন্দোলনে যোগ দেন। তিনি নিখিল ভারত ছাত্র কংগ্রেসের সভাপতি ছিলেন। কৃষক প্রজা পার্টি গঠনে তিনি এ.কে. ফজলুল হকের সঙ্গে সহযোগিতা করেন এবং ওই দলের প্রতিনিধি হিসেবে বেঙ্গল লেজিসলেটিভ কাউন্সিলের সদস্য নির্বাচিত হন। ১৯৩৭ খ্রিস্টাব্দের কথা এটা। পরে তিনি কংগ্রেসে যোগ দেন।

দেশভাগের কিছু পূর্বে কবির মৌলানা আবুল কালাম আজাদের ব্যক্তিগত সচিব রূপে কাজ করতে আরম্ভ করেন। দেশ স্বাধীন হবার পর আজাদ যখন কেন্দ্রীয় সরকারের শিক্ষামন্ত্রী সে সময় কবির ছিলেন ভারত সরকারের যুগ্ম-শিক্ষা উপদেষ্টা। এই সময় মৌলানা আজাদ তাঁর বিখ্যাত বই 'India Wins Freedom' প্রকাশ করেন। মৌলানা আজাদ উর্দুতে বইটির কাহিনী বলে যেতে এবং কবির তার ইংরেজি অনুবাদ করে লিখে নিতেন। ... এইভাবেই বইটি লেখা হয়েছিল।

১৯৪৭ খ্রিস্টাব্দে কবির ইণ্ডিয়ান রেলওয়ে এন্‌কোয়ারি কমিটির সদস্য হন। আমেরিকার ইউনেসকোর তৃতীয় সাধারণ অধিবেশনে তিনি প্রতিনিধিদের সহকারী নেতা হন ১৯৪৮ খ্রিস্টাব্দে। এই বছরেই তিনি ইণ্ডিয়ান কাউন্সিল অফ্ কালচারাল রিলেসন্‌সের সহ-সভাপতি হন। শুধু তাই নয় নিউ ইয়র্কে অ্যাড্‌ভান্সমেন্ট এডিউকেশন্ ফণ্ড-এর পরামর্শদাতাও হয়েছিলেন। হুমায়ুন কবির ভারত সরকারের শিক্ষা উপদেষ্টা (১৯৫২-১৯৫৬ খ্রিস্টাব্দ) ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান ছিলেন। ১৯৫৬ খ্রিস্টাব্দে কবির রাজ্যসভার সদস্য নির্বাচিত হন। এখানে উল্লেখ্য, ভারতের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু তাঁকে মন্ত্রিসভার অসামরিক বিমান বিভাগের প্রতিমন্ত্রী নিযুক্ত করেন। আজাদের মৃত্যুর পর তিনি কেন্দ্রীয় মন্ত্রিসভার শিক্ষামন্ত্রী নিযুক্ত হন।

ক্যানবেরায় বিশ্বের প্রথম পূর্ব পশ্চিম দর্শন সম্মেলনে কবির সভাপতিত্ব করেন ১৯৫৭ খ্রিস্টাব্দে। পরে তিনি ভারত সরকারের শিক্ষা, অসামরিক বিমান চলাচল, বৈজ্ঞানিক গবেষণা ও সংস্কৃতি বিষয়ক এবং পেট্রোলিয়াম ও রসায়ন দপ্তরের মন্ত্রী হন। তিনি দিল্লিতে অল্ ইন্ডিয়া রাইটার্স কন্‌ফারেন্সের সভাপতি হয়েছিলেন ১৯৫৮ খ্রিস্টাব্দে। .....

রাজনীতিকরূপে হুমায়ুন কবিরের প্রভূত খ্যাতি ছিল। ভারতের তিনটি বৃহত্তম ট্রেড ইউনিয়ন (কলকাতা বন্দর, বেঙ্গল-অসম রেলওয়ে এবং নিখিল ভারত ডাক ও তার কর্মী)-এর সভাপতি ছিলেন। ১৯৬৬

খ্রিস্টাব্দে তিনি কংগ্রেস ত্যাগ করে ১৯৬৭ খ্রিস্টাব্দে লোকসভা নির্বাচনে বাংলা কংগ্রেস প্রার্থি রূপে জয়লাভ করলেও কিছুদিন পর বাংলা কংগ্রেস ত্যাগ করে ভারতীয় ক্রান্তিদলে যোগদান করেন এবং শেষে লোকদল গঠন করেন। ১৯৬৭ খ্রিস্টাব্দে পশ্চিম বাঙলায় যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠনে তাঁর অবদান উল্লেখযোগ্য। .... একটি কথা এখানে বলা প্রয়োজন। দেশের পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতিতে তাঁর ভূমিকা বিভিন্ন মহলে ক্রমশ উত্তাপ ও অশান্তির কারণ হয়ে দাঁড়ায়। মৃত্যুর অব্যবহিত পূর্বে তাঁর রাজনৈতিক প্রতিষ্ঠা ও ভাবমূর্তি বহুলাংশে ক্ষয়প্রাপ্ত হয়ে এসেছিল। .....

২

হুমায়ুন কবিরের কর্মজীবনের এই রেখাচিত্রটুকু থেকে বুঝতে পারা যায়, রাজনীতি ক্ষেত্রে তাঁর জীবনের অধিকাংশ সময় অতিবাহিত হয়েছিল। শুধু তাই নয়, তাঁর রাজনৈতিক জীবন ও ভূমিকার কথাই সর্বজনাবিদিত। সাধারণভাবে তাঁর নিন্দা ও খ্যাতি যে এই ভূমিকারই ওপর নির্ভর করছে তা সত্যই দুঃখজনক।

কেন না, সকলে স্বীকার না করতে পারেন, কিন্তু আমাদের ধারণা — সাহিত্য এবং সাধারণভাবে রচনাকর্মই যদি তাঁর অখণ্ড মনোযোগ লাভ করত, তাহলে তিনি স্মরণীয় কীর্তিরই অধিকারী হতে পারতেন। সাহিত্য সাধনার সঙ্গে সঙ্গে অধ্যাপনা তথা শিক্ষাক্ষেত্রেও তাঁর ধারাবাহিক ভূমিকা বজায় থাকলে হয়তো দেশ ও জাতি অধিকতর লাভবান হতে পারত।

যাই হোক, কী হলে কী হতে পারত, এ জাতীয় আলোচনায় বেশিদূর এগিয়ে লাভ নেই। তাঁর যেটুকু সাহিত্যকর্মের পরিচয় পাঠক হিসেবে আমরা পেয়েছি — তাও উপেক্ষার যোগ্য নয়। বিতর্ক কুটিল রাজনৈতিক জীবনের ফাঁকে ফাঁকে শেষদিন পর্যন্ত তিনি সাহিত্য সাধনা করে গিয়েছেন।

হুমায়ুন কবির ছাত্র বয়সেই লিখতে শুরু করেন। তিনি প্রেসিডেন্সি কলেজ ম্যাগাজিনের সম্পাদক (১৯২৬-২৭) ছিলেন এবং অক্সফোর্ডে দুটি ইংরেজি জার্নালের সম্পাদক হয়েছিলেন। ১৯৩৯ খ্রিস্টাব্দে কবির 'চতুরঙ্গ' পত্রিকার প্রতিষ্ঠা করেন। তিনি ১৯৬৯ খ্রিস্টাব্দ পর্যন্ত এই পত্রিকার সম্পাদক ছিলেন। .... 'ভাণ্ডার' পত্রিকায় তাঁর প্রথম কবিতা 'পায়ের ধুলা' (১৯১৯-১৯২০) প্রকাশিত হয়। 'কৃষক', 'নবযুগ', 'নয়া বাংলা' ও 'Now' পত্রিকার সঙ্গে তিনি ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন।

হুমায়ুন কবিরের রাজনীতির দিকে একটা বিশেষ ঝোঁক ছিল। কিন্তু রাজনীতি করেও তিনি কম লেখেননি। তাঁর সমস্ত রচনার আলোচনা এই প্রবন্ধে সম্ভব নয়। তবে তাঁর লেখা বইগুলির নাম এখানে উল্লেখ করা যেতে পারে।

সংগীত ঃ 'গান' (১৯২৬)।

কাব্য ঃ 'স্বপ্নসাধ' (১৯২৭), 'Poems' (১৯৩২), 'সাথী' (১৯৩৮), 'অষ্টাদশী' (১৯৩৮), 'Mahatma and other poems' (১৯৪৪)।

ছোটোগল্প ঃ 'Three Stories' (১৯৪৭)।

উপন্যাস ঃ 'Men and Rivers' (১৯৪৫), 'নদী ও নারী' (১৯৫২)।

প্রবন্ধ/নিবন্ধ ঃ 'Kants on Philosophy in General' (১৯৩৫), 'ইমানুয়েল কান্ট (দর্শন)' (১৯৩৬), 'Poetry monads and Society' (১৯৪১), 'বাঙলার কাব্য' (১৯৪২), 'ধারাবাহিক' (১৯৪২), 'Sarat Chandra Chatterjee' (১৯৪২) 'Muslim Politics (1906–1942)' (১৯৪৩), 'মোসলেম রাজনীতি' (১৯৪৩), 'The Indian Heritage' (১৯৪৬), 'Our Heritage' (১৯৪৭), 'মার্কসবাদ' (১৯৪৮), 'Of Cabbages and Kings' (১৯৪৮), 'A National Plan of Education in India' (১৯৫৩), 'Student Indiscipline' (১৯৫৪), 'Two studies on Education' (১৯৫৫), 'Science Democracy and Islam and other Essays' (১৯৫৫), 'Education in New India' (১৯৫৬), 'An Indian Looks at American Education' (১৯৫৬), "Letters on Discipline' (১৯৫৬), 'শিক্ষক ও শিক্ষার্থী' (১৯৫৭), 'Student Unrest' (১৯৫৮), 'Britain and India' (১৯৬০), 'Indian Philosophy of Education' (১৯৬১), 'Lessons of Indian History' (১৯৬১), 'নয়া ভারতের শিক্ষা' (১৯৬২), 'Studies in Bengali Poetry' (১৯৬২), 'কংগ্রেস মতবাদ' (১৯৬৪), 'দিল্লী ওয়াশিংটন মস্কো' (১৯৬৪), 'Gandhian Philosophy' (১৯৬৪), 'The Bengali Novel' (১৯৬৮), 'Minorities in Democracy' (১৯৬৮), 'Education for Tomorrow' (১৯৬৯), 'Muslim Politics (১৯০৬-১৯৪৭)' (১৯৬৯)।

অনুবাদ ঃ 'মসদ্দসে হালী' (১৯৪৩)।

সম্পাদনা ঃ 'Green and Gold' (Collection of Bengali short Stories & Poems) (১৯৫৮), 'Towards Universal Man' (১৯৬১), '101 Poems of Rabindranath Tagore (১৯৬৬)।

বক্তৃতা ঃ 'Mirza Abu Talib Khan' (The Russell Lecture) (১৯৬১), 'Rabindranath Tagore (Tagore Lectures — 1961) (১৯৬২)।

এই তালিকা দৃষ্টে কবির প্রতিভার বহুমুখি বৈচিত্র্য লক্ষ্য করা যাবে। .... এই প্রসঙ্গে একথাও উল্লেখ করি চল্লিশের দশক থেকে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত রাজনীতির এতটাই বিস্তৃত চর্চায় নিজেকে তিনি ব্যস্ত রেখেছিলেন যে বাইরের লোকের চোখে সেটাই হয়ে উঠল তাঁর বড়ো ভূমিকা, তাঁর সাহিত্যিক পরিচয় প্রায় থমকে গেল বলা যায়। লেখাতেও তাঁর ভাবনার কেন্দ্রে চলে এলো গণতন্ত্র-সমাজতন্ত্রের কথা, সম্ভাব্য নতুন ভারতবর্ষে শিক্ষার, সমাজের বা সংখ্যালঘুর সমস্যার কথা। সে যাই হোক, হুমায়ুন কবিরের আরো বই থাকতে পারে বলেই আমাদের অনুমান। .... 'The Meaning of Islam' বইটি কবিরের লেখা। বইটির সন্ধান পরে পেয়েছি।

কিন্তু প্রকাশকাল পাইনি। তিনি তাঁর উত্তরাধিকার সূত্রে পাওয়া সমৃদ্ধ মুসলমান ঐতিহ্যকে স্বীকার করতেন বলেই এই বই লিখেছিলেন।

৩

এত ব্যস্ততার ভেতরে এত লেখা — কী অসাধারণ মনীষার অধিকারী ছিলেন তিনি — ভাবলে অবাক হয়ে যেতে হয়। কবিরের বইগুলি এই প্রজন্মের কাছে উপস্থিত করা একান্ত প্রয়োজন। কিন্তু দুঃখ হয় এই ভেবে তাঁর অধিকাংশ বই এখন দুষ্প্রাপ্য। ছাত্র জীবনে তাঁর লেখা কত বই সে সময়ে আমরা পড়তাম। মনে পড়ছে যেমন 'নদী ও নারী' উপন্যাস এবং 'অষ্টাদশী' কাব্যটির কথা। তেমনই ভুলতে পারি না 'বাঙলার কাব্য', 'Sarat Chandra Chatterjee' (বিশু মুখোপাধ্যায় যার বাংলা অনুবাদ করেছিলেন— 'শরৎ সাহিত্যের মূলতত্ত্ব', ১৯৫৭), 'Studies in Bengali Poetry', 'The Bengali Novel' এবং 'The Indian Heritage' বইগুলির কথাও। ....

'The Indian Heritage' একটি অসাধারণ বই। কবিরের মননশীল প্রতিভার এক বিচিত্র সৃষ্টি এই বই। বইটি প্রথম প্রকাশিত হয় ১৯৪৬ খ্রিস্টাব্দে। পরের বছর এর দ্বিতীয় সংস্করণ হয়। তৃতীয় সংস্করণ হয় ১৯৫৫ খ্রিস্টাব্দে। উৎসর্গ পত্রে লেখা আছে— 'To Jawahar Nehru, who like Shoka and Akbar has helped to discover and enrich the Indian heritage, in affectionate admiration'. মহারাজ সয়াজি রাও ১৯৪৩ (Maharaj Syaji Rao) খ্রিস্টাব্দে হুমায়ুন কবিরকে অখন্ড ভারততত্ত্ব বিষয়ে বক্তৃতা করতে অনুরোধ করেন। সেই বক্তৃতাগুলি থেকে এ-বইয়ের জন্ম। এ-বইতে দার্শনিক হুমায়ুন কবির এবং সাহিত্যিক হুমায়ুন কবির একাকার হয়ে গিয়েছেন। এই বইতে কবিরের কথা হলো এই যে সম্রাট অশোক একজন যথার্থ বৌদ্ধ ছিলেন এবং তিনি ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে বৌদ্ধধর্ম সার্থকভাবে প্রচার করেছিলেন। অশোকই বৌদ্ধধর্মকে ভারতবর্ষের বাইরে ব্রহ্মদেশ, চিন দেশ এবং জাপানে প্রতিষ্ঠিত করেন। এই বইয়ের ভূমিকায় প্রাচীন ভারতবর্ষের একটি স্বচ্ছ এবং উজ্জ্বল চিত্র রয়েছে। গুপ্তযুগের হিন্দুসমাজ ও বৌদ্ধসমাজ একটি ঐক্যবদ্ধ ভারতবর্ষীয় সমাজ। এরপর ভারতবর্ষে নানা জাতির আগমন। কিন্তু তারা ভারতবর্ষীয় ঐক্যকে ক্ষুণ্ণ করেনি।

মধ্যযুগের ভারতবর্ষ সম্বন্ধে তিনি লিখেছেন যে, এটা নৈতিক এবং আধ্যাত্মিক জীবনের এক নতুন ভারতবর্ষের স্রষ্টা। এর স্রষ্টারা হলেন কবির, নানক, চৈতন্য, তুলসীদাস এবং তুকারাম। তিনি দেখিয়েছেন যে মধ্যযুগে ভারতবর্ষের অখন্ডতা কেবল রক্ষিত হয়নি ওটা সুপ্রতিষ্ঠিত হয়েছে। আমরা যাকে বলি অখণ্ড-ভারতবর্ষ সেই ভারতবর্ষের সৃষ্টি এই মধ্যযুগে। পলাশির যুদ্ধের পর ইংরেজরা যখন ভারতবর্ষ অধিকার করল, এবং যে ঐক্য প্রতিষ্ঠা করল তা হলো রাজনৈতিক ঐক্য। কিন্তু ভারত-আত্মার সৃষ্টি মধ্যযুগে। .... এইখানে আমরা দার্শনিক হুমায়ুন কবিরের পূর্ণ পরিচয় পাই।

আবার এই হুমায়ুন কবিরই এক অখণ্ড ভারতবর্ষের কল্পনা নিয়ে সাহিত্য সৃষ্টি করেছেন। তিনি কখনও হিন্দু-ভারতবর্ষ ও মুসলমান ভারতবর্ষ বলে মনে করতেন না। তিনি যখন বাংলা সাহিত্য চর্চা করতেন তখন এই সাহিত্যকে হিন্দু সাহিত্য বলে ভাবতেন না। তিনি ছিলেন এক অখণ্ড বঙ্গদেশের মানুষ। ..... আমাদের মনে হয় এই সময়ের পরিপ্রেক্ষিতে কবিরের মনীষা সম্যক্‌ভাবে আলোচনা করা প্রয়োজন। .....

দার্শনিক, শিক্ষাবিদ্, রাজনীতিবিদ্, প্রশাসক, সম্পাদক, কবি ও কথাকাব্যকার হুমায়ুন কবির দিল্লিতে ১৮ অগস্ট ১৯৬৯ খ্রিস্টাব্দে প্রয়াত হন।

মনীষী-কবি হুমায়ুন কবিরকে সশ্রদ্ধ প্রণাম।

সহজ কবিত্ব-উচ্ছ্বাস থেকে মনন— দীপ্তি সচেতন কবিত্বে উত্তরণ : বুদ্ধদেব বসুর কবিতা

ডঃ মঞ্জুশ্রী মুখোপাধ্যায়
অধ্যাপিকা, বাংলা বিভাগ

'কবিতার শত্রু ও মিত্র' গ্রন্থে সংকলিত 'কবিতা ও আমার জীবন আত্মজীবনীর ভগ্নাংশ' শীর্ষক প্রবন্ধে (শ্রাবণ, ১৩৮১, আগস্ট ১৯৭৪) বুদ্ধদেব বসু জানিয়েছিলেন ঃ এক কালে কবিতার সঙ্গে আমার সরল একটি ভালোবাসা ছিল। .... ভাবতে হয় না কাটাকুটি অদল-বদলের বালাই নেই। এমনি করে লেখা হয়েছিল 'বন্দীর বন্দনা', 'কঙ্কাবতী' ও 'নতুন পাতা'র কবিতাগুলো, আমার সতেরো থেকে পঁচিশ বা ছাব্বিশ বয়সের মধ্যে। .... যা লিখছি তা ভালো হবে কি হবে না তা পুরোপুরি দৈবের উপর নির্ভর করছে। আমি ভাগ্যের গাঙে গা ভাসিয়ে চলেছি।' প্রেরণার মুখাপেক্ষী কাব্যিক উচ্চারণে এই সরল সহজ স্বতোৎসারের পাশাপাশি স্মরণ করা যেতে পারে বুদ্ধদেবকে লেখা সুধীন্দ্রনাথ দত্তের — দুটি চিঠির দুটি অংশ। প্রথম অংশটি হল বুদ্ধদেব বসুর সদ্য-প্রকাশিত 'শ্রেষ্ঠকবিতা' পাঠের প্রতিক্রিয়ায় সুধীন্দ্রনাথের অভিব্যক্তি ঃ 'মনে পড়ে আপনার একেবারে প্রথম যুগের কোন এক পুস্তক সম্বন্ধে জনৈক বন্ধু আমার মতামত জানতে চাওয়ার আমি তাকে বলেছিলুম যে সমসাময়িক বাংলায় আপনি বোধহয় একমাত্র সহজ কবি। সেইদিন থেকে আজ পর্যন্ত আমার অধিকাংশ মত টিঁকে নেই। কিন্তু বর্তমান শ্রেষ্ঠ কবিতায় ঐ একটা মন্তব্য নতুন করে সমর্থন পেল। (কবিতা সুধীন্দ্রনাথ স্মৃতি সংখ্যা, ১মে ১৯৫৩ যুগ্মসংখ্যা, আশ্বিন-পৌষ ১৩৬৭)। দ্বিতীয় চিঠিটির তাৎপর্যপূর্ণ অংশটি এই 'আপনার গদ্যের ''কবিত্বে'' আমি চিরদিনই মুগ্ধ, আপনার পদ্যের বিরুদ্ধে নালিশ এই যে, তাতে গদ্যের প্রভাব অল্প।' (কবিতা, সুধীন্দ্রনাথ স্মৃতি সংখ্যা, ১৫ এপ্রিল, ১৯৪৬, যুগ্ম সংখ্যা আশ্বিন-পৌষ ১৩৬৭)। লক্ষনীয় কবিতার সঙ্গে সরল একটি ভালবাসা ও সহজ কবিত্বের যুগে বুদ্ধদেবের অবলম্বন ছিল দৈব অর্থাৎ মালার্মে-কথিত ল-আজার' বা 'Chance' ; যাকে সচেতন প্রয়াসে পরিহার করতে চেয়েছিলেন মালার্মের অনুগামী সুধীন্দ্রনাথ দত্ত। বুদ্ধদেবের প্রথম দিকের কবিতায় রয়েছে এলায়িত শিথিল গীতিময় উচ্ছ্বাস। এই সহজ কবিত্বের সময়ভুক্ত 'নতুন পাতা'র 'চিন্তায় সকাল' নামক কবিতাকে বুদ্ধদেব পূর্বোক্ত 'কবিতা ও আমার জীবন আত্মজীবনীর ভগ্নাংশ' — শীর্ষক লেখায় 'চলতি মুহূর্তের কবিতা' — বলে আখ্যাত করেছেন। এ কবিতায় স্মৃতির কোন ভূমিকা নেই, এর উপাদান সবই সেই তাৎক্ষণিক মুহূর্তে দৃষ্ট ও অনুভূত হয়েছিল। তাঁর জীবনের পরম আনন্দোজ্জ্বল মুহূর্তটাকে সব সবুজগন্ধ ও সজলতা-সুদ্ধ তিনি বন্দী করতে চেয়েছিলেন। 'দময়ন্তী' কাব্যগ্রন্থে প্রথম জেগে উঠল কবির আত্মচেতনা, দেখা দিল প্রথম সুচিন্তিত শব্দচয়ন। এই কাব্যগ্রন্থেরই 'ব্যাং' ও 'ইলিশ' — কবিতা দুটি 'চিন্তায় সকালে'র বিপরীত প্রতিক্রিয়ায় রচিত। কবিতাদুটিতে স্মৃতির প্রণিধানযোগ্য ভূমিকা ও কল্পনার প্রাধান্য লক্ষনীয়। ধীরে ধীরে বুদ্ধদেবের কবিতায় দূরপ্রসারী পরিবর্তন সূচিত হয়েছে। উপরিউক্ত দুটি কবিতার পর 'দ্রৌপদীর শাড়ি' কাব্যগ্রন্থের 'অন্যপ্রভু', 'মায়াবী টেবিল', 'প্রত্যহের ভার' প্রভৃতি কবিতায় বুদ্ধদেবের শিথিলবন্ধ, উতরোল উচ্ছ্বাস সংযত ও সংহত হয়ে একটা দৃঢ় আঁটোসাটো বাঁধুনির মধ্যে আধারিত হতে চেয়েছে। এই পরিবর্তন সম্পূর্ণ হয়েছে 'যে-আঁধার আলোক অধিক' কাব্যগ্রন্থে, যা বুদ্ধদেবের কবিজীবনের উজ্জ্বল এক সন্ধিক্ষণে অবস্থান করছে। বোদলেয়র ও রিলকের কবিতা, টমাস মানের কথাশিল্প এবং সুধীন্দ্রনাথ দত্তের অন্তরঙ্গ সান্নিধ্যের উজ্জ্বল সংক্রাম এই পরিবর্তনের পশ্চাতে সক্রিয় থেকেছে। বোদলেয়রকে 'কবিদের রাজা, এক সত্য দেবতা' বলে অভিহিত করেও র‍্যাঁবো তাঁর বিশ্ববিখ্যাত 'দ্রষ্টার চিঠি'তে বোদলেয়রের কাব্যপ্রকরণের প্রথা জীর্ণতা সম্বন্ধে অভিযোগ এনেছিলেন; অজ্ঞাতের আবিষ্কার নতুন আঙ্গিকের দাবি করে — এই ছিল র‍্যাঁবোর উপলব্ধ সত্য। বুদ্ধদেব কিন্তু বোদলেয়রের আঙ্গিকে মুগ্ধ হয়েছেন, বোদলেয়রের কবিতায় অনুভব করেছেন, রোম্যান্টিক ভাবকল্পনার সঙ্গে ক্ল্যাসিকাল আঙ্গিকের কাঙ্ক্ষিত মেলবন্ধন।

প্রেম, যৌবন ও কবিতা — বুদ্ধদেবের কবিতার প্রথম পর্বের এইসব বিষয়বস্তুকে ঘিরে 'বন্দীর বন্দনা ও অন্যান্য কবিতা' (১৯৩০) 'কঙ্কাবতী ও অন্যান্য কবিতা (১৯৩৭), দময়ন্তী (১৯৪৩), 'দ্রৌপদীর শাড়ি' (১৯৪৮), 'শীতের প্রার্থনা', বসন্তের উত্তর' (১৯৫৫)। এ সমস্ত কাব্যগ্রন্থের নানা কবিতা রূপ পেয়েছে। 'বন্দীর বন্দনা' কাব্যগ্রন্থে ব্যক্তিহৃদয় থেকে উৎসারিত বিদ্রোহ ও কামনার পশ্চাতে উদ্ভিন্নযৌবন-যন্ত্রণাই প্রকট। ঈশ্বরসৃষ্ট প্রবৃত্তির কারাগারে বন্দী মানব-সত্তা নানা প্রতিকূলতা ও অসম্পূর্ণতাকে জয় করেছে সুন্দরের আরাধনায় — এখানেই মানুষ দেবতার প্রতিস্পর্ধী হয়ে কাব্যের অনিন্দ্য ভুবন তথা সৌন্দর্য জগৎ তৈরি করার প্রয়াস করেছে; 'আমি যে রচিবো কাব্য, এ উদ্দেশ্য ছিল না স্রষ্টার। তবু কাব্য রচিলাম, এই গর্ব বিদ্রোহ আমার।' (মানুষ) 'দ্রৌপদীর শাড়ি' কাব্যগ্রন্থেও কবিতা বুদ্ধদেবের কাব্যকল্পনায় অধিষ্ঠান করে; তাই নিবেদন করেন, 'বাণীর আত্মারে' আপন সত্তা বলে উপলব্ধি করেই তিনি প্রত্যহের ভার থেকে মুক্ত হন (প্রত্যহের ভার)। আরো পরে লেখা 'মৃত্যুর পরে জন্মের আগে' কবিতায় শব্দ আর নারী নিবিড়ভাবে সংলগ্ন হয়ে

যায় আত্মস্বরূপের অলজ্জ উচ্চারণে : 'যৌবন যখন ছিলো, যৌবনেরে / করেছি বন্দনা, যৌবন যখন যায়, যায় যায় তখনও আবার / যৌবনেরে করেছি বন্দনা, ... / যা কিছু লিখেছি সব, সবই ভালোবাসার কবিতা, / ..... / আজ যদি ভাবি, মনে হয় / নারীরে, বাণীরে / এক মনে হয়।'

বুদ্ধদেবের প্রথম দিককার কবিতায় দেখি উতরোল গীতিঝঙ্কার, পল্লবিত বিস্তার এবং গঠন-শৈথিল্য। আত্মজীবনীমূলক রচনা 'আমার যৌবন'-এর পাতায় বিধৃত হয়ে আছে সুইনবর্ণ সম্বন্ধে কবির উন্মাদনা, যে উন্মাদনায় 'কঙ্কাবতী' কবিতায় ভাবরিক্ত ধ্বনিস্পন্দন সৃষ্টির মোহময়তা, উজ্জ্বল হয়ে উঠেছে দীর্ঘবিস্তারী পঙ্‌ক্তি বিন্যাসে, প্রায়শই শব্দ বিন্যাসের শিথিলতায় — 'এলোমেলো জলে আলো ওঠে জ্বলে ছল ছল ঢেউ তোমার নামে / তীরে চুমো খায়, দূরে নিয়ে যায় ঢেউয়ের জলের স্রোতের টানে / তোমার নামের শব্দ, কঙ্কা! কঙ্কা! কঙ্কা! কঙ্কা! কঙ্কাবতী! / আকাশে ও চাঁদে, জলে আর মেঘে, দিগন্ত পারে গাছের ছায়ায়, / ফাঁকা আকাশের রন্ধ্রে রন্ধ্রে মেঘের শরীরে, জলের স্রোতে — (কঙ্কাবতী)। কঙ্কাবতী-বিষয়ক 'আরশি', 'সেরেনাদ', 'কঙ্কাবতী ও রূপকথা' — কবিতা তিনটিতেও তাঁর স্বভাবসুলভ রোম্যান্টিক কল্পনাবিলাসী মন শব্দযোজনায় মননধর্মের স্বীকৃতিকে অগ্রাহ্য করে নিছক অগভীর ধ্বনিময়তাকেই আশ্রয় করেছে। এই পর্বেই রচিত কাব্যগ্রন্থের শেষ কবিতা 'শেষের রাত্রি'র প্রথম স্তবক সম্বন্ধে একথা সত্য হলেও পরের স্তবকগুলি দীর্ঘ পাঁচ বছর বাদে লিখিত হওয়ায় প্রথম পর্বের অনর্গল স্বতোৎসারের ত্রুটি থেকে মুক্ত হওয়ার প্রয়াস প্রায়শই দেখা দিয়েছে। 'বন্দীর বন্দনা' কাব্যগ্রন্থের 'শাপভ্রষ্ট' কবিতায় '... অন্তরের নিরুদ্ধ বেদনা সযত্নে সাজাই নিত্য / উৎসবের প্রদীপের মতো আনন্দের মদির গোপনে'-র মধ্যে যৌবনের প্রতপ্ত ইন্দ্রিয়-বাসনার বেদনা দেহের বন্ধন ছিঁড়ে অমৃতের সন্ধানী হতে চায় — এমনতরো অনুভূতিকেই উপমার মতো সাজিয়ে তোলেন কবি। ক্রমে তীব্র থেকে তীব্রতর হয়ে ওঠা বাসনা-রক্তিম অনুভূতি রূপ পরিগ্রহ করে বাক্ প্রতিমার মধ্যে। 'নতুন পাতা' কাব্যগ্রন্থের 'চিক্কায় সকাল' কবিতায় নিসর্গের স্বপ্নময় স্নিগ্ধ নীলের প্রশান্তিময় বিস্তার বাসনায় আতপ্ত হয়ে ওঠে 'সূর্যের চুম্বনে' — 'রূপোলি জল শুয়ে শুয়ে স্বপ্ন দেখছে, সমস্ত আকাশ/নীলের স্রোতে ঝরে পড়ছে তার বুকের উপর সূর্যের চুম্বনে'। একটু পরেই 'ইন্দ্রধনু'র অপরূপ, অপার্থিব রূপমাধুরীর তীব্রতাস্পর্শী বিস্তারে এসে মিশে যায় 'রক্তের সমুদ্রকে ঘিরে' উদ্বেলিত যৌবনের পার্থিব উন্মাদনা। অতিথি অধ্যাপকরূপে কবি উত্তর আমেরিকায় পিটসবার্গে থাকাকালীন বিদেশের তীব্র হিমশীতল রাত্রি মৃত্যুর আবহ ও অনুষঙ্গ নিয়ে 'শীতরাত্রির প্রার্থনা'য় মূর্ত হয়ে ওঠে — 'নিবিড় হলো রাত্রি, পাতলা চাঁদ ছিঁড়ে গেলো নেকড়ের মতো অন্ধকার/দলে দলে ডাইনি বেরোলো হাওয়ায়, আততায়ীর ছুরির মতো শীত।' হিমেল হাওয়ায় কুটিলতাপূর্ণ অমঙ্গল ও যাদুময় রূপ এবং অন্ধকারের আক্রমণোদ্যত হিংস্র ভয়ঙ্কর তৎপরতায় পুনরাবৃত্তিময় বর্ণনায় রূপ পেয়ে যায়। এই মৃত্যুর পটভূমিতে নতুন জন্ম যখন বসন্তের আতপ্ত প্রথম চুম্বনের প্রতীক্ষা করে তখনও শিথিল-বিস্তারী উচ্চারণ চলতে থাকে। 'শীতরাত্রির প্রার্থনা'ই বুদ্ধদেবের কবিজীবনের শেষ কবিতা যা স্বতোৎসারিত আবেগের তোড়ে বেরিয়ে এসেছিল। 'শীতরাত্রির প্রার্থনা' পড়ে সুধীন্দ্রনাথ কবিকে সাক্ষাতে জানিয়েছিলেন, যে তাঁর 'শীতরাত্রির প্রার্থনা' পড়ে ভালো লাগল, কিন্তু "there are too many মতো S"। এই অনুধাবন উস্‌কে দিয়েছিল বুদ্ধদেবকে, বিবৃতিধর্মী উপমা-খচিত বর্ণনার শিথিল বিস্তারের বদলে চিত্রকল্পের সংহত মিতায়নতন অভিব্যক্তি দিকে এগিয়ে দিয়েছিল।

'যে-আঁধার আলোর অধিক' থেকে বোদলেয়রের প্রভাবে বুদ্ধদেবের কবিতায় নতুন বিষয় — যা আধুনিক কাবতার অন্যতম প্রধান বিষয় হয়ে দেখা দিয়েছিল — প্রভৃতি বা স্বভাবের সঙ্গে চৈতন্যের বিরোধ এবং তার পরিণামে চৈতন্যের মহিমোজ্জ্বল উদ্ভাস প্রকাশ পেল। বোদলেয়রের কাছে দীক্ষিত বুদ্ধদেবের মননে প্রাকৃতিক বস্তুর তুলনায় শ্রোয়োতর বলে প্রতিভাত হয়েছিল কৃত্রিম, রচিত, শিল্পিত বস্তু। তাই 'দ্রৌপদীর শাড়ি' কাব্যগ্রন্থের অন্তর্গত 'কার্তিকের কবিতা'য় বিধৃত মানবজীবনের ক্ষণায়ু চঞ্চলতার বিপরীতে নিসর্গের মহিমান্বিত রূপমূর্তির প্রতি আগ্রহ আত্যন্তিক বিমুখতায় পর্যবসিত হয় 'যে-আঁধার আলোর অধিক'-এ 'আটচল্লিশের শীতের জন্য ঃ ২' কবিতায়— 'প্রান্তরে কিছুই নেই, জানালার পর্দাটা টেনে দে / ওরা তোকে কেবল ভোলাতে চায় — / ঘাস মাটি পুকুর আকাশ।' অনিবার্যভাবে স্বতোৎসারিত গীতোচ্ছ্বাসের প্রতিভূ কঙ্কাবতীকে তিনি চেতনা থেকে বিদায় দিতে চেয়েছেন, বলেছেন — 'ভুলে যা ঝংকার ঝরণা, বরদ্রাত্রী কঙ্কাবতীরে, / যার ঠোঁট ছুঁয়ে ছুঁয়ে স্বরলিপি শিখেছিলি তুই;—' রূপান্তরের এ পর্বে তিনি সচেতন মননশীল কবি; যার অবলম্বন প্রায়শ সংক্ষিপ্ত সংহত সনেটকল্প কবিতা। প্রথমে পর্বের সহজ উপমার স্থান গ্রহণ করল গূঢ়প্রসারী চিত্রকল্প। 'যে-আঁধার আলোর অধিক-এর কবিতাগুলিতে গদ্যের স্বাচ্ছন্দ্য, নমনীয়তা এবং কথ্যভঙ্গির সংশ্লেষের ফলে তাঁর পদ্যে গদ্যগুণের অল্পতা সম্বন্ধে সুধীন্দ্রনাথের অভিযোগ দূর হল।

'দ্রৌপদীর শাড়ি' কাব্যগ্রন্থেই একটু একটু করে স্পষ্ট হচ্ছিল যে, কবি আর বাইরের বস্তুজগতে ভরসা রাখেন না, ক্রমেই বহির্জগৎ ছেড়ে অন্তর্জগতে আশ্রয় নিচ্ছিলেন (মায়াবী টেবিল)। দ্রৌপদীর শাড়ির মতো অন্তঃহীন সৌন্দর্যের রহস্য উন্মোচনে মৃত হচ্ছিলেন (দ্রৌপদীর শাড়ি)। 'যে-আঁধার আলোর অধিক'-এ এই অন্তর্জগতে উত্থিত কবিতা তথা শিল্প সম্বন্ধে ধারণা, শিল্পের সমস্যা ও লক্ষ্য, শিল্পীর নিগূঢ় প্রতিক্রিয়া, স্মৃতির অতল অন্ধকারের মধ্যে নিহিত ঐশ্বর্যের মধ্যে শিল্পের প্রক্রিয়া ও উৎস সন্ধান — এমন সব বিষয় প্রধান হয়ে উঠেছে, যেগুলি মনন-নির্ভর; অর্থাৎ পূর্বের উচ্ছ্বাস-প্রবণ আবেগ-তাড়িত কবিতাগুলি বিষয় থেকে আলাদা। মাতৃজঠরে

নিহিত অন্ধকারের মতো স্মৃতির অতল অন্ধকারে লালিত সৃষ্টির প্রাণনা উজ্জ্বল উদ্ধারের মধ্যে দিয়েই 'আলোর অধিক' হয়ে ওঠে। জীবনের সব আয়োজনে, পরিশ্রম --- এমনকি প্রতি-কূলতার সারাৎসার নিশ্চিত রয়ে যায় আমায় স্মৃতির মণিকোঠায় — 'আঁধার তোমার স্বত্ব, কিন্তু তাই আলোর অধিক; / তুমি যা অলস হাতে ফেলে দাও, কানাকড়ি মূল্য নেই তার'। (স্মৃতির প্রতি ঃ ১) গদ্যাত্মক উচ্চারণে এসে মেশে 'কানাকড়ি'র মতো অকাব্যিক তুচ্ছ শব্দ; যা স্মৃতির ডালি থেকে মূল্যহীন মুহূর্তগুলিকে ঝরিয়ে দিয়ে যায়। ব্যক্তিসত্তার উন্মোচনের মধ্যে দিয়ে স্মৃতি যে সৃষ্টিতে পরিণত হয় তা ছোট ছোট স্তবক এবং পঙ্‌ক্তিবিন্যাসের সংহতি লাভ করেছে এইভাবে — 'অবিরাম চলে অধঃপাত / বাঁচে শুধু, যা তোমার হাত/চিরকাল মূর্ছার কন্দরে/রেখে দিয়ে, করে উন্মোচন — / রূপান্তর থেকে রূপান্তরে — / পৃথিবীর প্রথম যৌবন।' (স্মৃতির প্রতি ঃ ৩) 'মায়াবনবিহারিনী নিমিত্তচেতন হরিণী'কে লক্ষ্যভেদ করাই শিল্পীর লক্ষ্য। আত্মসৃষ্টিতে নির্ভর বলীয়ান শিল্পী কখনই সারথি-নির্ভর অর্জুন হয়ে নিঃশেষ হতে চায় না; আর সে কথাই ঘনসংবদ্ধ পঙ্‌ক্তিবিন্যাসে সংহতি লাভ করেছে; 'গাণ্ডীবের অবিচ্ছেদ ব্যবসায়ে পূর্ণ থাকে তূণ? / সারথি নিষ্পৃহ যবে, সেইক্ষণে নিঃশেষ অর্জুন।' (শিল্পীর উত্তর) আবেগ আতপ্ত বীজের মতোই নিটোল, পরিপূর্ণ ফলে পরিণত হওয়াই যে শিল্পীর সামর্থ্যের পরিচায়ক তা ফুটে ওঠে চিত্রকল্পের দূরপ্রসারী দ্যোতনায় —

'.... যদি কোনো দূরতর মেঘে/কাটিয়ে কঠিন রাত্রি, একদিন বীজের আবেগ/ফলে, উঠে নিটোল, উজ্জ্বল, পূর্ণ একটি আপেল।' (কবি ঃ তার ক্ষমতার প্রতি) কবি ব্যক্তিসত্তা তথা সৃষ্টি যে আত্ম নিয়ন্ত্রণের অধীন হয়ে উঠেছে তা নানাভাবে স্পষ্ট হয়ে ওঠে। গতানুগতিকতার মাঝে স্মৃতি অন্তরশায়ী কবিসত্তাকে সৃষ্টিসম্ভব করে তোলে — কবির সৃষ্টিশীল সত্তা জাগ্রত, সক্রিয় হতে থাকে স্মৃতির বৃন্ত থেকে ঝরে পড়া সঞ্জীবনী স্তন্যসুধা পান করেই — 'দূতের মতো হাওয়া / সিক্ত করে স্মৃতির স্তনের বৃন্ত — দুধের ফোঁটায়। কিছু না, কেবল হাওয়া; কম্পন, ভঙ্গুর ঢেউ, অথবা প্রমাণহীন/ মনের শিশুর কান্না ঠেলে ওঠে ঘুমের ধোঁয়ায়।' (স্বর) স্মৃতিস্বরূপা স্তনের চিত্রকল্পটি এভাবে কবিসত্তার প্রকাশে হয়ে ওঠে অমোঘ। 'নেশা' কবিতায় পুণ্য, প্রেম, মদিরা — বোদলেয়র-প্রদত্ত নিধানে নিরত থাকতে সচেষ্ট হতে কবির এই উপলব্ধি জাগে — 'তাঁর আজ্ঞা অমোঘ; অথচ দান, জপ, তপ, ব্রত / এ-সবের ক-অক্ষর আশৈশব গোমাংস আমার, / দিগন্তে মিলায় ক্রমে রশ্মিরাগ প্রেমান্ত-সন্ধ্যার; / এবং তন্মাত্র ট্যাঁকে পানপাত্র দূরপরাহত।' 'ক-অক্ষর গোমাংস' এই বাগ্‌ধারার উল্লেখ এবং অচিরেই 'তন্মাত্র'র অব্যবহিত পরে 'ট্যাঁকে'-র উল্লেখ বিদ্রূপের চকিত ঝলক — এসবের অসারতাকেই প্রতিপন্ন করে; শেষ পর্যন্ত কবিতার রস আস্বাদন করতে করতে রসসৃষ্টির নেশায় কবি মাতাল হতে থাকেন। এই পর্বে লেখা 'সমর্পণে'র মতো মগ্ন লিরিকটিতেও কঙ্কাবতী-পর্বের শিথিল এলায়িত বাগবিস্তারের পরিবর্তে এক ধরনের আপেক্ষিক ঘনসংহতি লক্ষনীয়। এখন মননের স্বতন্ত্র আয়তন কবির কল্পনা ও অনুভূতির সঙ্গে যোজিত হয়েছে; 'কিছুই সহজ নয়, কিছুই সহজ নয় আর।' (দায়িত্বের ভার) গতানুগতিক কর্মভারের জাল থেকে মুক্ত হয়ে দেহগত প্রেমের আলিঙ্গনে ধরা দিতে উন্মুখ হন; কিন্তু অচিরেই মনের পরিবর্তে মননের সর্বাতিশায়ী প্রভাবে সত্তার গভীরে 'নূতনতর দুরূহ দায়িত্বে'র ভার অনুভব করেন। এই দায়িত্ব পালনের মধ্যে সত্তার সারাৎসার সমর্পণ করেন লক্ষ্যভেদী পুনরাবৃত্তময় উচ্চারণের মধ্যে দিয়ে ঃ 'কিছুই সহজ নয়, কিছুই সহজ নেই আর।' প্রথম উল্লেখে 'নয়' শব্দটির পরিবর্তে দ্বিতীয় উল্লেখে 'নেই'-এর ব্যবহারে ভাব-কল্পনার সঙ্গে মননের প্রার্থিত সমন্বয় অমোঘ হয়ে ওঠে। 'রাত তিনটের সনেট ঃ ১'-এ 'শুধু তাই পবিত্র, যা ব্যক্তিগত' — এই ঘোষণার পর '....যীশু কি পরোপকারী/ছিলেন, তোমরা ভাবো? না কি যুদ্ধ কোনো সমিতির/মাননীয়, বাচাল, পরিশ্রমী, অশীতির/মোহগ্রস্ত সভাপতি?' এই সংশয়ী গদ্যাত্মক প্রকাশে সুধীন্দ্রনাথের কবিতার ছায়াপাত অনতিপ্রচ্ছন্ন হয়ে ওঠে।

অমিতাভ দাশগুপ্ত, অমিতদা

(জন্ম ঃ ২৫ নভেম্বর, ১৯৩৫, মৃত্যু ঃ ৩০ নভেম্বর, ২০০৭)

দীপঙ্কর ভট্টাচার্য

অধ্যাপক, বাংলা বিভাগ

১

অমিতাভ দাশগুপ্ত চলে গেলেন। কনুই পর্যন্ত গোটানো পাঞ্জাবি, ধবধবে ধুতি আর কাঁধের চিরসঙ্গী ঝোলাটি নামিয়ে রেখে তিনি চলে গেলেন, নির্দ্বিধায়। তেমন স্বাস্থ্যবান ছিলেন না কোনওদিনই। শেষ দু-তিন বছর বড় ক্লান্ত হয়ে পড়ছিলেন। নানা অত্যাচারে বিপর্যস্ত শরীর যে ক্রমশ থাবা বসাতে চাইছে মনের ওপর, বলতেন প্রায়ই। তবু প্রতিস্পর্ধী একটা সাহসী জগৎ বানিয়ে নিয়ে প্রায় দৌড়ে বেরিয়েছেন রোজ। শুয়ে পড়েননি, থামেনি কলমও। মৃত্যুর দুদিন আগে ২৮ নভেম্বরও প্রকাশিত হয়েছে একটি সংবাদপত্রে তাঁর ব্যক্তিগত কলম। দিয়ে গিয়েছিলেন এই সাপ্তাহিক কলম-এর আরও দুটি কিস্তি। যা প্রকাশিত হয়েছে মৃত্যুর পরের দু'সপ্তাহে।

১৯৫৭ সালে কবি অমিতাভ দাশগুপ্তের প্রথম কবিতার বই 'সমুদ্র থেকে আকাশ' প্রকাশিত হয়। এ বই প্রকাশের সঙ্গে সঙ্গেই বছর বাইশের কবি ভিড়ে গেলেন হাজার বছরের প্রবীণ বাংলা কবিতার বহতা-জোয়ারে। ২০০৭-এর ৩০ নভেম্বর পর্যন্ত অবিচ্ছিন্ন সেই কবিতা-যাত্রা। জীবন, দর্শন একাকার করে এক স্বকীয় কবিতা-পথে হেঁটে চলেছেন 'আগুনের নদী'-র কবি।

বাঁধা-ধরা ছক মেলানো জীবনে তাঁর আসক্তি ছিল না কোনও দিনই। কথায় কথায় প্রায়ই বলতেন, 'এমন বিচিত্র কিছু পুরুষ ও রমনীর সঙ্গে এ জীবনে পরিচয় ঘটেছিল আমার, যারা বাঁধা সড়ক ছেড়ে নাম-না-জানা পথ দিয়ে হাঁটতে হাঁটতে আমার অস্তিত্বকে এক সময় তছনছ করে দিয়েছে। ঘুলিয়ে দিয়েছে বাঁচার অনুভূতি।' শক্তি চট্টোপাধ্যায় কি এই কারণেই তাঁর অভিন্ন হৃদয় বন্ধু হয়ে ওঠেন? ঘর ছেড়ে, নিষেধ আছড়ে বারবার পথে বিপথে ছুটেছেন দুই বন্ধু। সাগর-পাহাড়-জঙ্গল তাঁদের অবাধ্য পদচালনায় ত্রস্ত হয়েছে বারবার। অথচ, অমিতাভ চিরকাল আশ্বস্ত থেকেছেন বামপন্থায়। নিজের হৃদয় যতখানি বাঁদিকে, ঠিক ততখানিই বামপন্থায় বিশ্বাসী থেকেছেন।

প্রথম কবিতা বই থেকেই একটা নিজস্ব শৈলী গড়ে নিয়েছিলেন তিনি। আভরণ আর জটিলতার জাল ছিঁড়ে কবিতাকে জ্যান্ত কথায় নিয়ে আসাই বোধহয় অন্যতম লক্ষ্য ছিল তাঁর। সাধারণের মুখের ভাষায় মিশিয়ে দিতে চাইছিলেন কবিতাকে। সেই সাধারণ, যারা প্রতি মুহূর্তে টের পায় খিদের চাবুক, যারা মরিয়া হয়ে ওঠে ছিনিয়ে খাওয়ার জন্য। অথচ, তাঁর কবিতা কখনও জোর করে প্রচারের লাল পতাকা কাঁধে তোলেনি। জীবনাদর্শে তিনি যেমন ছিলেন খাঁটি, তাঁর কবিতাও তেমন খাঁটি কাব্যই হয়ে উঠেছে। যেমন ধরুন 'আগুনের নদী' কবিতাটির কথা। কোথাও প্রগল্‌ভ প্রচার নেই মেহনতি মানুষের, কিন্তু তাদেরই উষ্ণতায় যেন বল পায় কবিতাটি— 'মনে রেখো/তোমাদের এই তকতকে ঘরদোর/নিকানো উঠোন/কুসুমের মতো ছেলেমেয়ে/থালায় থালায় আমনের সুঘ্রাণ/গান স্বপ্ন কবিতা/এই সব কিছুর জন্য/আমরা রেখে এসেছি তাদের/যারা পিঁপড়ের কাছ থেকে শিখেছিল সহিষ্ণুতা/জিরাফের কাছে উচ্চাকাঙ্খা/খরগোশের কাছ থেকে/ঠাণ্ডা রাতকে শায়েস্তা করার নিয়মকানুন/আর/শত্রুর কাছ থেকে ঠিকঠাক ধাতুর ব্যবহার।' আবার, ভিয়েতনামে আগ্রাসী মার্কিন বাহিনীর ছাউনিতে বুকে বারুদ বেঁধে ঝাঁপিয়ে পড়া কিশোরীদের কথা লিখছেন যখন 'বারুদবালিকা'-য় তখন সেই দুঃসাহসী কিশোরীদের মুখচ্ছবিতে ক্রমশ ছায়া ফেলছে আমাদের মাতঙ্গিনী, প্রতিভা-লতিকাদের মুখ। দেশ-কালের গণ্ডি তখন একাকার গহন প্রতিবাদের প্রবল অভিজ্ঞানে। প্রেমের কবিতাতেও একেবারে নিজের ঢঙে কথা বলেন তিনি – 'সেরকম ভালোবাসলে/পাথরও ঝর্ণা হয়ে যায়/আর তুমি তো নারী!' এমন অহংকার বুকে লুকিয়ে যেন সটান চলে গেলেন অমিতদা, আগাম নোটিস ছাড়াই।

২

কেমন মানুষ ছিলেন অমিত দা? উত্তরে বলা যায়, তিনি আদ্যন্ত মানুষ-ই ছিলেন। মনুষ্যত্ব বলতে স্নেহ, মায়া, মমতা, বৎসলতা, শ্রদ্ধা, ঔদার্য, দায়িত্ববোধ ইত্যাদি যেসব গুণের কথা আমরা জানি, অমিতদার মধ্যে সেগুলির এক আশ্চর্য সমন্বয় তো ছিলই, এর সঙ্গে অতিরিক্ত ছিল অকারণ পরোপকারের ব্যস্ততা। কোথায় কে কেমন আছে, কোন প্রত্যন্ত গ্রামে কেউ লিটল ম্যাগ বের করে— কী করে তাকে পরিচিত করা যায়। কোন গরিব ছাত্রের পড়াশোনা বন্ধ হয়ে যাচ্ছে, কোনও গবেষকের প্রয়োজন পুরনো কোনও লেখা, কোনও নতুন কবি বই বের করতে পারছেন না — সবার পাশে নিজেই হাজির অমিতদা। এ সময়ের তরুণ প্রায় সব কবিকেই তিনি চিনতেন। বলে যেতে পারতেন তাঁদের কবিতা।

আমার মতো, না-কবি, না-তাত্ত্বিক, না-বুদ্ধিজীবী নিতান্ত সাধারণের সঙ্গে তাঁর সম্পর্ক সূত্রেও আছে ওই পরোপকারী-উত্তেজনা। প্রায় পনের বছর আগের কথা। সদ্য এম. এ. পাশ করে গবেষণা

শুরু করেছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের তৎকালীন প্রধান অধ্যাপক জ্যোর্তিময় ঘোষের ঘরে রোগা, ক্ষয়াটে চেহারার যে মানুষটি প্রায় বিপরীতধর্মী গম্ভীর গলায় শক্তি চট্টোপাধ্যায় থেকে সুনীল গঙ্গোপাধ্যায়, শঙ্খ ঘোষ বা ভাস্কর চক্রবর্তীর কবিতা বলে যাচ্ছিলেন কথায়-কথায়, তার সম্পর্কে কৌতূহল জেগেছিল ঠিকই, কিন্তু মার্জনা চেয়ে বলছি, তাঁকে তখনও তেমন চিনতাম না কবি হিসেবে ভাবতেও পারিনি। কোন এক বিখ্যাত নাটকে অজিতেশের চরিত্রটি প্রায় অভিনয় করে দেখাতে দেখাতে যিনি পরক্ষণেই বেরিয়ে গেলেন জ্বলন্ত সিগারেট ঠোঁটে চেপে, তিনিই পরিচয় সম্পাদক, কবি অমিতাভ দাশগুপ্ত—জানার পর লজ্জায় মাথা নিচু হয়ে গিয়েছিল আমার। মানুষকে কত আপাত-দর্শনে দেখি আমরা!

ক'দিন পর জীর্ণ, অন্ধ সূর্য সিঁড়ি বেয়ে পৌঁছে গিয়েছিলাম 'পরিচয়'-এর দপ্তরে। সেদিনের কথা বলতেই ফের মজে গেলেন কবিতায়, কী আশ্চর্য স্মৃতি, কী গভীর কণ্ঠস্বর! কথা সাহিত্যিক সরোজকুমার রায়চৌধুরীর উপন্যাস নিয়ে কাজ করছি শুনে প্রায় লাফিয়ে উঠে জড়িয়ে ধরলেন— 'কেউ মনে রাখল না, জানিস। তুই কাজ কর। পরিচয়-এর দরজা খোলা রইল তোর জন্য।' এমন একটা উষ্ণতা ছিল ওঁর কথায়, ভরসা জাগল। দু'দিন পর বিকেল ৪ টেয় আসতে বললেন, আর যাওয়া মাত্র হাতে তুলে দিলেন একটি বইয়ের তালিকা, যেগুলিতে সরোজকুমার বিষয়ে সামান্য হলেও আলোচনা আছে। সরোজকুমারের গ্রন্থ পঞ্জিটিও জোগাড় করে দেবেন জানালেন। অযাচিতভাবেই এতটা প্রাপ্তি মানুষটি সম্পর্কে শ্রদ্ধাবোধ বাড়িয়ে দিল।

তখনও ভাবতে পারিনি, অবিলম্বে তিনি অমিতদা হয়ে যাবেন, গৌতমদার (চলচ্চিত্র পরিচালক গৌতম হালদার) বাগবাজারের বাড়িতে এক-এক সন্ধ্যার নিছক আড্ডায় তাঁর স্মৃতি-সত্তা নিয়ে হয়ে উঠবেন অনিবার্য। উত্তর কলকাতার সঙ্গে তাঁর ছিল নাড়ীর সম্পর্ক। সে কলকাতার বিচিত্র বৈভব অমিতদার মতো আর কাউকে এমন কুড়িয়ে রাখতে আমি দেখিনি। তারাশঙ্কর বা মানিক বন্দ্যোপাধ্যায়কে তিনি মেসোমশায় ডাকতেন। ছুটির দিনে গলি আটকে ক্রিকেট বা ফুটবলে মানিকবাবুকেও কীভাবে সঙ্গী করে নিয়েছেন, শেষ বয়সে কী ভয়ংকর অসহায়তা ছিল মানিক বন্দ্যোপাধ্যায়ের — এসবই অমিতদা সিনেমার মতো বলে চলতেন। সঙ্গীত, নাটক, সংস্কৃতি জগতের বাঘা-বাঘা মানুষদের সঙ্গে নাদান আমিও সে সব অবাক হয়ে শুনতাম গৌতমদার ঘরে পাতা মোটা শতরঞ্জির ওপর বসে।

পরোপকারকে জীবনের ব্রত বলে জানতেন তিনি। বইমেলায় কোনও লিটিল ম্যাগ ঠিকমতো জায়গা পাচ্ছে না, কোনও পত্রিকা অপমানিত হয়েছে কর্তৃপক্ষের আচরণে, — সর্বত্র অবাক অমিতদা। অধ্যাপক পবিত্র সরকার সেদিন বলছিলেন, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির সদস্য হিসেবে প্রায় প্রতিটি সভায় অমিতাভ জোরালো দাবি তুলতেন, নতুন কবিদের বই ছাপতে হবে বাংলা আকাদেমিকে। তরুণ কবিদের এই স্বীকৃতি দানকেও নিজের দায় বলে মানতেন।



৩

শুধু কি কবি? অমিতদা ছিলেন এ সময়ে একজন সফল সম্পাদক, ঔপন্যাসিক, গদ্যকারও। ভাবতে অবাক লাগে, কী ইস্পাত কঠিন, দৃঢ়তায় তিনি 'পরিচয়'-এর অসাধারণ সব সংখ্যা নির্মাণ করেছেন। অন্য গদ্যের কথা বাদ দিয়েও গত পনেরো বছর ধরে 'সংবাদ প্রতিদিন' -এর পাতায় প্রতি বুধবার প্রকাশিত তাঁর কলম্ যাঁরা পড়েছেন তাঁরা জানেন, বাংলা গদ্যের কী ভীষণ দরদী শিল্পী ছিলেন তিনি। দেশি, বিদেশি নানা শব্দের আশ্চর্য প্রয়োগ তাঁর গদ্যকে ক্রমশ অনর্গল করে তুলছিল। ব্যক্তিগত স্মৃতির পথ ধরে এগিয়ে চলা সে গদ্যের ছিল দুটি মুখ। একদিকে সে ফিরিয়ে দিত পুরনো ঐশ্বর্য, অন্যদিকে জারিত করত, উস্‌কে দিত গদ্যের নতুন বৈভব।

কেমন সে বৈভব? বেশি দূরে যাচ্ছি না। মৃত্যুর চারদিন পর ৫ ডিসেম্বর '০৭ 'সংবাদ প্রতিদিন'-এ প্রকাশিত লেখাটি এখনও টাটকা হয়ে আছে। ১৯৬১-৬২ নাগাদ জলপাইগুড়িতে কলেজে চাকরি নিয়ে চলে গেছেন অমিতদা। থাকতেন স্টেশন লাগোয়া ওয়েসিস নামক হোটেলের এক অপরিচ্ছন্ন ঘরে। পিছনের ঘরেই থাকতেন ওই কলেজেরই তরুণ অঙ্ক শিক্ষক শুভব্রত। অঙ্কের শিক্ষক শুভব্রত, কিন্তু হোটেলের ঘরে তাঁর নড়বড়ে টেবিলে সাজানো থাকত সমুদ্রবিদ্যা, সম্মোহন, বজ্রযোগিনী কথা, মায়াবী রুমাল ইত্যাদি বই। গীতার সাংখ্যযোগের পঙ্‌ক্তি তিনি উচ্চারণ করে যেতেন ধূপ জ্বেলে। কলকাতার সমস্ত শ্মশানের ডোমেদের সঙ্গে দহরম ছিল শুভব্রতর। নিষ্কাম কর্ম সাধনা ও যোগিনীতন্ত্রের তত্ত্বকে মেলাতে চাইতেন তিনি। একেবারে ভিন্ন মেজাজের শুভব্রত অমিতদাকে বড় আকর্ষণ করতেন। অমিতদা লিখছেন, 'ওর অনুচ্চারিত গলায় আমি যেন শুনতে পেতাম কপালকুণ্ডলা উপন্যাসে নবকুমারের প্রতি জটা-জুটধারী কাপালিকের অমোঘ ডাক — মামনুসর। ওই নৈঃশব্দের তর্জনি অনুসরণ করে আমি কতবার চলে গিয়েছি চিনেপাড়ার আণ্ডারগ্রাউণ্ডে তীব্র নীল ধোঁয়ায় আচ্ছন্ন চণ্ডুর আখড়ায়, ঘুটিয়ারি শরিফের অনামা গোরস্থানে, তারাপীঠের মুথা ঘাসভরা প্রান্তরে .... কেওড়াতলা সমেত সবকটি শ্মশানে। ..... যে পাড়ায় রাতে লোক বেড়ে ওঠে, সেখানে মাসে দু-একবার হৃত যৌবনা মধ্যবয়সিনীর সঙ্গ করত শুভব্রত। ব্রাহ্মণ্যবোধ ছিল তার টনটনে। ..... শুভব্রত মহিলাটির ঘরে ঢোকার আগে আমার কাছে নির্ভুলভাবে গচ্ছিত রেখে যেতে তার ধবধবে কাচা পৈতেটি। ..... মধ্যরাতের পর ফিরে আসত শুভব্রত। তারপর, কোনও কথা না বলে তার পেছনে ধীর কদমে হাঁটতে থাকতাম।' এমন বিচিত্র স্বভাবের শুভব্রত একদিন হঠাৎ উধাও হয়ে গেলেন। 'বিশ বছর বাদে ডুয়ার্সে বেড়াতে গিয়েছিলাম। হঠাৎ সেখানে জয়ন্তী পাহাড়ের কোলে তার সঙ্গে দেখা। মাথায় বাঁকানো নেপালি টুপি, সঙ্গিনী এক

নেপালি রমনী এক খুপরিতে দাঁড়িয়ে তৃষ্ণার্তদের কমলালেবুর চোলাই মদ বিক্রি করছিল। দূর থেকে তাকে অনেকক্ষণ দেখে এক অহস্য কষ্ট বুকে ফের রাস্তায় গর্জাতে থাকা জিপের দিকে পেছন ফিরেছিলাম আমি।' এমন অননুকরণীয় গদ্য অমিতদা লিখে গেছেন রোজ। বলা কথা তো বটেই, তাঁর না বলা কথাও ওই শেষ বাক্যে কী প্রবল ব্যঞ্জনা নির্মাণ করে পাঠক মাত্রই অনুভব করতে পারবেন।

'সংবাদ প্রতিদিন'-এর সম্পাদকীয় পৃষ্ঠায় একেবারে শুরু থেকে টানা ১৫ বছর ধরে বহমান তাঁর কলম বোধহয় সাধারণ পাঠকের সঙ্গে অমিতদাকে সর্বাধিক ঘনিষ্ঠ করে তুলেছিল। প্রায় প্রতি সপ্তাহেই দেশের বিভিন্ন প্রান্তের পাঠকের চিঠি ছাপা হত 'ভালো আছ কলকাতা?' নামে ওই কলম পাঠের প্রতিক্রিয়া সম্পর্কিত।

কলকাতাকে তাঁর শৈশব, কৈশোর, যৌবন, প্রৌঢ়ত্বের নিবিষ্ট সাক্ষী করে তুলেছিলেন অমিতদা। শুধু নাম মাত্র নয়, তাঁর কলকাতা হয়ে উঠেছিল একটা ডাক, যা উত্তর থেকে দক্ষিণ, পুব-পশ্চিম এফোড় ওফোড় করে ছড়িয়ে পড়ত আরও দূরান্তে। সে কলকাতার অনুষঙ্গে কখনও আছড়ে পড়ত উচ্চাঙ্গ সঙ্গীতের মূর্ছনা, পিটসিগার থেকে ব্যাণ্ড মাস্টার তুষার রায়, শক্তি চট্টোপাধ্যায় থেকে ভাস্কর চক্রবর্তী, নিষিদ্ধ নেশা থেকে কবিতার মুক্ত হাওয়া, অজিতেশ বন্দ্যোপাধ্যায় থেকে কেয়া চক্রবর্তী, নট-নাট্যকার মহেন্দ্র গুপ্ত (সম্পর্কে তাঁর মামা) কিংবা প্রভা দেবী। উত্তর কলকাতার বাবু কালচার, রূপচাঁদ পক্ষীর আড্ডা, শীল-দত্ত-মল্লিক মিত্তিক বাড়ির বনেদিয়ানার জৌলুস, 'লাখ টাকা দিয়ে পোষা বাঁদরের বিয়ে দেওয়া, প্রতিদিন বিকেলে বাবুদের বাড়ির ছাদ থেকে পায়রা ওড়ানো — যে সবের অস্তরাগ একেবারে শৈশবে আমারই দেখাশোনা' — লিখেছেন অমিতদা। আর এসবের ফাঁক গলে হঠাৎ-হঠাৎ এসে পড়তেন শুভব্রত, স্কটিস চার্চ কলেজে তাঁর সহপাঠী নওলকিশোর ওরফে কচি, তরু বৌদি। অথবা সেই গা-ভরা যুবতী তাঁর বন্ধুর দিদি, যাকে দেখে কিশোর অমিতাভ প্রথম প্রেমে পড়েছিলেন! যে বাদাম খেতে খেতে কিশোর অমিতাভের গালে ঠোনা মেরে বলেছিল, 'তুই না আমায় দিদি বলে ডাকিস?' আর হাতে গুঁজে দিয়েছিল কয়েকটা বাদাম।

সেদিন আপনি ভালো ছিলেন না অমিতদা, আজ আমরা, আপনার কলকাতা ভালো নেই।

'উলগুলান'-এর পরে

জয়িতা দত্ত
অধ্যাপিকা, বাংলা বিভাগ

ঘন ধূসর মেঘের গায়ে আগাম বর্ষণের পূর্বাভাষ লেখা থাকে। তখন থেকেই শুরু প্রহরগণনা। স্পন্দিত ঘনিষ্ঠ কতকগুলো নিরবলম্ব মুহূর্তের অতিক্রান্ত হবার অপেক্ষা। জমাট বাঁধা বৃষ্টিবিন্দু অক্লান্ত প্রস্রবণ হয়ে এরপর ভিজিয়ে দেবে মেদুর ধরণীকে। আর মেঘ থেকে বর্ষণ কিংবা বর্ষণ থেকে মেঘের এমন নিয়ত, এমন অবিরত আসা যাওয়ার সাক্ষী হয়ে থাকবে চরাচর। আসলে সাক্ষী হয়ে থাকাটাই চরাচরের ভবিতব্য। সেই ভবিতব্য নিয়েই একদিন তমসাময়ী আরণ্যক চাক্ষুষ করেছিল মহর্ষি থেকে মহাকবিতে রূপান্তরীভবনের এক দুর্লভ মুহূর্ত। দেখেছিল ব্রহ্মজ্ঞ তপস্বীর ললাটে শাশ্বতীর আগমন, ...'সহসা ললাটভাগে জ্যোতির্ময়ী কন্যা জাগে জাগিল বিজুরি যেন নীল নবঘনে।' আর শুনেছিল এক অশ্রুতপূর্ব সৃষ্টিসুখের উল্লাস। অরণ্য পত্র-মর্মরে ধ্বনিত হচ্ছিল আদিতম শ্লোকের রাগিণী। বনজ্যোৎস্নার ফুটফুটে আলোয় সেজে সঙ্গীতের আলাপনে, মূর্চ্ছনায় মাতাল চরাচর তবু ভোলেনি 'শোক'কে। মৃত এক পক্ষীনারীর দেহকে ঘিরে তুচ্ছ এক পুরুষপাখীর আর্তনাদ। আর ভোলেনি বলেই উন্মুখ দৃষ্টি মেলে খুঁজে বেড়িয়েছে সেই বিভীষণ হৃদয় নিষাদটিকে — যুগবাহিত অন্ধকার বুকে নিয়ে যার দু'চোখ শুধু মৃত্যু-মহোৎসবে বেঁচে থাকবার খোরাক খোঁজে। হতশ্রী, ঘৃণ্য নেপথ্যচারী ঐ জল্লাদ! তবু কোথায় যেন নিষাদ অনুসন্ধানের অন্য কোনো তাগিদ থাকে। কোনো আন্তর প্রেরণা। জল্লাদই না হয় হল, তবু তার শরনিক্ষেপের অনিবার্য অংশিদারিত্ব ছাড়া সৃষ্টির প্রথম অঙ্কুর আকাশ কুসুম চয়ন করত কেমন করে? নিঃশব্দ চরাচরের চোখ দু'টি খোলা। নিষাদের খোঁজ ও পাবেই।

খুঁজতে গিয়ে ঘুরতে হল তামাম ভারতবর্ষ। পৌঁছে যেতে হল কোন সুদূর প্রাগার্য-অতীতে। প্রাক-দ্রাবিড় জনগোষ্ঠী যাদের ডাকা হত প্রোটো-অস্ট্রোলয়েড বলে সে-ই তাদের মধ্যে কিংবা তার কিছু পরে দ্রাবিড় অথবা আলপীয় অবৈদিক ভাষাভাষীদের ভেতর। অনার্য নৃতাত্ত্বিক বুনিয়াদের অণু-পরমাণু জুড়ে ছড়িয়ে আছে এসব রক্তবীজ নিষাদের দল। খুঁজে পেয়েছে চরাচর। আর স্তম্ভিত হয়ে গেছে ওদের বেপথু ইতিহাসের নিয়তি দেখে। সিন্ধু-উপত্যকার আনাচে-কানাচে, চাঁদ-সূর্যের জোয়ার ভাটায় দুলতে থাকা, খেলতে থাকা, ভাসতে থাকা অবাধ নিষ্কলঙ্ক, অকপট জীবনগুলো পঞ্চনদকেন্দ্রিক আর্য সভ্যতার অতর্কিত ধাক্কায় কেমন 'নিষাদ' বনে গেছে। অপরাহ্নের ছায়া ঘনায়িত মেঘে মেঘে, ডাল ও ঝুড়ির অরণ্যানীতে, শৈলশ্রেণীর লালচে চূড়ায়, হেলে পড়া হলদে রোদ মেখে প্রাচীন বটের মৌনতায়, গুপ্ত গিরিগুহায়, চূর্ণায়মান অস্থিকঙ্কাল রেখায় লেখা আছে সে ইতিহাস। অনার্য আদিম জাতির আর্য-আবহাওয়ায় 'ভিলেন' হয়ে ওঠবার অজ্ঞাতপূর্ব সব নথি। দোবরু পান্নার রাজ সমাধির পাশে দাঁড়িয়ে সত্যচরণ এমনটাই দেখেছিল। দেখেছিল সর্বব্যাপী শাশ্বত কালের পেছন দিককার অন্য এক অভিজ্ঞতার জগৎ।

তবু দেখলেই যে সেই নতুন অভিজ্ঞতার প্রচারক কিংবা প্রভাষক হতে হবে এমন কথা কে বলেছে! অভিজ্ঞতার ভাঙাচোরা, নির্মাণ-বিনির্মাণ তো অহংবান আধুনিক মানুষের জীবনদৃক্ষারই অনিবার্য ধর্ম! কিন্তু সংস্কৃতির তথা উপলব্ধির হাইব্রিডিটির স্রোতে গা ভাসিয়ে সময় বুঝে নিরঙ্কুশ 'আম-জনতা' হয়ে ওঠবার প্রবণতাও কি তার অধুনা জীবনের আবশ্যিক পরিণাম নয়? ফলে পোড় খাওয়া মানুষ এসে পৌঁছোয় একটা নেগোসিয়েশনে। দরকষাকষি করতে করতে, অভিজ্ঞতার সোঁতে-সেঁউতিতে ঠেকতে ঠেকতে শেষ পর্যন্ত পক্ষপাতহীন সমঝোতার 'ধরি মাছ না ছুঁই পানি' গোছের সীমা তাকে টানতেই হয়। কারণ, কোনটা ঠিক কোনটা ভুল, কোনটা সত্যি কোনটা মিথ্যে .... কোনটা সাদা আর কোনটা কালো — এ নিয়ে এতদিনকার ছকবন্দি সিদ্ধান্তগুলোকে সহসা বদলে ফেলা অসম্ভব। তাই এই সমঝোতা। তাই দুনিয়া জুড়ে আর সাদা বা কালো নয় .... আদ্যন্ত ধূসরের রাজত্ব। একই সত্তার গভীরে থিসিস আর অ্যান্টিথিসিসের বহাল তবিয়তে টিকে থাকা। লবটুলিয়া আর নাড়া বইহারের সীমানা পার হয়ে মহালিখারূপ পাহাড়ের প্রেমকে পেছনে ফেলে সত্যচরণ তাই একসময় খাপ খাইয়ে নিতে বাধ্য হয় তাঁর পুনঃপ্রত্যাবৃত শহরে। '..... কতকাল তাহাদের আর খবর রাখি না' বলে আপাতত মুখবন্ধ করে স্মৃতির ঝাঁপি। আর 'একবার ক্ষণিকের জন্য আবিষ্কৃত হয়ে তেলেনাপোতা আবার চিরন্তন রাত্রির অতল তলায় নিমগ্ন হয়ে যায়। যামিনীর প্রতি কথকের বিশ্বাসঘাতকতায় মুখর হয়ে উঠতে পারে অনুভবীর মন। তবু একই জায়গায়, মহানগরের সেই জনাকীর্ণ আলো ঝরা রাজপথের মোহময় চৌরাস্তায় দাঁড়িয়ে সে অনুভবীও কি ঐ কথকের মত একই বর্গে সামিল হবেন না? সময়ের সাগরে ক্ষণিকের শিশির বিন্দুর বুদ্‌বুদ্ হয়ে মেলাতে কতক্ষণই বা লাগে! আর না লেগেই বা উপায় কী। শেষ পর্যন্ত তো সত্যি হবেই—

> নীড় ভেঙে অন্ধকারে এই মৌন যৌথ মন্ত্রণার
> মালিন্য এড়ায়ে উৎচক্রা হতে ভয়
> পাই। সিন্ধুশব্দ বায়ুশব্দ রৌদ্রশব্দ রক্তশব্দ মৃত্যুশব্দ এসে
> ভয়াবহ ডাইনীর মতো নাচে — ভয় পাই — গুহায় লুকাই।
> (ইতিহাস যান/জীবনানন্দ দাস)

হয়ত এমন ভাবনা নিয়েই লেখা হয়েছিল বাল্মীকি রামায়ণ। আর্ষ মহাকাব্য। ধীরোদাত্ত নরকুলচন্দ্রমা নায়ক আর মদগর্বী পৈশাচিক প্রতিনায়কের কাঠামো তাঁরই হাতে গড়া। তবু বাল্মীকি মহাকবি তো। নায়ক আর প্রতিনায়ককে ভিন্ন ভিন্ন কোটায় রেখে, সম্পূর্ণ বিপরীতধর্মী

ব্যবহার এবং কর্মের সঙ্গে জুড়ে দিয়েও কোথায় যেন প্রশ্নচিহ্ন ছুঁইয়ে রাখলেন কবি। ধন্দে পড়ে যাবার মত প্রশ্নচিহ্ন একেবারে মূলের সংজ্ঞাকেই কটাক্ষ করল। সত্যিই কি 'নায়ক' হতে পারবার যোগ্যতা আছে রামচন্দ্রের! তা যদি থাকে তবে দশাননের দোষটি কোথায়? না কি নায়ক আর প্রতিনায়ক বলে আলাদা কিছু হয় না—সব নিয়েই সেই সর্ষে-ভূতের কারবার — সেই ধূসর অস্তিত্বের টিকে থাকা।

বাল্মীকি বিবৃতি দেননি — কারো পক্ষ ধরেন নি — শুধু উস্‌কে দিয়েছেন কিছু প্রশ্ন। শুধু চাক্ষুস করিয়েছেন সীতাতুল্য পত্নীকে পরিত্যাগ করে কেমন করে রামচন্দ্র দাম্পত্য বিচ্ছেদকে প্রথম আইনাযুগ করলেন। যার জন্য এই ত্রিভুবন-উৎসারী যুদ্ধ, যার অদর্শনে দাশরথীর মৃত্যুতুল্য মানসিক যন্ত্রণা ভোগ সেই রামচন্দ্র দীর্ঘদিনের অদর্শনের পর যখন সীতাকে দেখলেন তখন ভেতরে ভেতরে জ্বলে গেলেন। বাইরে স্থিতকণ্ঠ, স্থিতপ্রজ্ঞ, নিরাসক্ত — আর ভেতরে ঝড়। বললেন 'যুদ্ধ করে সে জয়লাভ করেছি সে তোমার জন্য নয়' — ন ত্বদর্থং ময়া কৃতঃ। আশ্চর্য! তবে কার জন্য? নিজের বিখ্যাত বংশের কলঙ্কমোচনের জন্য, আপন শৌর্য প্রমাণের জন্য। তবে ঢের হয়েছে, আর নয়। জাহ্নবীর চরিত্রে রামচন্দ্রের সন্দেহ জন্মে গেছে। পরগৃহে বাস করেছে যে নারী, যে নারী রাবণের অঙ্ককলঙ্কিতা, তার দুষ্ট দৃষ্টিতে দূষিতা, কোনো সদ্বংশজাত তেজস্বী পুরুষ পুনর্বার তাকে গ্রহণ করতে পারে কি? তার ওপর রয়েছে সীতা সম্পর্কে রামচন্দ্রের সন্তানতুল্য প্রজাদের ভাবভঙ্গিতেও সন্দেহের খচখচানি। অতএব, ... যাও বৈদেহি, তুমি মুক্ত। .... 'গচ্ছ বৈদেহি মুক্তা ত্বং যৎ কার্যং তন্ময়া কৃতম।' আমার যা করার ছিল সব করেছি। এখন তোমাতে আমার কোন আসক্তি নেই। যেখানে ইচ্ছে চলে যাও। .....

যদর্থং নির্জিতা মে ত্বং সোদুমাসাদি ময়া।
নাস্তি মে ত্বব্যভিষ্বঙ্গো যথেষ্টং গম্যতামিতি।।

ফলে সীতা চললেন অগ্নিগর্ভে। শাস্ত্র বলে এই অগ্নিযাত্রা আসলে নিজের সাধীত্ব প্রমাণের পরীক্ষা। বলে, এ হল সত্যক্রিয়া। কিন্তু সীতা হয়ত আত্মহনন করতেই চেয়েছিলেন। কী লাভ বেঁচে থেকে! কী আছে জীবনে! মধ্যিখানের দীর্ঘ প্রতীক্ষিত কতকগুলো বছরের প্রলম্বিত স্মৃতিপুঞ্জ ছাড়া! ধরিত্রীকন্যা সীতা সরে যাচ্ছেন রামের জীবন থেকে .... যেতে বাধ্য হচ্ছেন। যেমন করে যেতে বাধ্য হয়েছিল ওরা। ঐ যে ভারতবর্ষের আদিম অনার্য ক্ষেত্র সম্ভূতরা। আর্যের পরাক্রমে, দম্ভে, কৌশলী চাপে। সীতার দীর্ঘশ্বাস মিশে আছে দণ্ডাকারণ্যের নিকষ শর্বরীতে। আর আদিম মানুষের কান্না ঝরে পড়েছিল সাঁওতালি গানে ঃ

চাম্পা গড় দ লিলিবিচি
বাদোলী কঁয়ডা লিখন-গড়হন
দায়াগে চাম্পা বাদোলী কঁয়ডা
দায়া গে গাড় বো দাঁগিয়ক্ কান।

অর্থাৎ— চাম্পা গড় নানারঙের নমুনায় চিত্রিত
বাদোলী কঁয়ডা জীবজন্তুর নকশায় পূর্ণ।
বড় দুঃখে চাম্পা বাঁদোলী কঁয় ডাকে
বড় দুঃখে গড় ছেড়ে যেতে হচ্ছে।

স্মৃতির কোটরে হাহাকার করে ফিরতে লাগল — দিনগুলি মোর সোনার খাঁচায় রইল না। "সোনার খাঁচা" কেন, কোনো খাঁচাই নেই। আশ্রয় নেই, ছাদ নেই। ফলে ওরা কখনও অরণ্যের আড়ালে আবডালে ঘুরতে থাকা নিষাদ তো কখনও বাজিকর। বাল্মীকির আদি শ্লোক জাগরুক ব্যক্তিত্ব হয়ত আজকের অভিজিৎ সেনদের উপন্যাসে 'রঘু চণ্ডালের হাড়' নিয়ে খেলা দেখায়। ঘর নেই বলে দুনিয়া জুড়ে ওদের নিবাস। গোরখপুর থেকে রাজমহল। সেখানে থেকে মণিহারিহাট, হরিশ্চন্দ্রপুর, সামামি হয়ে মালদা। পূর্বে আর ও পূর্বে ..... পূর্ব পুরুষদের শুভ সংস্কারকে মাথায় রেখে ক্রমশ সূর্য উদয়াচলমুখী পূর্বের দিকে ওদের অভিযাত্রা। তবু তাতেও বাধা। মার খেয়ে তাই সরতে হল দ্রুত পশ্চিমে। সমাজের 'মেইন স্ট্রিম'-এর বিচ্ছিন্ন ব্যক্তিদের মত এদেরও বাসনায় প্রবল হয়ে উঠতে থাকে একটি স্থায়ী ঠিকানার স্বাদ। থিতু হয়ে বসা। সমাজের মূলধারায় মিশে যাওয়া। কিন্তু সে কি করে সম্ভব! কে বসে আছে ওদের দলে নেবার জন্য! ঘর হয়ত একটা পেলেও পেতে পারে— কিন্তু মর্যাদাহীন সেই ঘরে থেকে স্বাধীনতার সুখ কি মিলবে? না, তা মিলবে না। ক্ষমতাবান সামাজিকদের কবজায় নিষ্পেষিত হওয়াই ওদের পরিণতি হবে। মজার ব্যাপার হল অতিক্রান্ত সময়ের নকশায় দিনবদলের ছাঁদটুকুই শুধু বদলায় — কিংবা বদলানোর অভিনয় করে — আসলে যে-কে-সেই। দিন যেমন ছিল তেমনই আছে। সেই কোন্ দূরবিলীন আর্যভাষ্যে— ঋগ্‌বেদে, সংহিতায়, ব্রাহ্মণে পোঁতা হয়ে আছে আজকের বিদ্বেষের বিষ।

ইন্দ্র জহি পুমাংসং যাতুধানমুত স্প্রিয়ং মায়য়া শাশদাণাম্
বিগ্রীবাসো মূরদেবা ক্রদন্ত মাতে দৃশনং সূর্য্যমুচ্চবন্ধ্যা।।

(ঋগ্বেদ ৭/১০৪/২৪)

(হে ইন্দ্র! পুরুষ যাদুকর ও কপট মায়াবিনী ঐন্দ্রজালিক নারীগণকে বধ কর, ঐ মূল দেবগণ ছিন্নমস্তক হয়ে বিনষ্ট হোক, সূর্যোদয় দর্শন যেন ওদের ভাগ্যে না ঘটে)

পরাশৃণীহি তপসা যাতুধনান্
পরাগ্নে রক্ষো হরসা শৃণীহি।
পরিচর্যা মূরদেবাঞ্জুণীহি
পরাশুতৃপো অভি শোশুচানঃ।।

(ঋগ্বেদ ১০/৮৭/১৪)

(হে অগ্নিদেবতা! তুমি তোমার অতি তাপের দ্বারা যাদুকরণকে ছিন্ন করো, অতি তেজের দ্বারা রাক্ষসগণকে ছিন্ন করো। অতি কিরণ জাল দ্বারা মূর-দেবগণকে ছিন্ন করো। তোমার আত্মতৃপ্তিদায়ক শক্তির দ্বারা আমাদিগকে রক্ষা করো।)

হ্যাঁ, অগ্নি, ইন্দ্র প্রমুখ শ্রেষ্ঠ দেবগণ শ্রেষ্ঠ মানবের প্রার্থনা শুনেছেন। আর্য সভ্যতার ব্রাহ্মক্ষণে অপরের ধ্বংসের জমিতে



নিজেদের সার্থকতার বীজবপন শাস্ত্রানুমোদিত হয়েছে। ফলে মার্কস এঙ্গেলসরা একালে যতই আস্ফালন করুন না কেন — শোষক শোষিতে, তথা কলোনিয়াল-কলোনাইজডের আবহমান বনেদি বিচ্ছিন্নতাকামী ভাবনার মূলোৎপাটন অত সস্তা নয়। আর্য-অনার্যে, ধনী-দরিদ্রে, ব্রাহ্মণ-শূদ্রে এবং পুরুষ ও নারীতে থাকে-থাকে, স্তরে-স্তরে, শোণিতে শোণিতে মুদ্রিত হয়ে গেছে বিজয়ী-বিজিতের জয়-পরাজয়ের কনসেপ্ট। কিন্তু অন্য একটা বার্তা আসছে, একটা ভয় জাগানো বার্তা ঐ নিষাদ, সাঁওতাল, বাজিকরদের কাছে থেকে। ওরা দল বাঁধছে। চাপা গুঞ্জন শুরু হয়েছিল আগেই — যখন ওরা বলছিল রাম-লক্ষ্মণের দলে নয়, তারা আছে রাবণের সঙ্গে। কারণ—

রামগে দয় আতরাদা দিসমদ
লক্ষ্মণগে দয় জুঁড়িয়া দা দিসমদ
দেশ দরে ল লাটিচ এন হো
দিসম দরে হাসা ডিগিরেণ।

অর্থাৎ— রামই দেশ পুড়িয়ে দিল
লক্ষ্মণই দেশে আগুন লাগাল
দেশ পুড়ে ছারখার হল
দেশ ধ্বংস হল।

ধ্বংস হল স্বর্ণলঙ্কা। রাবণের দেশ। 'পাবকশিখারূপিণী জানকী যত নষ্টের গোড়া। নয়ত বোন সূর্পণখার সম্মানরক্ষা কি অন্যায়! লোকটার তেজ ছিল, উদ্যম ছিল। নারীর রূপে পদস্খলন কোন্ নায়কের না হয়েছে — রঘুবংশের ঐ চার দশরথ নন্দন ছাড়া! আসলে রাবণ সীতাকে জড়িয়ে ভিলেন হয়ে গেলেন উজ্জ্বল, প্রশস্ত, গণ সমর্থনের অভাবে। আর রামচন্দ্র সীতা বিসর্জনের মত মহাপাপকর্ম করেও নায়ক হয়ে রইলেন চোখ বুলোনো 'লোকরঞ্জক' ছদ্মবেশ ধারণের কারণে। ফলে সেই রামচন্দ্রের দেশে, সেই আর্য-আধিপত্যে, সেই লোক-ঠকানো জাঁকালো বৈদিক গাম্ভীর্যের মধ্যে কোনক্রমে হীনমন্য সংস্কৃতি নিয়ে টিকে থাকা। এ কতদিন সয়? ফলে দেশ-দুনিয়া-প্রশাসন বদলের সঙ্গে সঙ্গে দ্রুত বদলে যেতে লাগল এরাও। এইসব কথা না বলা, অজাত-কুজাত, ধর্মহীন, গৃহহীন মানুষগুলো। কেমন নির্বিকার প্রত্যাখ্যান করতে শিখেছে ওরা সভ্যজনজীবনকে। নিজের মত করে ব্যাখ্যা করে ভেঙে চুরে দিচ্ছে আধুনিক রাজনীতির প্যাঁচ-পয়জার। দেবেশ রায়ের তিস্তাপারের মানুষগুলো যেমন। যেমন তাঁর 'মাদারির মা'। যার কাছে সব প্রলোভন অবান্তর — "এই জাতীয় সড়ক, এই সড়ক দিয়ে প্রতিদিন যাতায়াত করা ভারতবর্ষ, ঐ নদী, ঐ ব্যারেজ, ঐ বন্যা।"

'মাদারির মা ভারতবর্ষের প্রায় আশি কোটি মানুষের মধ্যে সেই ছ-সাত কোটির একজন যারা বনের পশুর নিয়মে বাঁচে।' দারিদ্র্যসীমা, পশ্চাদ্‌পদ অংশ নিম্নবর্গ-কল্যাণ সমিতি হ্যানা-ত্যানা শব্দ কিংবা প্রকল্প ওকে বা ওদের আদৌ ছোঁয় না। যেমন ঐ বাঘাড়ু। নির্লিপ্ত ঔদাসীন্যে ও প্রত্যাখ্যান করে সব নদীবন্ধন, ব্যারেজ, নতুন অর্থনীতির মিথ্যে স্বপ্ন, অভিনব উৎপাদনের বাগাড়ম্বর। কারণ বাঘাড়ুদের কোনো অর্থনীতি নেই। উৎপাদন নেই। সভ্য সমাজের হঠাৎ উথ্‌লে ওঠা আবেগ তাড়নায় আশার ছলনে ভোলা নেই। ও সব ভুল বোঝাবুঝির দিন শেষ হয়ে গেছে। এখন শুধু উল্‌গুলান আর উল্‌গুলান। শালগাছে অবিশ্রাম অবিরাম ফুল ফোটার মত এখন শুধু যুদ্ধ — অধিকার ছিনিয়ে নেওয়া— নিজেদের অরণ্যের অধিকার। তবু অপেক্ষা করে দিগন্তলীন চরাচর। ভেজা জমির সোঁদা গন্ধ বুকে নিয়ে তবু অপেক্ষা করে এ যুদ্ধ অবসনের। আর যুদ্ধশেষে শান্ত অমলিন জ্যোৎস্না মাখা সন্ধ্যায় নায়ক-প্রতিনায়কের তথাকথিত সংজ্ঞালোপের মিলন মহোৎসবে সামিল হবার।

রক্তকরবীর নামকরণ প্রসঙ্গে কিছু কথা

মলয় রক্ষিত
অধ্যাপক, বাংলা বিভাগ

'রক্তকরবী' নাটকের নামকরণ কীভাবে হলো, বিষয়টি কৌতূহল-জনক। পাঠক-সমালোচক মহলে এখনও পর্যন্ত নাটকটি সম্পর্কে এরকম ধারণা আছে যে, গোড়াতে এর নাম ছিল 'যক্ষপুরী' বা 'নন্দিনী', পরে এই নাটকটির নাম হয় 'রক্তকরবী'। ড. প্রণয়কুমার কুণ্ডু এ বিষয়ে খুব সুন্দর একটি কথা বলেছেন— 'যাঁরা একটু বেশি আগ্রহী ও অনুসন্ধিৎসু, তাঁরা প্রসঙ্গক্রমে জেনেছেন যে গোড়াতে নাটকটির নাম ছিল 'যক্ষপুরী', পরে 'নন্দিনী'। এর বেশি তথ্য আমাদের সামনে কখনো কেউ তুলে ধরতে চেষ্টা করেননি।' (রক্তকরবী ঃ পাণ্ডুলিপি সংবলিত সংস্করণ) বহুদিন পর্যন্ত এই প্রসঙ্গটি অনালোকিত ছিল একথা ঠিক। যতদূর জানতে পারি, এ বিষয়ে প্রথম আলোকপাত করেন অধ্যাপক শিবব্রত চট্টোপাধ্যায় তার লেখা 'ইংরেজিতে রক্তকরবী ঃ কিছু তথ্য কিছু অনুমান' প্রবন্ধে। ('প্রমা', চতুর্থ সংখ্যা, কলকাতা, ১৯৯৬)। রবীন্দ্রনাথ নাটকটি প্রথম রচনা-সময় থেকে শুরু করে প্রকাশের আগে পর্যন্ত অন্ততপক্ষে দশটি পাণ্ডুলিপি প্রস্তুত করেন। এই পাণ্ডুলিপিগুলি অনুসন্ধান করলে দেখা যায় নাটকটির নাম কোনো সময়ের জন্যই 'যক্ষপুরী' ছিল না। প্রাপ্ত পাণ্ডুলিপিগুলির প্রথম তিনটি, ষষ্ঠ ও সপ্তম খসড়ার কোনো নামকরণ তিনি করেননি। চতুর্থ ও পঞ্চম খসড়ার নাম ছিল 'নন্দিনী'। অষ্টম খসড়া থেকে নাটকটির চূড়ান্ত এবং স্থায়ী নামকরণ হয় — 'রক্তকরবী'।

তথ্য যদি একথাই বলে, তাহলে নাটকটির নাম যে 'যক্ষপুরী' ছিল, এ ধারণা পাঠক-সমালোচক মহলে বদ্ধমূল হলো কীভাবে? সম্ভবত এমন ধারণার জন্য বেশি দায়ী ছিলেন স্বয়ং রবীন্দ্রনাথ। কারণ বিভিন্ন চিঠিপত্রে এবং আলাপ-আলোচনায় তিনি নাটকটিকে প্রথমত 'যক্ষপুরী' বলেই উল্লেখ করেছিলেন। 'প্রবাসী' পত্রিকার সম্পাদক রামানন্দ চট্টোপাধ্যায়কে লেখা একটি চিঠিতে রবীন্দ্রনাথ নাটকটিকে 'যক্ষপুরী'-ই বলেছেন। তাই পত্র-পত্রিকা ও সাহিত্যিক মহলে নাটকটি প্রথম থেকেই 'যক্ষপুরী' নামে পরিচিতি পেয়ে যায়। 'শান্তিনিকেতন' পত্রিকার আষাঢ়, ১৩৩৩ সংখ্যায় এবং ১৩৩১, অগ্রহায়ণ সংখ্যায় পূজনীয় গুরুদেব কর্তৃক 'যক্ষপুরী' নাটক পাঠের কথাই বলা হয়েছে। সব থেকে গুরুত্বপূর্ণ ব্যাপার হলো, 'রক্তকরবী' নাটকটির প্রচলিত সংস্করণে গ্রন্থের শেষে নাটকটি নেপথ্যলোক সম্পর্কে জানাতে গিয়ে বলা হয়েছে — "১৩৩০ সালের গ্রীষ্মাবকাশে শিলং বাসকালে রবীন্দ্রনাথ নাটকটি 'যক্ষপুরী' নামে প্রথম রচনা করেন। পাণ্ডুলিপি আকারেই পরে ইহার নাম দিয়েছিলেন 'নন্দিনী'।" বলা বাহুল্য, বহুল প্রচলিত এবং বহুল বিক্রিত রক্তকরবীর প্রচলিত সংস্করণ গ্রন্থের এই তথ্যই পাঠক মহলে ভ্রান্তির প্রধান কারণ।

বস্তুত, রবীন্দ্রনাথ নাটকটিকে 'যক্ষপুরী' বলে উল্লেখ করলেও এই নামটি তিনি নিজের মনেই রেখেছিলেন। প্রথম খসড়ায় যক্ষপুরীর কথা একটু বেশিই গুরুত্ব পেয়েছিল। যক্ষপুরী নামে পরিচয়ের এটি একটি প্রধান কারণ বলা চলে। অবশ্য আরো পরে রবীন্দ্রনাথ নাটকটিকে কখনও 'যক্ষপুরী' কখনও 'নন্দিনী' বলে অভিহিত করেছেন। অর্থাৎ কবির মনে নাটকটির নামকরণ নিয়ে কিছুটা দোলাচলতা দেখা যায়। ততদিনে 'নন্দিনী' নামটির প্রতি তিনি কিছুটা দুর্বল হয়ে পড়েন। তাই পাণ্ডুলিপি আকারে চতুর্থ ও পঞ্চম খসড়াটির নামকরণ করেন 'নন্দিনী'।

কিন্তু এই দোলাচলতা বেশিদিন স্থায়ী হয়নি। পরবর্তী দুটি খসড়ায় (ষষ্ঠ ও সপ্তম খসড়া) তিনি 'নন্দিনী' নামটি শিরোনাম হিসেবে ব্যবহার করেননি। ততক্ষণে 'রক্তকরবী' ফুলটি রবীন্দ্রনাথের মনে আন্দোলিত হতে শুরু করেছে প্রবল ভাবেই। তাই দ্বিতীয় থেকে ষষ্ঠ খসড়ায় যেখানে দুবার মাত্র ফুলটির উল্লেখ আছে, সেখানে সপ্তম খসড়ায় তা প্রত্যক্ষভাবে আটবার উল্লিখিত হয়েছে। অবশেষে অষ্টম খসড়ায় ফুলটি কেন্দ্রীয় প্রতীকের মর্যাদা লাভ করেছে। সেখানে প্রত্যক্ষভাবে উনিশবার প্রতীকটির উল্লেখ এসেছে। স্বাভাবিকভাবেই নাটকটির নাম নিয়ে রবীন্দ্রনাথকে আর চিন্তা করতে হয়নি। 'রক্তকরবী'-ই হয়ে উঠেছে এর স্থায়ী নাম। অষ্টম খসড়া থেকে পরবর্তী সব খসড়াতে, পরে মুদ্রিত আকারে 'প্রবাসী'-র পাঠে এবং গ্রন্থাকারে ওই 'রক্তকরবী' নামটিই দেখা যায়।



সংহিতা সান্যাল
প্রথম বর্ষ, বাংলা বিভাগ

स्त्री अस्मिता की चुनौतियाँ

डॉ. रंजना शर्मा
प्रवक्ता, हिंदी विभाग

'अस्मिता' का प्रश्न 'अस्तित्व' बोध के प्रश्न से सीधे जुड़ा हुआ होता है। वह चाहे राष्ट्र की अस्मिता हो या समाज विशेष की अस्मिता, भाषाई अस्तिमता हो या स्त्री की अस्मिता। वास्तव में यह पदबंध एक विराट परिदृश्य को अपने अंदर समेटे हुए है, जिसके अन्तर्गत समाज, संस्कृति, भावबोध, संवेदना, स्थापित एवं विघटित मूल्यवोध सब अन्तर्निहित रहता है अर्थात् अस्मिता का सवाल 'येन-केन-प्रकारेन' अस्तित्व को बचाये या बनाए रखना नहीं है, वरन जीवन, जगत के समस्त सरोकारों के संबंध में अपनी निजी अनुभूति एवं अवधारणा के साथ अस्तित्व को सुरक्षित रखना महत्वपूर्ण है और जब यह पदबंध 'स्त्री' शब्द के साथ जुड़ जाता है तो अनायास ही इसकी परिसीमा में पूरी जनसंख्या में आधी हिस्सेदारी करनेवालों की अनादिकाल से लेकर अब तक के स्थापित एवं विखंडित जीवनधारा सम्पूर्ण वैषम्य और विसंगति के साथ उपस्थित हो उठता है। पारिवारिक तथा सामाजिक जीवन की मूल धूरी होने के बावजुद स्त्री को अस्मिता के प्रश्न पर निरन्तर चुप्पी या दोयम दर्जे का मानकर उसे पूरे परिदृश्य में अस्वीकार करने की प्रवृति के कारण स्त्रियाँ न केवल पारिवारिक तथा सामाजिक जीवन में अवहेलित की जाती हैं वरन रचनात्मक क्षेत्र में भी उन्हे ''स्त्री-लेखन'' या 'स्त्री-साहित्य' जैसे बद्ध दायरे में डालने की हेय प्रवृत्ति दिखाई देती है।

As development necessarily means progress for the economy (and the society as well) it breaks away from all the elements of underdevelopment. For example, the portrayal of the peasant is shabby in the discourse of the development. The peasant is a category associated to the underdeveloped in third world and therefore, is a constraint in the path of the development. Thus this peasant of the third world has to be put into the structure of a highly technicalised, industrialised agriculture, the so-called green revolution.

This example of the peasant is applicable to the other socio-economic categories as well. These catego-

ries have been constructed and re-constructed to legitimise, the journey of the development.

The dilemma of the left : Marx and the legitimacy of development.

As I have mentioned at the very beginning a curious consensus has been reached by the left regarding the inevitability of development. While the institutional left is trying to preach the importance of capitalist development drawing its legitimacy from Marx the Protestant Left is arguing for a people's development strengthening the idea of the holiness of development. More importantly the latter is also convinced regarding the concept of the development (in the sense Marx used it) of capitalism. The non-institutional left argues that 'the remnants of feudalism' have made an alliance with capital and capital has changed its character in the third world. But they don't differ from their institutional counterpart regarding the inevitability of the stage of capitalism.

Capitalism, as we know, has assigned a crucial role in history by Karl Marx. With the socialization of the instrument of production the bourgeoisie freed history from the closure of feudalism. It 'batters down the Chinese Walls' and thus capitalism becomes the 'unconscious tool of history.' And more importantly for our purpose Marx here makes mentions of the 'nations of peasant' on nations of bourgeois', of 'the East on the West' as the result of the development of the bourgeoisie.

Marx elsewhere traces down the genelogy of capital reaching his theorisation of the 'primitive accumulation of capital', the 'original sin' of political economy. Here he deals with the expropriation of the peasantry from land in England of the 16th century by means of force and legislation. Marx has given a fair description of the process of expropriation but he has also shown us that this process finally resulted in the capitalist form of agriculture, the conquest of the home market by the capitalist and above all, the supply of the urban proletariat.

Thus the expropriation of the agricultural population accelerated the course of history. Because the 'pre capitalist' has to be displaced for the establishment of all that is capitalist. Consequently this logic of displacement is applicable to the third world to materialise the project of what Marx called the 'revolutionary reconstitution of society; thus we can see the West reaching, constructing and constituting the East, the third world ('as also mentioned above) and thus Marxism falls prey to Orientalism. So the left has to take side with the notion of development in one way or the other.

So we discover that this historicities of capital posses the problem of 'Westward logic'. And one of the derivatives of this problem may be the notion of development. But if we want to dismantle this logic of development we have to do so resting on theorisation of the third world, own. Marx does provide some important equipments for that purpose and this article does not want to ridicule Marx but to focus on him critically to get an understanding more relevant to our purpose. But this does not prevent us from saying that the people's resistance against the 'development' has greater implications for the struggle against globalisation.

Notes and references :

1. I use the word 'Left' in this article more in its political sense than in its sociological sense — that is, the use of the word refers more to the left clear in its party affiliation (both institutional and non-institutional) than to the social left, the left-minded people.

2. See A. Chawdhury, D. Das and A. Chakrabarti, pp. 80-81. Margin of Margin : Profile of an unrepentant. Postcolonical collaborator, Kolkata, 2000.

3. See Edward W. said, Orientalism, Penguin Books India Ltd. New Delhi, 2001.

4. For a discussion on the relationship between the 'colonial masculinity' and the political economy of the British India Empire see Mrinalini Sinha, Colonial Masculinity : The 'manly Englishman' and the 'effeminate Bengali in the late nineteenth century, Kali for Women, New Delhi, 1997.

5. For a detailed discussion of the global capital and the discourse of development see Angan Chakrabarti and Anup Dhar, pp. 77-80, 'Imperialism in the age of Empire : Global capitalist Hegemony and the 'World of the third'', Other Voice, January, 2005.

6. Interestingly the peasant has been constructed and reconstructed in the political discourse of the mainstream again and again. We can think of the peasants of Nehrunian Socialism to the peasant of contract farming. Today regarding the investment of private capital in the agro-retail sector we see the same politics of incorporating the peasant into the fold of 'developed' market economy.

7. See Karl Marx and Frederick Engles, pp. 38-39, Manifesto of the communist Party, National Book Agency (P) Ltd., Kolkata-2004.

8. Of course, there are other traditions of reading Marx, distinguishing between early and late Marx and exploring 'Many Marxes' as opposed to 'the one Marx'. But this article limits itself within a particular, mechanised and also popular reading of Marx to the purpose of understanding the politics of the left.

9. See Karl Marx and Frederich Engels, pp. 38-39, Manifesto of the communist Party, National Book Agency (P) Ltd. Kolkata, 2004.

10. See Karl Marx, pp. 713-60, Capital, vol.-I, Progress publishers, Moscow, 1965.

11. For a post colonial analysis of the orientalist and historicist sensibilities in Marx see Dipesh Chakrabarti, pp. 17-19, 45-71, Provincializing Europe, Oxford University Press, New Delhi, 2001.

For a perspective on the paradox of the economics regarding the third world and capitalism see Kalyan Sanyal, pp. 15-55, 'From Imperialism to Globalization : Reconstituting the third world', other voice, January 2005.

12. See W. Benjamin, 'Thesis on the philosophy of history, pp. 255-56, Illuminations, Collins/Fontona Books, London, 1973.

13. To use the term 'third world' here is not to accept the pre-determined category of the West but to give the term sense.

It might seem to one that all problem lies in the implementation of Marxism (an opinion indeed popular among the Left intellectual circles). But the thought pattern derived from the methodology of Marxis m indeed speaks for a course of history too pre determined. As Benjamin has shown us the device of historical materialism is always to win in the game of chess (of the historical course) because somebody 'out of right' is playing for it. And this historical materialism can well identify itself with the slogist logic of development.

সায়ন্তন বিশ্বাস
দ্বিতীয় বর্ষ, বাংলা বিভাগ

An Ikebana of Fermi Problems

AMRIT KUMAR
2nd Year, Mathematics Department

Variety of problems of mathematical and even with origin in theoretical Physics can be categorized as Fermi Problems. I envisage highlighting the importance of this unique, simple and intuitive approach to problems of such kind which seem to be of galactic dimensions at the first sight.

One of such problems was posed to over 400 brightest minds of the world representing their countries at the International Physics Olympiad 2006, held in Singapore. This article is all devoted to the toughest of the competitions on the planet. The Physics Olympiad is considered to be the most prestigious of its counterparts in other basic science subjects.

One of the professors at IIT Kanpur, V.A. Singh once asked students in his class : How many bicycle repair shops are there in the IIT-Kanpur campus? The answer was to be provided on the spot and without recourse to any empirical survey. All were stumped. Now, the solution that Singh gave was like this : the student population in the campus was 3000 and we assume that 75% of them had bicycles. There were a thousand resident families and two bicycles per family was a reasonable guess. Assuming that a bicycle would need some repair once a week we get that the no. of bicycles visiting the friendly neighbourhood repair person is 4250 per week. Given six a day week, the no. of visits per day (say 10 min. per bicycle), we get the no. of cycle shops as 12. A survey revealed 11. The spectrum of Fermi problems is wide and diverse. A story says that the Nobel laureate H G Bethe arrived at the correct sequence of nuclear determining the energy production in the sun and the stars, while travelling in a train.

Let's solve a Fermi problem :

Hanuman was one of the first full length fast moving Indian animation movies. Estimate the total no. of frames in this 100 min. movie.

Solution : From our knowledge of the persistence of vision, the no. of frames per second (FPS) is 16-20 to ensure continuity. We also know that normal movies run at 24 FPS. Taking into account that the movie includes fast moving frames, we assume that on an average there are 30 frames per second in the high quality movie.

Since it is 100 min. long, the total no. of frames are 100x60x30=1,80,000.

The exact figure is 2,00,000.

My math's muse pushed me to add a leaf, not greener compared to the above work done by Himanshu Asnani, a 2nd year Electrical Engl. student at IIT-B.

But, I reckon it as a quintessential of Fermi problems from Real Analysis.

I choose a real seuqnece

$$X(n) = 1 + 1/2 + 1/3 + \ldots\ldots$$
$$= \Sigma 1/n$$

Clearly, $X(n+1) > X(n)$

i.e. $X(n)$ is an increasing sequence.

By Monotone Convergence Theorem, the question of whether the sequence is convergent or not is reduced to the question of whether the sequence is bounded or not.

Attempt to use direct numerical calculations arrive at a conjecture concerning the possible boundedness of the sequence $X(n)$ leads to inconclusive frustration.

A computer run will reveal the approximate values $X(n) = 11.4$ for $n = 5,0000$ and $X(n) = 12.1$ for $n = 100,000$.

Such numerical facts may lead the casual observer to conclude that the sequence is bounded. However, the sequence is in fact divergent.

Now, my question, is, how much time a computer takes to find the no. of additions needed to achieve $X(n) > 50$?

Solution : The terms $X(n)$ increase extremely slowly. For example, it can be shown that to achieve $X(n) > 50$ would entail approximately 5.2x10^21 additions, and a normal computer performing 400 million additions a second, would take more than 4,00,000 years of perform the calculation. Even a super computer that can perform more than a trillion additions a second, would take more than 164 years to reach the modest goal.

Joie De Vivre

DEBAJYOTI DUTTA
1st Year, English

"Four years" Amartya recounted to himself. It was exactly four years ago today Amartya left Calcutta. His father, Ashutosh was promoted to the designation of a Product Manager. Being a national responsibility, it was required of him to be transferred to either Delhi or Mumbai. A handsome salary coupled with a lofty rent allowance and paraphernelia of other perks was lucrative enough to allure him. Furthermore, Delhi was palpably deemed to be an ideal city for Amartya's further education. What more could Ashutosh ask for? Two years later, Ashutosh was promoted yet again to the designation of General Manager. This time he chose to be relocated to Mumbai. And now four onerous years have passed metamorphosing his once gregarious son into a miserable surpuss. Amartya felt stifled amidst the ostentation of a moribund, mercenary environment. He almost became a recluse. A devout follower of Tagore, he would often querulously pray in his solitude.

"Hark! Is it thee?
Who will break my latch and make me free."

One fine morning his prayers were answered. An ex-collegue hailing from Calcutta proposed Ashutosh to join in tandem the business venture he had successfully embarked upon. He almost grabbed the opportunity so as to say. Nevertheless he remained stoic to hide his ebullience and pragmatically negotiate the terms and conditions of the proposed offer. After a proposed offer. After a prolonged discussion and negotiation he finally managed to secure for himself, the coveted designation of a CEO and relocation to Calcutta. Ashutosh felt exuberant. All these years he had contemplated stupendous success in his career. He even accomplished it nevertheless at the cost of his familial bliss. His wife Aparna, his son Amartya could hardly reconcile to the cultural shock. Ironically Ashutosh's attempt to spend quality time with his family would often lead to squandering money on mindless shopping spree in the malls. Sapience would rightly aid us to infer this as an unhealthy practice to break free from modern day ennui. All these emanated from the pernicious depression, which like a cancerous disease was engulfing their family.......

A month had elapsed since Amartya settled in Calcutta along with his parents. They were still in a phase of resetting when he received an invitation for the wedding ceremony of his baro-mash's daughter. Damayanti, fondly nicknamed as Doyel by Aparna.

Aparna couldn't believe herself. Was it the same little Doyel who used to pester her for lipstick and other maquillage while Aparna decked herself for college? Doyel never called her mashimoni. She always called her 'Bumba'. That's because Aparna's nickname was Boonta. But at the tender age of two she could hardly pronounce Boonta. And she wouldn't call her mashimoni. Even after she grew up, the way of addressing her still remained the same.

It was during the pre-weeding nupital of aibaro-bhat that Amartya got acquainted with a distant maternal cousin, Sandy, whom he never met before. He was presently studying in a convent school. He was in tenth standard. Aubum dyed hair, buckteeth with braces, fat bracelet-quite saturnalias in disposition as it seemed to Amartya. His father made a good fortune out of his estate consultancy business that nevertheless made him an arrogant youth and a brat. Ruminating his chewing gum quite literally he demanded of Amartya (in the attic)

Sandy "Hey bro, wanna puff?"

Amartya "No thanks."

S –"Come again? You amuse me. Don't you fag? You are in college right? .... Oh, I understand, typical middle class values, your father is a medicial representative, eh?

A – "My father is the CEO of a company. And it ain't about middle class values dude! You gotta know when your lungs evaporate."

Ever since Sandy learnt that Amartya's father is a CEO he started flattering him in a rather servile way which he rather detested. Though they were cousins, they never met before. It was long back he overheard his parents discussing that Ashutosh mesho is a medical representative. He still bore that impression in mind unaware of the statusquo and now he got snubbed because of his superciliousness.

Never before did Amartya speak to anybody in such an impetuous way. He was extremely amicable with his cousins. But he could't endure Sandy's arrogance. He repudiated vanity. He could still recollect those phases of unberable uncertainty when his father was without a job. The companies Ashutosh worked with had collapsed leading to largescale unemployment.

They were compelled to stay in just a two-room apartment of modest means. They couldn't even afford a maid-servant. But Aparna never complained. Amartya's parents sought financial assistance from their 'relatives' but to no avail. They drifted apart and alienated themselves. Ironically they are once more flocked with relatives at Ashutosh's newfond success. Back then Ashutosh never gave in. He was resilient and he fought back. Ashutosh's mother was still alive then.

She was an optimistic lady who inculcated certain noble values in him. They were patience and forgivance. Perhaps that was the reason Ashutosh bore a grudge against their so-called relatives. During this wilderness phase, celebrations for Durga Puja were impending. Impecunious Ashutosh was despondent. Plapably Aparna and his mother were mature adults to have no expectations. But the fact that he couldn't buy new clothes for little Amartya made him sad. At this juncture Ashutosh's mother shelled out money for puja shopping from her fixed deposit account. "Let this puja also be celebrated with equal mirth and gaiety!" she said. Amartya was deeply attached to his thamma. Her recent demise had a lasting impact on his mind.

Amartya could still recollect the ineffable effusions of joy when his father got a job once again. His happiness knew no bounds. He bought sweetmeats, gifts and toys for Amartya. It was a quantum leap for Ashutosh on the careter front. Earlier he had been a medical representative. Now he became one of the regional managers for an MNC. This was also the first time he would get a car, a Maruti 800 as a perk. Amartya could still recollect how excited they were about their first car. They went to the Maruti Greenwheels showroom in Alipore near Kothari Hospital and got their car delivered. First they went to the Kalighat temple to offer their Puja and then on Amartya's pestering they went to famous 'Scoop', ice-cream parlor overlooking the Ganges where he gorged on dollops of sinful banana split. Later they dined in Moulin Rouge restaurant in Park Street.....

The date of bashi-biye coincided with Rabindra-Jayanti. Every year Nava-Nalanda, Amartya's alma mater commermorated the legendary poet's birth anniversary with profound veneration and reverence. Eminent artists would come to recite and sing Tagore songs. Students would enact plays written by Tagore for childern. Amartya decided to skip the ceremony of bashi-biye and attend the school function along with Ashmita, his best friend and classmate hailing from the Nava Nalanda days. Amartya decked himself in traditional outfits. Ashmita came in a sari. They met in Golpark near the Mouchak sweetmeat shop. Amartya was pleasantly surprised to see her wearing a sari for the first time. He felt somewhat coy in paying her a compliment. This was strange for Amartya has always been so frank or open with her. Perhaps it marked a beginning of a new phase in his life the youth, and recognition of feelings of hetero-sexual attraction.

Nevertheless

He mustered up some courage and said, "You look graceful in a sari. "Thanks. That's formidable." replied Ashmita. They took a cab. On their way to Boulevard, they went past Rabindra Sarobar stadium. Amartya fondly reeminiscence old memories.

Amartya – "Do you remember how we danced to 'Aye tobe shohochori" during one of the Rabindra-Jayanti celebrations?"

Ashmita – "Yes, I do. We performed at Rabindra Sarobar. And the outfits were sewn at....."

Amartya – "Stanrose Tailors in Gariahat. Yellow kurta and white pajama for boys and orange salwar with green dupatta for girls."

Ashmita – "Correct!"

Amartya – "How quickly the time passes by!"

Ashmita – "Gather ye rose buds while ye may
Old time is flying!"

"Hitherto thou pass ye Past

Hearding fanciful plays (of Present), yet to last!" Amartya recited to himself. Suddenly it started drizzling. Yet again Amartya embarked himself on the journey down the memory lane. Dirt, grime and squalor, stagnant rainwater mixed fuel of vehicles giving out bluish-yellow hues in the potholes to set sail the paper-boats, smashed flowers conjuring up revolting images; yet how they have become a source of rejuvination. Amartya let out his palm through the cab's window to feel the raindrops.

A few drops fell in his new gold ring. After so many years, (it seemed to Amartya) he went for *hal-khata*. He remembered how they used to go to Senco Jewelery Shop, Gariahat Branch. After *hal-khata* used to eat folls from Bedwin. At first they would board a tram from Lake Market. Single-seats by the window were his favorite. Later they would take another tram from Rashbihari back to their home in Tollygunge. These simple joys were a source of joie de vivre for Amartya.

ঋত্বিক ঘটক ঃ সত্যানুসন্ধান, আত্মিকতা ও 'সুবর্ণরেখা'

দেবল ব্যানার্জী
প্রাক্তন ছাত্র, দর্শন বিভাগ

চলচিত্র সম্পর্কে মত দিতে গিয়ে আন্দ্রেই তারকভ্স্কি বলেছিলেন —"পরিচালক সত্যের অনুসন্ধান পরিত্যাগ করলে সিনেমায় তার প্রভাব হয় সর্বনাশা, তাই চিত্রগ্রহণে সর্বোচ্চ সত্যতা অর্জনের চেষ্টা আমি করে থাকি।"

সত্যমূল্য নির্ধারণ, সত্যের অনুসন্ধান ইত্যাদি বিবিধ দার্শনিক অবতারণা অনেক ক্ষেত্রেই সিনেমার অগ্রগমনে পথ প্রদর্শন করে এসেছে, বলা বাহুল্য সিনেমার রাজনীতির নির্ধারক উপাদান হিসাবে উপরোক্ত অবতারণাগুলির অবদান ভীষণ গুরুত্বপূর্ণ। 'চিত্র-গ্রহণের সত্যতা' শব্দ যুগলটি তারকভ্স্কি তাঁর দার্শনিক বোধ নিঃসৃত সমাজ-রাজনৈতিক প্রেক্ষিতের সাপেক্ষে বিচার করেছেন তাই সত্যতা ও সত্যতা এক্ষেত্রে সমার্থক বলেই অনুমান করা যায়। তবে সত্য, সত্যমূল্য ইত্যাদি আধামূর্ত ধারণাগুলিকে সিনেমার সামনে দাঁড় করানো হয় তবে সে সংক্রান্ত তর্কসাপেক্ষতা সিনেমার ক্ষেত্রেও প্রযোজ্য হবে। একথা মানতেই হবে যে মূর্ত অভিভাবক সংস্থার উপস্থিতি এবং গঠন ও বিবর্তনের ইতিহাসের কারণে সিনেমা একটি অসত্য এবং ক্ষুদ্র Viewing Angle-কেই প্রতিনিধিত্ব করে থাকে। ফর্ম, কনটেন্ট এবং টেকনিক এই তিন উপাদানের সহাবস্থানে সিনেমা কখনই ব্যাপ্যতা ও ব্যাপ্তির একটি নির্দিষ্ট সীমা অতিক্রম করে উঠতে পারেনি, তবে চিত্রগ্রহণ ও সম্পাদনার রাজনৈতিক অভিযোজন সত্যানুসন্ধানের পথে সহায়ক হতে পারে। এক্ষেত্রে বিতর্ক থাকলেও ক্ষমতাতন্ত্রের অধীন নিয়ামক সংস্থার দ্বারা প্রদত্ত নিদের্শনামার সাথে বিপ্রতীপ বা বিরোধী অবস্থান রক্ষাকারী কোন বাচনের নির্মাণ ব্যতিরেকে শিল্প বা ভাষাগত কোন মর্যাদা লাভই সিনেমার দ্বারা সম্ভব ছিল না। নির্মাণ হয়েছে, হচ্ছে .... স্বল্প উদাহরণের অন্যতম হল সুবর্ণরেখা। ঋত্বিক ঘটক।

শিরোনাম থেকেই স্পষ্ট যে আলোচনার বিষয়বস্তু হল 'সুবর্ণরেখা' ও তাঁর পরিচালক। সিনেমাটি যেহেতু লেখকের তুচ্ছ প্রচেষ্টার থেকে মহান তাই প্রাথমিকভাবে সিনেমাটি দেখে ফেলা প্রয়োজন। নিবন্ধে সিনেমাটির কাহিনীরেখ বর্ণনের কোন প্রয়াস লেখকের তরফে আশা না করাই ভাল।

শিল্পের মাধ্যমগত অবস্থান সম্পর্কে প্রায়োগিক মার্কসবাদের সমস্যার কথা ঋত্বিক ঘটক তাঁর 'On The Cultural Front' নামক গবেষণা পত্রে স্পষ্টভাবে ব্যক্ত করেছেন। শিল্পের মাধ্যমগত স্বতন্ত্র রাজনৈতিক অবস্থান প্রায়োগিক মার্কসবাদ দ্বারা লাঞ্ছিত হয়েছে। সমস্যাটি দর্শনে ন্যকি তার প্রয়োগে তার অসমাধিত বিতর্কে দর্শনের পক্ষে দাঁড়িয়েছেন ঋত্বিক ঘটক, কিন্তু নিজস্ব প্রয়োগের ক্ষেত্রে বার বার চ্যুত হয়েছেন দর্শন থেকে। সুবর্ণরেখা হল এমনই একটি পবিত্র চ্যুতি। ব্যক্তি ও তার জাতিসত্তা বারবার এসে হাজির হয়েছে ঋত্বিক ঘটকের সিনেমায়, জাতিসত্তা ক্ষমতাতন্ত্রের সাথে, কথোপকথন চালিয়েছে .... বিবরণ দিয়েছেন ঋত্বিক ঘটক। জাতিসত্তা, সংস্কার, পরম্পরা এই তিনের সহাবস্থানে গড়ে ও আঞ্চলিক আত্মিকতা, একটি সাধারণ নির্দেশতন্ত্রের অধীনে থাকলেও নির্মাণগুলি কখনও হয় ক্ষমতাতন্ত্রের অনুবাদ কখনও হয় আঞ্চলিক, সমান্তরাল প্রত্যক্ষের জনক ... হয় প্রান্তের রাজনৈতিক নির্মাণ, ঈশ্বর, সীতা, অভিরাম, রানওয়ে, কালীরূপ বহুরূপী, টিলাঘেরা সুবর্ণরেখা নদী ইত্যাদি সমস্ত রূপক উপকরণ বিষয়বস্তুর অনিবার্যতায় হয়ে ওঠে অভিসারযোগ্য। দেশভাগ, রিফিউজি ক্যাম্প, সামাজিক সঙ্কট ইত্যাদি পূর্বশর্তগুলি কঠোর বাস্তব হলেও কনটেন্ট নিজের নিয়মে সিনেমার ইতিহাসের প্রত্যাশি পথ পরিত্যাগ করে এবড়ো-খেবড়ো অপ্রত্যাশিত বেদনায় ভর করে পৌঁছায় এক মূল্যবোধ গত মিলনাত্মকতায়, বার্গম্যানের দগদগে রক্তিম বাস্তবতা নয়, অরমণযোগ্য ফরাসী সিনেমা নয়, তারকভ্স্কির একান্ত নিবিড় দৃষ্টিপাতের অভ্যাস নয় ঋত্বিক ঘটক পৌঁছে যান তাঁর স্বতন্ত্র Viewing Angle-এ নিজস্ব আত্মিকতার অনেক কাছাকাছি। ইউরোপ তথা চীন, জাপানে যখন চলছে সিনেমার রাজনৈতিক অভিযোজন প্রক্রিয়া সেই সময়েই তৈরী হওয়া সুবর্ণরেখায় আমরা পাই জন্মদাতার জাতিসত্তার ছাপ, জন্মদাতার জল, মাটি, হাওয়ায় নিহিত মহাকাব্যিক রসের স্বাদ। তৈরী হয় এপিক সিনেমা। রবীন্দ্রনাথের ক্ষণিকার মত বিন্দুতে সিন্ধু দর্শন নয় বা শূন্য দশকের কবিতার (২০০০ খ্রীস্টাব্দ পরবর্তী কোনো কোনো লিট্‌ল ম্যাগাজিন তাদের প্রকাশিত কবিতাকে এই নামেই ডেকে থাকেন) সিন্ধুতে বিন্দু দর্শনও নয় কঠোর সমাজ বাস্তবতার অন্তরালে অনিবার্যভাবে নিহিত মহাকাব্যিক বাস্তবতায় ভর করে তৈরী হওয়া এপিক সিনেমা। 'ঈশ্বর' সত্তায় পিতা ও পুত্র, 'সীতা' সত্তায় মাতা ও কন্যা একে অপরের সাথে জায়গা বদল করে নেয় চিরায়তের মাধুর্য বর্ণনের স্বার্থে, মানবিক অনিবার্যতার স্বার্থে। অনিবার্যতা ও মাধুর্য সহাবস্থান করে তাই সীতার নাম হয় 'সীতা', ঈশ্বরের নাম হয় 'ঈশ্বর', ফর্ম ও টেকনিক নিয়ামকের মুঠো থেকে বেরিয়ে আসে, ঘটে রাজনৈতিক অভিযোজন। অভিযোজিত হয় কনটেন্টের সহাবস্থানে, হস্তক্ষেপে, মিথষ্ক্রিয়ায়।

একজন Visual art-এর ছাত্র হিসাবে বলতে পারি 'সুবর্ণ রেখা' তথা ঋত্বিক ঘটকের সমস্ত সিনেমার ক্ষেত্রে চিত্রগ্রহণ একটি গবেষণার বিষয় হতেই পারে কারণ সেক্ষেত্রেও বিশেষভাবে পূর্বোক্ত তথ্যগুলি খাটে ছবির কম্পোজিশন ও আলোর ব্যবহার উভয় ক্ষেত্রেই নিয়ামকের মুঠো থেকে বার করে আনতে পেরেছিলেন।

Visual art-এর ইতিহাসে এমন ঘটনা বিরল। এ সম্পর্কে বিস্তারিত আলোচনা এই পরিসরে সম্ভব নয় কারণ বিশেষ কিছু পূর্বশর্ত ব্যাতিরেকে এরূপ আলোচনা সম্ভব নয়। তবে এক্ষেত্রেও বলা যায় জাতিসত্তা ও পরম্পরায় ভর করেছেন ঋত্বিক ঘটক। দেবীপূজার অভ্যাস, নিকট আত্মীয়দের দেখার অভ্যাস ইত্যাদি নানাবিধ আঞ্চলিক গুণ বার বার এসে হাজির হয়েছে ঋত্বিক ঘটকের Image-এ, Visual-এ। Visual-এ হাজির হয়েছে মুঘল চিত্রকলা, পটচিত্র ইত্যাদি আরো অনেক কিছু। Cinematography নামক Visual art-এর শাখাটিতে ঋত্বিক ঘটকও হয়ে যান অবন ঠাকুরের মত এক সন্ধিক্ষণের সাক্ষী। আমাদের দেশে চিত্রগ্রহণের স্বতন্ত্র শৈলী গড়ে ওঠা দূরে থাক বিশ্লেষণের ভাষাই গড়ে ওঠে নি। একথা নিশ্চিতভাবে বলে ফেলা যায় যে বেশ কিছু উৎসাহী পাঠক এক্ষেত্রে সময় ও সুযোগের অভাবে অক্ষম দর্শকের ভূমিকা গ্রহণ করেন এবং বিভ্রান্ত হন সিনেমা বিশ্লেষণের অক্ষম ও ভ্রান্ত উপায় গুলির দ্বারা। ফর্ম, কনটেন্ট, টেকনিক, ঘাম, রক্ত, কল্পনা, বঞ্চনা ইত্যাদি সমস্ত কিছু সম্বন্ধে প্রাথমিক ধারণা এবং বিশ্লেষণ ব্যতিরেকে সিনেমাকে বোঝা সম্ভব নয়।

নীতা জন্মেছিল জগদ্ধাত্রী পূজার দিন। চাইত পাহাড় দেখতে শক্তিপদ রাজগুরুর ইচ্ছায়, এই পবিত্র সমাপতনের সাথে সুবিচার করে ঋত্বিক ঘটক আর্তনাদকে পাহাড়ে প্রতিফলন ঘটিয়ে ফেরত আনতে পেরেছিলেন স্থবিরতার অনেক কাছাকাছি। 'ছিন্নমূল' সীতাকে একদিন চলে যেতে হয়েছিল বেশ্যাপাড়ায় এবং সেখানেই দেখা হয়েছিল পিতৃতুল্য-সন্তানপ্রতিম দাদার সাথে। সীতা তার সন্তানকে শুনিয়েছিল "আজ ধানের ক্ষেতে রৌদ্র ছায়া ...." দিলীপরঞ্জন মুখোপাধ্যায় ঘটিয়েছিলেন অস্থির প্যানিং, তৈরী হয়েছিল ভারতীয় পুরুষের সমর্পণশীল আঁচল পিপাসু Viewing Augle। 'পোস্টমাস্টার' গল্পের পোস্টমাস্টার এবং ক্যামেরা 'Viewing Angle গত ভাবে এক হয়ে গিয়েছিল। এই সমস্ত কিছুর পরেও চলচ্চিত্র কম হয়ে যায়, নিয়ামকের ভাষায় বলতে পারি Screen text-এ মানুষ, নবজাতক ও চিরজীবিতের 'জয়' ঘোষণা করতে হয়, আর অভিযোজন সম্ভব হয় না ফর্ম ও টেকনিকের তবু এই 'জয়ের' অনিবার্যতা শিল্পীকে দিয়ে এমন কাজ করিয়ে নেয় নিয়ামকের মতানুসারে Non-cinematic।

সত্য নিহিত থাকে বাস্তবতায়, স্বাভাবিকতায়, সংস্কার ও পরম্পরার পবিত্র পিঠে, নারী-পুরুষ বাবা-মা, ভাই-বোন ইত্যাদি সহাবস্থান গুলির স্বাভাবিক অনিবার্যতায় নিহিত থাকে ঐ সম্পর্কগুলির মানবিক সত্যমূল্য। পুরো 'সুবর্ণরেখা' জুড়ে ওস্তাদ বাহাদুর খাঁ-র সুনিপুণ সঙ্গীত সঙ্গতের পর ছবির শেষপ্রান্তে এসে আবার শোনা যায় "আজ ধানের ক্ষেতে রৌদ্র ছায়া ....". সুবর্ণরেখার পাথুরে তটে, বিনুর গলায়, পবিত্র বেসুরে (শব্দ চয়নটি কবীর সুমনের)। ঐ পবিত্র বেসুরে নিহিত থাকে জীবনের স্বাভাবিক দ্বান্দিক সত্যতা। শ্রেণী দ্বন্দ্ব ও তার সমাজ-মানসিক দোলাচল এবং জাতিসত্তা ও পরম্পরার অমোঘ ছায়া তদুপরি উভয়ের কথোপকথন 'সুবর্ণরেখাকে' একটি মূর্ত সত্তা রূপে Project করে ফেলে। বাসনা, কামনা, প্রাপ্তি, অপ্রাপ্তির ইত্যাদি সমস্ত কিছুর মূর্ত Projection হয়ে যায় সুবর্ণরেখা, কঠোর কঠিন বাস্তব থেকে জয়ধ্বনির সত্যসংবেদী পবিত্র 'অবাস্তবতা' এই দুই-এর মধ্যে চলাচল করে সিনেমার ফর্ম, কনটেন্ট ও টেকনিক, জীবনের অনিবার্য যাত্রা মহত্ত্বর হয়ে ওঠে সিনেমার থেকে। সাপেক্ষ সত্যের স্বরূপ বর্ণন থেকে শুরু হয় সত্যানুসন্ধানের পথ। মিলনাত্মক অনিবার্যতার খোঁজ ও সত্যানুসন্ধানের প্রক্রিয়া কখনও একে অপরের সাথে কথোপকথন চালায় কখনও একাত্ম হয়ে ওঠে, 'সীতার' নাম হয় সীতা, 'ঈশ্বর' ব্রহ্মচারী হয় ....

ঋত্বিক ঘটক বলেছিলেন "চির ব্রহ্মচারী 'ঈশ্বর' বেশ্যাপাড়ায় গিয়ে যাকেই দেখত সেই সীতা হত। আমি নেহাত সীতার জায়গায় 'সীতা' কে দেখিয়েছি....". সত্য অনুসন্ধানকারী শিল্পী ঈশ্বরকে ব্রহ্মচারী রাখেন। সীতাকে বেশ্যাপাড়ায় পাঠান, মদ্যপ ব্রহ্মচারীর কৌমার্য রক্ষা করেন সীতার সাক্ষাৎ সৃষ্টি করে। তৈরী হয় এপিক সিনেমা, তাই ঈশ্বরের ব্রহ্মচর্যই সত্য এবং যা সত্য তা অনিবার্যও বটে।

বাজে গল্প

অভিজিত ঘোষ
প্রাক্তন ছাত্র, ভূগোল বিভাগ

গোটা পনের ঝিকমিক করতে থাকা তারার সঙ্গে সরু একফালি চাঁদটা জানালা দিয়ে চুপি চুপি উঁকি মারছে। আবছা অন্ধকার আকাশের পটভূমিতে কদমগাছের আলতো নড়তে থাকা পাতাগুলো বড় কালো রহস্যময় দেখাচ্ছে। দূরে, হাটতলার দিকটাতে বুনো ঝোপঝাড়ে জোনাকির দল যেন টর্চলাইট জ্বেলে কিছু খুঁজছে। নিঝুম, নিশুত রাত! ঝিঁঝি পোঁকার একঘেয়ে, বিরক্তিকর ডাকটাও যেন বড্ড মিষ্টি লাগছে! সে এক অপার্থিব অনুভূতি! বললে বিশ্বাস করবি না, আমারই কেমন যেন কবিতা পাচ্ছিল! হাতে খাতা কলম থাকলে, আর এমন একটা টাটকা ভয়ঙ্কর বিপদে না পড়লে হয়ত লিখেই ফেলতাম—

"গুরু গুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে গরজে গগনে
মেঘলা আকাশে তারকার রাশি
রামগরুড়ের ছানার হাসি
হাটতলার ওই ঝোপে-ঝাড়ে দেখ
জোনাকি জ্বলিছে সঘনে—"

যদিও চত্তিরমাস চলছে, তবুও কেন জানি না, কবিতা লিখতে গেলেই বৃষ্টি বাদলার ব্যাপার চলে আসে — "মত্ত দাদুরী, ডাকে ডাহুকী, ময়ূর নাচত মাতিয়া—" কী নাম হত কবিতাটার? 'শেষ কবিতা'? হুঁ, শেষই বটে! আর কী কোনওদিন ওই — যাঃ কী যেন বলে! হ্যাঁ — ওই নক্ষত্রখচিত আকাশ আর জোনাকিখচিত বুনোঝোপ দেখতে পাবো? শুনতে পাবো ঝিঁঝিঁ পোকার ফোক্ সঙ্? আবার কী কখনও — "ঘ্যাঁ–অ্যাঁ–হুঁ–উঁ–ম্‌ম্"!!

বাঃ, বেশ একটা, কী বলে — হ্যাঁ, একটা তদ্‌গত ভাব এসেছিল, দিল মাটি করে! কে চ্যাঁচায় অমন বিকটভাবে? আবার সেই "ঘ্যাঁ--অ্যাঁও..... হু-উ-ম্।।" ওরে বাবা, দাদুরী-টাদুরী নয়তো? দাদুরী জিনিসটা ঠিক কী আমি জানি না, কিন্তু সে যে বেশ একটা বিভীষণ ব্যাপার হবে, তাতে আমার কোনওদিনই সন্দেহ ছিল না। যাক্‌গে, কিন্তু সে তো বর্ষার কবিতায় পাওয়া-টাওয়া যায়। এই চত্তির মাসে — আবার সেই "ঘ্যাঁ-হুউম্!!" তবে কী কদমগাছের মাথায় প্যাঁচায় চ্যাঁচাচ্ছে? কী গেড়োয় পড়া গেল, নিমপ্যাঁচা নয়তো — আমারে কুড়ায়ে নেবে, সেই গেছো ইঁদুর নাকি কুচো ইঁদুরের মতো মরণের ঘরে? বাপ্‌রে, কোথায় লুকোই খাটের তলায়? পাগল না নেপাল পুলিশ!! শেষকালে আবার—

না, ব্যাপারটা তোকে গোড়া থেকেই বলি তাহলে। জানিস তো সেই কুম্ভকর্ণ না ঘটোৎকচ, কে যেন গীতায় বলেছিল — "মা ফলেষু কদাচন" — কাজ করে যাও, ফলের আশা কোরো না! সেই মন্ত্রই জপ্ করতে করতে উচ্চ মাধ্যমিক পরীক্ষাটা কোনওরকমে উৎরে দিয়েছি। বলটা হায়ার সেকেণ্ডারী কাউন্সিলের কোর্টে ঠেলে দিয়েই সোজা হাওড়া-মোকামা প্যাসেঞ্জার! টানা তিনটে মাস ছুটি আছে। কলকাতার ধোঁয়া-ধুলো, প্যাঁপো-ঘ্যাঁঘোঁ থেকে অনেক দূরে, আরও অনেক বেশি দূর সম্পর্কের এক কাকার বাড়িতে। জায়গাটা আসানসোল ঝাঝা লাইনে, জসীডিহর আগের স্টেশন — কুমড়াবাদ রোহিনী। কুমড়ো-টুমড়ো যে সেখানে খুব পাওয়া যায়, তা অবশ্য একেবারেই নয়। যাইহোক, পল্লীগ্রামে, যাকে বলে বিশুদ্ধ সমীরণ-টমীরণ সেবন করে, দিনকতক স্রেফ ড্যাং ড্যাং করে ঘুরে বেড়িয়ে, কাকার আদরে মোটাসোটা হয়ে তবেই কলকাতায় ফিরবো — এই ছিল মৎলব। তা আপাতত একমাসও হয়নি। পরশু সোদপুরের সিধেকে ফোন করেছিলাম। ব্যাটা ফোনের মধ্যেই শুরু করলো "একমাস হয়ে গেল, আর কবে ফিরবি? ..... সবাই পড়াশুনা শুরু করে দিল .... কত বড় বড় সিলেবাস .... ম্যাথ্‌স .... ফিজিক্স —" না, হতভাগাটা আর মানুষ হল না! স্রেফ বাজে কথাগুলো বকে আমার বেয়াল্লিশ টাকা বত্রিশ পয়সা এস.টি.ডি-র বিল তুলে দিল। বেয়াল্লিশ টাকা মানে বুঝিস্! তখনকার বাজারে একশো সাতাশটা জিলিপি! চাইলে গোটা তিনেক ফাউও দিত হয়তো—

মরুকগে! আপাতত মাসদেড়েক এখান থেকে তাঁবু গোটানোর কোনও প্ল্যান নেই। বিশেষতঃ মাইল দশেকের মধ্যে বাবা বৈদ্যনাথ শিবের বড়সড় ঘাঁটি। রেজাল্টের আগ দিয়ে একবার সেখানে জল ঢালা — ঘন্টা নাড়া — ঢিল ঝোলানো — এসব বিশেষ প্রয়োজন। তার উপর এমন দিব্যি জায়গা! দূষণ-টুষণ নেই, ত্রিকোণমিতি নেই, ফিজিক্স-কেমিস্ট্রি কিচ্ছুটি নেই! সারাদিন কাজ বলতে খাওয়া, বল পেটানো আর সাইকেলে চক্কর কাটা। সেদিন সন্ধ্যেবেলাও লুকোচুরি খেলার প্ল্যানটা আমারই ছিল। গত কয়েকদিনে গাঁয়ের অনেক ছেলেপুলের সঙ্গেই ভাব জমিয়ে ফেলেছি। যাইহোক, পাড়াগাঁয়ে সাড়ে সাতটা মানে বেশ রাত্রিই। তাও আবার লোডশেডিং। সেই অন্ধকারেই শুরু হল আমাদের 'আস্‌পাস্' আর 'ধাপ্‌পা'। লুকোচুরি খেলার সময় চোর কাউকে দেখতে পেলে তার নাম বলে 'আস্‌পাস্' বলাটা ওদেশের রীতি, বাংলাদেশের যেমন 'পঞ্চাশ' বা 'হুস্' বলা হয়। যাইহোক, আমিও কয়েকবার আস্‌পাস্ হয়ে গেলাম। চোর হয়ে একবার সবাইকে আস্‌পাস্ করেও দিলাম। আর 'ধাপ্‌পা' দিতে তো আমি চিরকালই বেশ মজবুত। 'এনসাইক্লোপিডিয়া ধাপ্পাবাজিকা' বলে একটা বই পর্যন্ত লিখতে শুরু করেছিলাম একসময়—

খেলা তখন পুরোদমে চলছে — স্লগ ওভার যাকে বলে। কে যেন একটা চোর হয়ে আস্‌পাস্ করে বেড়াচ্ছে। ধাপ্পা দেওয়ার ছক করে বেশ ঘাপটি মেরে বসেছিলাম আমার ছোট্ট ঘরে, খাটের

তলায়। হঠাৎ বাঁ পায়ে গোড়ালির পেছনদিকটায় কুট্ করে কী একটা ফুটল। বেশ জ্বালা করছিল বটে, তবে আস্পাস্ আর ধাপ্পার উত্তেজনায় সেটাকে মোটেই পাত্তা দিলাম না। গোল বাধলো রাত্তিরে খাওয়া দাওয়ার শেষে হাত-মুখ ধুতে গিয়ে। বাঁ পায়ের গোড়ালির পেছনটায় খানিকটা জায়গা রক্ত আর ধূলোময়লা একসাথে জমাট বেঁধে কালো হয়ে আছে। সেটা জল দিয়ে ভালোমতো পরিষ্কার করতেই বুকটা ধড়াস্ করে উঠল—

ছোট্ট দুটো ফুট্কির মত দাগ পাশাপাশি — অনেকটা 'কোলন' চিহ্নের মত। দাগটা যে সাপে কাটার সেটা বেশ বুঝতে পারলাম। তবে কোলনটা কতক্ষণে আমার জীবনে ফুলস্টপ বসিয়ে দেবে, সেটাই আপাতত ভাববার ব্যাপার। সেমিকোলন এতক্ষণে নিশ্চয়ই পড়ে গেছে। যাইহোক, বাড়ির লোকজনকে এখন আর কিছু জানিয়ে লাভ নেই, মরতে যখন হবেই—

আমি মারা গেলে জগতের বিশেষ ক্ষতিবৃদ্ধির সম্ভাবনা দেখছি না। বাড়ির সবাই অবশ্য খুব কান্নাকাটি করবে, ইস্কুলে একদিন ছুটি দেবে, আর হয়তো দু'মিনিট নীরবতা পালন! যাই হোক, সেই শঙ্করাচার্য না বিদ্যাসাগর কে যেন বলেছিলেন—" জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা হবে—" এ জগতে কে কার! ব্রহ্মই সত্য জগৎ মিথ্যা! এ সংসারের মায়াজালে — মায়াজালে, ... যাঃ কী বলে ভুলে গেলাম! মরুকগে, মোদ্দা কথা হল, এইসব কঠিন কঠিন তত্ত্ব মনে মনে আলোচনা করতে করতে, আর এই সুন্দর গ্রাম্য রাত্রিটাকে শেষবারের মত উপভোগ করতে করতে পঞ্চত্বের অপেক্ষায় সেই ছোট্ট ঘরটায় অভিশপ্ত সেই খাটের উপর লম্বা হয়ে আছি। সেই ইঁদুর-কুদুনি নিমপ্যাঁচাটা অনেকক্ষণ সাড়াশব্দ করছে না। ডানহাতটা মশারির গায়ে ঠেকে গেছিল, মশাগুলো গেরিলা কায়দায় অ্যাটাক করল। করুকগে, জীবনের শেষ মুহূর্তগুলো এভাবে শিবজ্ঞানে জীবসেবা করে — মানে, যাকে বলে 'বহুজন হিতায় বহুজনসুখায় চ'! বেশ তন্দ্রামতো এসেছিল, প্যাঁচাটা বিচ্ছিরিভাবে চেঁচিয়ে তার বারোটা বাজাল। চেয়ে দেখি অবাক কাণ্ড—

বিশাল বড় এক ফটকের সামনে আরও বিশাল এক লম্বা লাইনে দাঁড়িয়ে ঠেলাঠেলি করছি। ঠিক যেন ইস্কুলের অ্যাড্মিশন ফর্মের লাইন, কিম্বা দুর্ভিক্ষের খিচুড়ির লাইন! পাশে একটা বড় হোর্ডিংয়ে অনেকগুলো কচি পটোলের ছবি আঁকা, তলায় লেখা — 'পটল — তুলুন ও তোলান'। চারপাশে আরও অনেক ব্যানার-ফেস্টুন — "নতুন কমরেডদের পটলডাঙায় সংগ্রামী অভিনন্দন ও লাল সেলাম" ইত্যাদি ইত্যাদি! ভাবুক টাইপের এক লালমুখো সাহেব ওপাশে ছোট্ট একটা নৌকায় বসে বালির মধ্যেই বৈঠা মারছে। তার গলায় ঝোলানো একটা ভাঙা স্লেট, তাতে খড়ি দিয়ে লেখা — 'টেনিসন'। সে আমার কাছে এসে করুণমুখে বলল, "বুঝলে হে, বার্ খেয়ে তো চলে এলাম, কিন্তু এই বার্টা ক্রস করা বড্ড কঠিন!" বলেই খ্যা খ্যা করে বিশ্রীভাবে হাসতে লাগল। আমিও বেশ করে মুখটা ভেংচে দিলাম।

লাইনটা বেশ তাড়াতাড়িই এগোচ্ছে। আমার পালা এলে সবার দেখাদেখি আমিও কলিংবেলটা টিপলাম। ছোট্ট জানালাটা দিয়ে চশ্মাপরা, পাকাদাড়ি এক বুড়ো মুখ বাড়ালো — "কত নম্বর? ভিসা কই?" যাব্বাবা, নম্বর আবার কার! ভিসাই বা কীসের? বুড়ো আবার খেঁকিয়ে উঠল, "কত নম্বর বললে না?" আমার মুখ দিয়ে হঠাৎ বেরিয়ে গেল— "মা খু চিহ্ল ও পঞ্জম হস্তম্ — আমি তো পয়াঁতাল্লিশ নম্বরের!" বুড়োটা চটে উঠল "থাক্, আর বিদ্যে ফলাতে হবে না, ভিসা দাও—" পকেট হাতড়ে মানস্থলি-টা ছাড়া আর কিছু পেলাম না। অগত্যা সেটাই বুড়োর হাতে ধরিয়ে দিলাম। আর দিতেই—"অ্যাঁ, চিত্রগুপ্তের সঙ্গে এয়ার্কি! আমি শেয়ালদা স্টেশনের মামা! ভাগো হিয়াঁসে—"

কোথায় ভাগবো, সেটাই ভাবছি, হঠাৎ লাইনের পেছন থেকে একপাল মশা একসাথে বিনবিনিয়ে উঠল — "ছেঁড়োনি গোঁ, ওঁ বেঁটারে ছেঁড়োনি, জ্যালেঁ ভঁইরেঁ দ্যাঁও। ব্যাঁটা মোঁদের ফুঁড পয়জঁনিং কঁইরেঁ — ভ্যাঁ-অ্যাঁ-অ্যাঁ .... ওঁ দঁরোয়াঁনজীঁ গোঁ-ওঁ-" এটুকু শুনেই বুড়ো লাফিয়ে উঠল। ফটকটা খুলে, খেরো-বাঁধানো ইয়া মোটা একটা রেজিস্টার খাতা নিয়ে তেড়ে এল — "কী! এতবড় আসপদ্দা? আমি দারোয়ান!" ব্যস্, নিমেষে চতুর্দিক ফর্সা! সাহেবটা পর্যন্ত নৌকো ফেলে কোথায় পিঠ্টান দিল। আর আমায় সামনে পেয়ে বুড়ো আমার মাথাতেই ধাঁই করে এক খাতার বারি বসিয়ে দিল—

কী জব্বর খাতা মাইরি! এক বারিতে আমি আবার বিছানায় ফেরৎ চলে এলাম। গোটা ব্যাপারটা পর্যালোচনা করে যা বুঝলাম, নিশ্চিত মারা গেছি। ভিসার অভাবে পরলোকে জায়গা হয়নি — ভূত হয়ে ঘুরছি! ভাবতেই বুকটা কেমন ধড়াস্ করে উঠল! বেঁচে থাকলে নির্ঘাৎ হার্টফেল করতাম। ইস্, এভাবে বেঘোরে মারা গেলাম! সাপটাকে একবার পেলে তার ঘাড় মট্কে — হুঁ হুঁ বাবা, ঘাড় মটকানোটা আমার মৃত্যুসিদ্ধ অধিকার! একবার ভাবলাম, ভুতুড়ে স্মৃতিটা হাত্ড়ে একটা লিস্টি বানাই — কাদের ওপর রাগটাগ আছে! তারপর — ঝট্পট্ অ্যাক্শান্! কিন্তু আশেপাশে একটাও ভূতের টিকি দেখা যাচ্ছে না। অবশ্য ভূতেদের টিকি থাকে কি না আমি এখনো জানি না — কিন্তু একটা পুরনো ভূত পেলে একটু ভুতুড়ে জগতের রীতিনীতিগুলো জেনে নেওয়া যেত। তাছাড়া, নিজের বেরাদরির লোক পেলে মেজাজটাও বেশ খুশ হয়ে যেত আরকি—

কিন্তু মশাগুলো কী নিলর্জ্জরে বাবা! একটু আগে ফুড পয়জনিং-য়ের অ্যালিগেশান আনছিল, এখন আবার কামড়াচ্ছে! ভূত বলে কি মানুষ নই! যাইহোক, চারপাশ বেশ ফরসা হয়ে এল। উষাকাল! জানালা দিয়ে বাইরে তাকিয়ে দেখি রামকির্পাল সিং আর জনদিন তেওয়ারী দাঁতন মুখে, লোটা হাতে ক্ষেতের দিকে চলেছে। রামকির্পাল বড্ড বিচ্ছিরি লোক। গত একমাসে রোজ নিয়ম করে তিনবার তার সাথে আমার ঝগড়াঝাঁটি হয়েছে। অনেক রাগ জমে আছে। নেহাৎ ভৌতিক জগতের 'কোড অব্ কন্ডাক্ট'-টা এখনও রপ্ত করা হয়নি,

নয়তো রামকির্‌পালের ঘাড়টা দিয়েই বউনি করা যেত। হঠাৎ দেখি সদর দরজা দিয়ে পাশের বাড়ির জগদীশ চেঁচাতে চেঁচাতে ঢুকছে, "পেনোদা— আরে ও পেনোদা — আভিতক্ সুতলে বা—? পউনে পাঁচ বাজ গইলিয় —" ইস্! আজ ভোরে ফুটবল খেলার কথা আছে, মানে ছিল! বেচারা জগুয়া এখনো জানে না আমি মারা গেছি। ডেডবডি দেখলে বুঝতে পারবে। খুব কান্নাকাটিও — কিন্তু আমার ডেডবডিটা কোথায় গেল? খাটে নেই, আশেপাশেও নেই খাটের তলায় — সেটাও টুঁনে ফেলালাম, কিন্তু নাঃ। তবে কি একরাতের মধ্যে পাচার হয়ে গেল? খাটের তলা থেকে বেরোতেই দেখি জানালায় জগুয়ার কাজলকালো মুখ, তাতে হলদে হাসি "ভোরে ভোরে খটিয়া কে নীচে কি করৈছি — আরে ও পেনোদা — আব জল্‌দি সে নিকাল বা নি—"

সে কী! জগুয়া আমায় দেখতে পাচ্ছে! তেমন তো কথা ছিল না! আমি এতদিন বেঁচে থাকতে একটাও ভূত দেখতে পাইনি! তবে কি এখনো মরিনি? নিজের গায়ে একটা চিমটি কেটে চমকে উঠলাম্ — ভূতের গায়ে কী চিমটি লাগে? আর ডেডবডিও যখন পাওয়া যাচ্ছে না, তখন আইনের হিসাবেও আমি জ্যান্তই আছি! ওঃ কী বিভীষণ রকমের আনন্দ যে আমার হচ্ছিল, বললে বিশ্বাস করবি না—

"করব না ই তো! তোমার এতক্ষণের একটা কথাও বিশ্বাস করি না! সব ভাঁট!" আমি এতক্ষণে প্রথম মুখ খুললাম।

পেনোদা বেশ উৎসাহ নিয়ে এতক্ষণ গল্প বলছিল। আমার কথা শুনে কেমন উদাস হয়ে পাশে ঘাস চিবোতে থাকা ছাগলটার গায়ে হাত বোলাতে লাগল!

শান্তিবাদী আইনস্টাইন

সঞ্জয় কুমার দে
মলিকুমার বায়োলজি এণ্ড জেনেটিক্স

সভ্যতার আদিমযুগ থেকে আজকের উন্নয়নশীল পৃথিবীসৃষ্টির মুহূর্ত পর্যন্ত আবির্ভূত সমস্ত শান্তিবাদী মনীষীদের মধ্যে অন্যতম ব্যক্তিত্ব হলেন অ্যালবার্ট আইনস্টাইন। তিনি পৃথিবীতে শান্তি চাইতেন শুধু একজন বুদ্ধিজীবীর মতবাদের জন্য নয়, মানুষের প্রতি মানুষের নিষ্ঠুরতা ও ঘৃণা দেখলে কিংবা শুনলেই তাঁর মন বেদনার্দ্র হয়ে উঠত। আন্তর্জাতিক নিরাপত্তা ও শান্তিরক্ষার জন্যে 1919 খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত জাতিসঙ্ঘে আইনস্টাইন 1922 খ্রিস্টাব্দে যোগদান করেন এবং সঙ্কীর্ণ জাতীয়তাবাদের গোঁড়ামীর মনোবৃত্তি দূর করতে বিজ্ঞানকেই একমাত্র হাতিয়ার করে তুলতে সচেষ্ট হন। একজন নোবেলজয়ী বিজ্ঞানীর বিশ্বশান্তি আন্দোলনে যোগ দেওয়ার এটা ছিল সূচনা। এরপর থেকে জীবনের শেষদিন পর্যন্ত তিনি সারাবিশ্বে শান্তি প্রতিষ্ঠার জন্য অক্লান্ত পরিশ্রম করে গেছেন।

1879 খ্রিস্টাব্দের 14ই মার্চ জার্মানির উল্ম (Ulm) শহরে জন্ম নিয়েছিলেন শান্তির দূত অ্যালবার্ট। বাল্যকাল থেকেই তিনি ছিলেন শান্ত ও সংযত। যুদ্ধের বাজনা ও তার তালে তালে সৈন্যদের মার্চ করে যাওয়া তাঁর মনে শৈশবকাল থেকেই ভীতির সঞ্চার করত। এই অনুভূতিই ভবিষ্যতে তাঁকে একজন বড়মাপের শান্তিবাদী (Pacifist) করে তুলেছিল, যার জন্য তিনি প্রথম বিশ্বযুদ্ধের সময় থেকেই রোমা রোঁলা প্রমুখ বিখ্যাত শান্তিবাদী মনিষীদের সঙ্গে বিশ্বব্যাপী যুদ্ধবিরোধী আন্দোলন গড়তে চেয়েছিলেন। 1896 খ্রিস্টাব্দে জুরিখে পলিটেকনিক কলেজে পড়ার সময় থেকেই আইনস্টাইনের মনে ইচ্ছে জাগে 'বিশ্ব নাগরিক' হবার। পৃথিবীর সবাই জাতি-ধর্ম-নির্বিশেষে এক পৃথিবীর নাগরিক। স্বদেশভিত্তির অথবা জাতীয়তাবাদের কোন মানে নেই, দুই-ই অবান্তর ও হাস্যকর, তাই "One World Government" বা "এক বিশ্ব সরকার"-এর প্রতিষ্ঠার জন্য তিনি অনেক পরিকল্পনা করতে থাকেন এবং এ বিষয়ে অনেক প্রবন্ধও লেখেন।

আইনস্টাইন সঙ্কীর্ণ জাতীয়তাবাদ, উৎকট স্বদেশভক্তির ও দেশজয়ের জন্য যুদ্ধের উন্মত্ততাকে অত্যন্ত ঘৃণা করতেন। তাঁর বিখ্যাত প্রবন্ধ "The World as I see it" — এ তিনি লিখেছিলেন — "চারজন চারজন করে শ্রেণীবদ্ধ প্রতিটি ফৌজের স্নায়ুপীড়ক ব্যাণ্ডের বাজনার তালে তালে একজন লোক কুচকাওয়াজ করে যেতে আনন্দ পায় শুনলেই তার প্রতি আমার ঘৃণা হয়, ভুল করে তাকে একটি বড় মগজ দেওয়া হয়েছে; একটি মেরুদণ্ডই তার পক্ষে যথেষ্ট ছিল। সভ্যতার এই দূষিত অংশ যথাসম্ভব সত্বর দূর করে দেওয়া উচিত। স্বদেশভক্তির নামে এই যে ফরমাসী বীরত্ব, অর্থহীন হিংসা এবং সবরকমের মারাত্মক নির্বুদ্ধিতা এইসবকে আমি অত্যন্ত ঘৃণা করি।" এই দৃষ্টিভঙ্গী থেকেই আইনস্টাইন জার্মান জাতির রণ-উন্মাদনার সাম্প্রদায়িক মনোবৃত্তির বিরুদ্ধে ধিক্কার জানাতে তিনি সেই জার্মান নাগরিকত্ব ত্যাগ করেন, যে জার্মান জাতির অহমিকা ও সঙ্কীর্ণ জাতীয়তাবাদই ছিল বিধ্বংসী দুই বিশ্বযুদ্ধের প্রাথমিক কারণ।

1919 খ্রিস্টাব্দে আপেক্ষিকতাবাদের সত্যতা প্রমাণিত হওয়ার সঙ্গে সঙ্গে আইনস্টাইনের খ্যাতি পৃথিবীময় দ্রুত ছড়িয়ে পড়ে। এ ব্যাপারে লিওপোল্ড ইনকেল্ড তাঁর 'Quest' নামক আত্মজীবনীতে সুন্দর যুক্তি দেখিয়েছেন — "এই পরীক্ষা নিরীক্ষাটি হল ঠিক বিশ্বযুদ্ধের শেষ হবার সঙ্গেই। পৃথিবীর মানুষের মন এই নারকীয় যুদ্ধে ঘৃণা, মৃত্যু, অত্যাচার, আন্তর্জাতিক ষড়যন্ত্র ইত্যাদির বীভৎসতা দেখে এই বাস্তবজীবনের সৌন্দর্য, মাধুর্য ইত্যাদি ধারণা হারিয়ে ফেলেছিল, মন হয়েছিল অত্যন্ত তিক্ত ও দুঃখবাদী। প্রত্যেকেই যুদ্ধের বীভৎসতা মন থেকে মুছে ফেলতে চেষ্টা করছিল আর শান্তির নূতন যুগের আবির্ভাবের জন্য ব্যগ্র প্রতিক্ষায় ছিল .....।" ইনফেল্ড আরও লিখলেন, "আইনস্টাইনের এই দ্রুত খ্যাতিলাভের কারণ বোধ হয় এই যে, একজন জার্মান বিজ্ঞানীর মতবাদ ইংরেজ জ্যোতির্বেত্তারা সত্য বলে প্রমাণ করেছেন। এতে মানুষ মনে শান্তিলাভ করল যে, বিজ্ঞানে শত্রুমিত্র নেই এবং মানুষের মনে আশা হল শান্তির নূতন যুগের আবির্ভাবের।"

ঐ বছরই প্যারিসে অনুষ্ঠিত শান্তি সম্মেলনে ও ভার্সাই সন্ধিতে মার্কিন যুক্তরাষ্ট্র, ইংল্যাণ্ড, ফ্রান্স ইত্যাদি মিত্রপক্ষের সমবেত রাজনীতিজ্ঞগণ জার্মানির সামরিক শক্তিকে ও অর্থনৈতিক অবস্থাকে চূর্ণ-বিচূর্ণ করতে উদ্যত হলেন। কিন্তু, এইখানেই তাঁদের বিচারে বেশ কিছুটা উদারতা, ন্যায় এবং দূরদৃষ্টির অভাব দেখা যায়। এমনকি শান্তির জন্য প্রতিষ্ঠিত জাতিসঙ্ঘের নীতি দিয়ে বিচার করলে জার্মানির প্রতি কিছুটা অন্যায় করা হয়েছিল স্বীকার করতে হবে। যার জন্য মাত্র কুড়ি বছরের ভিতরে 1939 খ্রীস্টাব্দের 1লা সেপ্টেম্বর জার্মানির পোল্যাণ্ড আক্রমণ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা করল। এদিকে 1921 খ্রিস্টাব্দে আইনস্টাইন দম্পতি বার্লিনে ফিরে এলে, আমেরিকা ও অন্যান্য জায়গায় তাঁর অপরিমেয় সমাদরে ঈর্ষান্বিত হলেন কয়েকজন জার্মান বিজ্ঞানী। একই সময়ে জার্মানির জনগণকে গতযুদ্ধের পরাজয়ের গ্লানি মুছে ফেলে আবার যুদ্ধের জন্য প্রস্তুত হতে উত্তেজিত করতে কয়েকজন উদ্ধত প্রকৃতির যুবক একটি প্রচারপত্রে জনগণকে সই করাতে লাগল। আইনস্টাইন দেখলেন যে, ঐ প্রচারপত্রে বেশ কয়েকজন বিশিষ্ট বিজ্ঞানীর নামও আছে। তিনি এতে প্রচণ্ড আপত্তি জানিয়ে বললেন, "আমি এই আন্দোলনে যোগ দেবার চেয়ে টুক্‌রো টুক্‌রো হয়ে মৃত্যুবরণকে অধিকতর বাঞ্ছনীয় বলে মনে করি।" এর

পরেই তিনি শান্তিবাদী আন্দোলন গঠনের উদ্দেশ্যে অধিকতর শক্তি নিয়োজিত করে মানবকল্যাণে ঝাঁপিয়ে পড়লেন দেখে একজন জিজ্ঞেস করলেন, "আপনি যে বিজ্ঞানের চিন্তা ছেড়ে মানুষের কল্যাণের জন্য চিন্তা করছেন, এতে কি বিজ্ঞানের ক্ষতি হচ্ছে না?" আইনস্টাইন উত্তর দিলেন, "পৃথিবীর সর্বত্র এখন নানারূপ আন্দোলন হচ্ছে, নানা বিষয়ের জাগরণ হচ্ছে। এই সময়ে আমরা স্বতন্ত্র বা এককভাবে নিজের মতে যদি চলি, তবে সেটি ঠিক হবে না। এখন সময় এসেছে সমস্ত জাতির একত্রিত হয়ে মানুষের নানাবিধ সমস্যা সমাধান করবার।"

1930 সালে ভারতবর্ষের স্বাধীনতার জন্য বৃটিশ রাজশক্তির বিরুদ্ধে গান্ধীজীর অহিংস অসহযোগ আন্দোলন (non-violent non cooperation movement) আইনস্টাইনকে অতিরিক্ত মাত্রায় বিস্মিত করেছিল। তিনি নিজেও মনে প্রাণে শান্তিকামী ছিলেন বলে মৃত্যু, কারাবরণ, নানারূপ নিষ্ঠুরতা ও অত্যাচার সহ্য করেও ভারতীয়রা গান্ধীজীর প্রেরণায় ও তাঁর নেতৃত্বে বছরের পর বছর এই আন্দোলন চালিয়ে যাচ্ছে দেখে তাঁর গান্ধীজীর প্রতি অসীম শ্রদ্ধার উদ্রেক হয়। প্রিন্সটনে তাঁর লেখাপড়া করবার ঘরে টেবিলে থাকত গান্ধীজীর ফটো। তিনি দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীতে শান্তি স্থাপনের জন্য গান্ধীজীর অহিংস নীতিকেই আদর্শ হিসেবে গ্রহণ করতে বলেন।

আইনস্টাইন তাঁর বিখ্যাত "Special theory of relativity" আবিষ্কার করেন 1905 খ্রিস্টাব্দে যা থেকে তিনি $E = mc^2$, অর্থাৎ কোন বস্তুর ভর m কে আলোর বেগ C-এর বর্গ দিয়ে গুণ করলে তার তুল্য পরিমাণ শক্তি উৎপন্ন হয় — এই অনুসিদ্ধান্তটি বের করেছিলেন। এই অনুসিদ্ধান্তের উপর ভিত্তি করে তৈরী হওয়া পরমাণু বোমার বিস্ফোরণ ঘটায় আমেরিকা — হিরোশিমা ও নাগাসাকিতে। এই বিস্ফোরণে লক্ষ লক্ষ নিরীহ নরনারীর নিহত ও আহত হওয়ার খবর পেয়ে গভীর মনস্তাপ ও আত্মগ্লানি হয়, যার জন্য বেশ কয়েকমাস তিনি বাড়ি থেকে বের হতেন না এবং তাঁর স্বাস্থ্যও ভেঙে পড়েছিল নিজেকে এর জন্য দায়ী ভেবে। তিনি গভীর দুঃখে বলেছিলেন যে, আবার যদি নূতন করে জীবন শুরু করা সম্ভব হত, তবে তিনি বিজ্ঞানের সাধনা না করে মিস্ত্রী বা ছুতোর হতেন। এই বিস্ফোরণের পরেই জাপান সরকার শান্তি স্থাপনের জন্য রাজী হলেন (10ই আগষ্ট, 1945) এবং ২রা সেপ্টেম্বর দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমাপ্তি ঘোষণা হলে মার্কিন যুক্তরাষ্ট্রের অধিবাসীরা আনন্দে উৎফুল্ল হয়ে উঠলেন।

1950 খ্রিস্টাব্দে একটি টেলিভিশন সাক্ষাৎকারে মার্কিন যুক্তরাষ্ট্রের শান্তিবিরোধী এবং যুদ্ধবাদী নীতির কঠোর সমালোচনা করে আইনস্টাইন বললেন, "এই রাষ্ট্রের বৈদেশিক নীতির প্রতিটি বিষয়ের একটি মাত্র লক্ষ্য ঃ যুদ্ধের সময় শত্রুপক্ষের চেয়ে সব বিষয়ে সৈন্য পরিচালনার সুবিধার জন্য পৃথিবীর সমস্ত প্রয়োজনীয় স্থানে সামরিক ঘাঁটি স্থাপন। সম্ভাব্য ক্ষমতাবান ও কার্যকর মিত্রপক্ষকে সামরিক সম্ভার দিয়েও আর্থিক সাহায্যে আরও শক্তিশালী করা, আর দেশের অভ্যন্তরে সামরিক কর্তৃপক্ষের হাতে প্রচুর পরিমাণে অর্থব্যয়ের ক্ষমতা দেওয়া; যুবকদের সামরিক মনোবৃত্তিসম্পন্ন করা; ....."

তাই হিরোশিমা ও নাগাসাকির মর্মান্তিক দুর্ঘটনার পর তিনি স্থির করলেন যে, পৃথিবীর মানুষকে বোঝাতে হবে পারমাণবিক শক্তি শুধু ধ্বংসই করে না, মানুষের অশেষ কল্যাণও করে; আর সমস্ত রাষ্ট্রের কাছে আবেদন করতে হবে যে, এই শক্তির ধ্বাংসাত্মক ক্ষমতাকে কেউ যেন যথেচ্ছ ব্যবহার না করে আয়ত্তে রাখে।

অর্থাৎ— "It stands to the everlasting credit of science that by acting on the human mind it has overcome man's insecurity before himself and before nature."

তিনি পৃথিবীর বিভিন্ন স্থানের বিজ্ঞানীদের ও চিকিৎসকদের সঙ্গে দেখা করে আলোচনা করলেন পরমাণুর শান্তিপূর্ণ ব্যবহারের বিষয়টি। তাঁদের আলোচনার ফলস্বরূপ, কাগজে-কাগজে প্রকাশিত হতে থাকল—

তেজস্ক্রিয় আয়োডিনের ব্যবহার গলগণ্ড রোগ নিরাময় করতে পারে;

নিউট্রন রশ্মি ক্যান্সার রোগ নিরাময়ের জন্য ব্যবহৃত হয়,

পরমাণু শরীরের হাড়ের ক্ষয় প্রতিরোধ করে।

পারমাণবিক চুল্লীতে নানারূপ পদার্থের আইসোটোপ

তৈরি হয়, সেগুলি চিকিৎসা ছাড়াও অধিকতর ফসল ফলাতে সাহায্য করে;

পারমাণবিক চুল্লীর তাপ-বিদ্যুৎ জন্মানোর কাজে ব্যবহৃত হতে পারে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমাপ্তির পর মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত রাশিয়ায় পরমাণু বোমা ও হাইড্রোজেন বোমা বানাবার প্রতিযোগিতা দেখে আইনস্টাইন খুবই উদ্বেগ প্রকাশ করে লিখেছিলেন, "মানুষের দ্বারা সৃষ্ট এই সঙ্কটপূর্ণ অবস্থা দূর করবার কি কোন পথ আছে? আমাদের সবাইয়ের, বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্রের ও সোভিয়েত রাশিয়ার কর্তৃপক্ষের উপলব্ধি করা প্রয়োজন যে, আমরা একটি বাইরের শত্রুকে পরাজিত করলেও, যুদ্ধের জন্য সৃষ্ট মানবতাকে দূর করতে পারিনি, যতদিন পর্যন্ত ভবিষ্যৎ সংগ্রামের কথা মনে রেখে প্রতিটি কাজ করা হবে, ততদিন কখনও স্থায়ী শান্তি পাওয়া যাবে না। শান্তপূর্ণ সহাবস্থানের জন্য চাই সব রাষ্ট্রের আন্তরিক সহযোগিতা।"

অর্থাৎ— "Peace cannot be kept by force

It can only be achieved by understanding."

তিনি প্রস্তাব দেন, "একটি শক্তিশালী আন্তর্জাতিক সংস্থা গঠন করবার, যার হাতে থাকবে সমস্ত পৃথিবীর প্রশাসনিক ও বিচার বিভাগীয় ক্ষমতা, তাহলে পৃথিবীর মানুষের কিছুটা নিরাপত্তার ভাব আসবে। এই সংস্থাকে বলা যেতে পারে "Supra national Organisation" অথবা "Restricted World Government"

(সীমিত বিশ্ব সরকার)।

বর্তমান পৃথিবীতে শান্তির অভাব হওয়ার মূল কারণ তাঁর মতে, আমরা ভুলে গেছি যে, আমাদের অন্তর ও বাহির দুটি জীবনই নির্ভর করে জীবিত ও মৃত বহু মানুষের শ্রমের উপর এবং আমাদেরকে যে, আন্তরিকভাবে চেষ্টা করতে হবে যাতে, আমরা অপরের থেকে যতটা পেয়েছি এবং এখনও পাচ্ছি; ঠিক ততটা পরিমাণেই আমাদেরকেও অপরকে দিতে হবে — এই ন্যূনতম কর্তব্যবোধটারও অবলুপ্তি ঘটেছে। পুঁজিবাদী সমাজের অর্থনৈতিক অরাজকতা বর্তমানকালে যেভাবে বিদ্যমান, আইনস্টাইনের মতে সেটিই হল সব অনিষ্টের মূল। তিনি পুঁজিবাদকে ভীষণভাবে ঘৃণা করতেন, কারণ "পুঁজিবাদের সবচেয়ে ক্ষতিকর ফল হল মানুষের মনুষ্যত্ব বিকাশের সম্ভাবনাকে পঙ্গু করে দেওয়া। আমাদের সব শিক্ষাপদ্ধতিতে বেশিরভাগ ছাত্রেরই শিক্ষালাভের একমাত্র উদ্দেশ্য হল — কি করে প্রতিযোগিতায় সিদ্ধিলাভ করে ভবিষ্যৎ জীবনে কর্মক্ষেত্রে উন্নতির শিখরে আরোহরণ করা যায়, এরা হল সব carrerist যারা নিজেদের জীবনে উন্নতি করে সুখে ও সম্মানে থাকতে চায়, সমাজের দশজনের কথা এদের মনেও আসে না।" তাঁর দৃঢ় বিশ্বাস ছিল যে, পুঁজিবাদের মহা অনিষ্টকে দূর করার একমাত্র পথ হল দেশের একটি অভিন্ন সমাজতান্ত্রিক অর্থনীতিকে প্রতিষ্ঠিত করা, যা দেশের প্রতিটি পুরুষ নারী ও শিশুর জীবিকা নির্বাহের দায়িত্ব গ্রহণ করবে। শিক্ষার বিষয় এমন হতে হবে যে, প্রতিটি ছাত্র তার সহজাত গুণাবলী উন্নতি করা ছাড়াও, আত্মকেনিদ্রক না হয়ে, সমাজের অপর দশজনের দায়িত্ব গ্রহণ করবে।

অবশেষে এই শান্তির প্রচারক আইনস্টাইন, যিনি জ্ঞানের তপস্যায়, মানবপ্রেমে এবং চারিত্রিক মহত্ত্বের সুষ্ঠু সমন্বয়ে মহাপুরুষে পরিণত হয়েছিলেন, তিনি 1955 খ্রিস্টাব্দের 18ই এপ্রিল পৃথিবীর কোটি কোটি মানুষকে তাঁর ভালোবাসার সুধারস থেকে বঞ্চিত করে পরলোক গমন করেন, কিন্তু, তিনি তাঁর শান্তির আদর্শের জন্য, মানব কল্যাণের আদর্শের জন্য আজও আমাদের মনে শ্রেষ্ঠ মানুষের আসনটি অলংকৃত করে আছেন। যার স্বীকৃতি স্বরূপ তাঁকে বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ মানুষের সম্মানে ভূষিত করে বিশ্ববাসী আজ ধন্য। পৃথিবীর যেখানেই তিনি অশান্তি, অরাজকতা আর যুদ্ধের ন্যায় পাশবিক অত্যাচারে মানুষকে লাঞ্ছিত হতে দেখেছিলেন, সেখানেই তিনি বয়ে নিয়ে গিয়েছিলেন শান্তির আলোকশিখা।

আজ হয়ত তাঁর আবিষ্কৃত পারমাণবিক শক্তির অকল্যাণকর ব্যবহারে পৃথিবী ক্ষতিগ্রস্ত হচ্ছে না, এমনকি কোন বিশ্বযুদ্ধও হচ্ছে না, কিন্তু পৃথিবীময় আজও কিছু সংকীর্ণ স্বার্থচেতা মানুষ সাম্প্রদায়িক বিক্ষোভ, ঘৃণ্য জাতী বিদ্বেষ, বর্ণ-বিদ্বেষের বীজ বপন করে বেড়াচ্ছে, আজও একদেশ অপর দেশের সঙ্গে প্রতিযোগিতায় মুখোমুখি হচ্ছে, পরিবেশের সঙ্গে সঙ্গে মানুষের মনও আজ বিষাক্ত হয়ে গেছে, যার ফলে পৃথিবীতে আজ সন্ত্রাসবাদ ও সাম্রাজ্যবাদের সুপ্ত নখর যেগে উটেছে। এর থেকে মুক্তির একমাত্র উপায়ই হল আইনস্টাইন প্রস্তাবিত সারা বিশ্বে একজাতির আদর্শকে বাস্তবায়িত করা, বিশ্বশান্তি স্থাপনে "One World Government"-এর প্রবর্তন করা। যে ধারাকে ত্বরান্বিত করতে 1979 খ্রিস্টাব্দে তাঁর জন্মশতবর্ষে রাষ্ট্রপুঞ্জ ঘোষণা করে প্রতি বছর আইনস্টাইনের জন্মদিন 14ই মার্চ তাঁর বিশ্বে শান্তি স্থাপনের ও বিশ্বে নিরস্ত্রীকরণের ঐকান্তিক প্রচেষ্টার জন্যে তাঁর স্মরণে 'অ্যালবার্ট আইনস্টাইন' শান্তি পুরস্কার দেওয়া হবে। আসলে যুগাতীত মহামানব, শান্তির পূজারী, সর্বকালের সেরা চিন্তানায়ক আইনস্টাইনকে সমগ্র পৃথিবী এভাবেই যুগ যুগ ধরে শ্রদ্ধা জানাবে মানবিকতার স্বার্থে।

তথ্যঋণ ঃ

১. "অ্যালবার্ট আইনস্টাইন" — দ্বিজেশচন্দ্র রায়।
২. "মহাবিজ্ঞানী আইনস্টাইন" — প্রশান্ত প্রামানিক।
৩. "মনোরমা ইয়ার বুক — ২০০৩"।
৪. "দেশ" পত্রিকা।

শিল্প হিসেবে আবৃত্তি ঃ স্বাতন্ত্র্য ও স্বয়ংসম্পূর্ণতা এক "অকথ্য অলীক" বাস্তবতার খণ্ডচিত্র ও পূর্ণতার খোঁজ...

অভিষেক ঘোষাল

স্নাতক, ২য় বর্ষ, বাংলা বিভাগ

অন্যান্য শিল্পের পাশে নিজ কৌলীন্য প্রতিষ্ঠা করতে আবৃত্তিকে আজও যথেষ্ট বেগ পেতে হয়। আবৃত্তি বলতে ঠিক কী বোঝায়, কবিতার সঙ্গে এর পার্থক্যই বা কোথায়, কবিতার আবৃত্তি হয়ে ওঠার দরকারই বা কী, কিংবা আবৃত্তি আদৌ শিল্প পদবাচ্য কি না — আবৃত্তি- প্রেমী মানুষজনেরও খুব কম অংশেরই এসব ব্যাপারে স্পষ্ট ধ্যানধারণা রয়েছে। ফলে, খোদ কোলকাতায় ও মফস্বল-শহরতলীতে ইংরেজী মাধ্যম স্কুলের সঙ্গে প্রায় পাল্লা দিয়ে আবৃত্তি শেখার স্কুল গড়ে উঠতে থাকলেও বা আবৃত্তি নিয়ে বাজারচলতি যে কোনও লেখায় এর জনপ্রিয়তার আতিশয্যে যে কেউই গদগদ হলেও শিল্পটির প্রকৃত অগ্রগতি সম্পর্কে সন্দিহান হবার যথেষ্ট কারণ কিন্তু রয়েছে।

জন্মাবার পরমুহূর্তেই একটি শিশু নিজ অস্তিত্বের জানান দেয় যে দুর্বোধ্য শব্দে, বৃহত্তর অর্থে ধরতে গেলে সেটিও আবৃত্তি। ইতিহাসে শ্রুতির যুগ বা আবৃত্তির উপযোগিতা সম্পর্কেও কমবেশি সকলেই জানেন। পৃথিবীর প্রাচীনতম এই শিল্পমাধ্যমটির বর্তমান সূক্ষ্মতর ও শিল্পিত রূপের জন্মমুহূর্ত নিয়ে যথেষ্ট গবেষণার অপ্রতুলতাই শিল্পটির প্রতি যাবতীয় ঔদাসীন্যের সবোৎকৃষ্ট নিদর্শন। "এহেন অস্পৃশ্য শিল্পকে" নিয়ে প্রেসিডেন্সি কলেজ ম্যাগাজিনে একটি পূর্ণাঙ্গ লেখা প্রকাশিত হতে সময় লেগে গেল প্রায় দু'শো বছর, এতে আর আশ্চর্যের কী?

আবৃত্তি : শিল্প না কি

শিল্পী তাঁর শিল্পবোধ ও জীবনবোধ থেকে সমসাময়িক বা অতীতে ঘটে যাওয়া কোন ঘটনার অভিঘাত বা অভিজ্ঞতালব্ধ উপলব্ধিকে নিজ মাধ্যমে প্রকাশ করেন, শিল্প রচিত হয় তখনই। সাধারণভাবে বিভিন্ন শর্ত, আঙ্গিকের নানা রকমফের, প্রায়োগিক ও তত্ত্বগত নানান তর্কবিতর্ক, ভাঙাগড়া ইত্যাদি বিচার বিশ্লেষণ করে শিল্পতত্ত্বের নিরিখে শিল্প বলতে তো একেই বোঝায়। আবৃত্তিও সেই অর্থে একটি আদ্যন্ত শিল্প, এর সুদূর ঐতিহ্যগত দিকটি পর্যালোচনা করে দেখলে পৃথিবীর প্রাচীনতম শিল্পগুলির একটি। কিন্তু আবৃত্তিকে পৃথক কোন শিল্পমাধ্যম হিসেবে দেখতে বা শিল্পের পর্যায়ে একে গণ্য করতেই নারাজ যাঁরা, তাঁদের এই বীতশ্রদ্ধার কারণ মূলত এর শিল্পগত স্বাতন্ত্র্যের দিকটি সম্পূর্ণরূপে উপেক্ষিত হওয়া। আর, এই স্বাতন্ত্র্যের অন্বেষণে এক বড় অংশ জুড়ে রয়েছে একটি কবিতার আবৃত্তি হয়ে ওঠার সামগ্রিক প্রক্রিয়াটির খুঁটিনাটি বিশ্লেষণ। শিল্প তত্ত্বের নিরিখে আবৃত্তি কিভাবে শিল্প — এইপ্রশ্নের সঙ্গে তাই অঙ্গাঙ্গিভাবে যুক্ত আবৃত্তির স্বাতন্ত্র্যের প্রশ্নটিও।

শিল্প হিসেবে যাঁরা আবৃত্তিকে মানতে চান না, তাঁদের তত্ত্বগত-ভাবে আবৃত্তির শিল্পতাত্ত্বিক ভিত্তিভূমি খুঁজে পাবার পথে সবচেয়ে বড় অন্তরায় কবিতা ও আবৃত্তির মধ্যে পার্থক্যের জায়গাটি সম্পর্কে সম্যক ধারনার অভাব। আবৃত্তি কবিতার Extention মাত্র নয়। কোন একটি রচনা বা রচনাংশের সঙ্গে নিজ চিন্তার মিল পেয়ে, বা নিজ উপলব্ধিপ্রসূত কোন মতামতের সমর্থনে প্রকাশোপযোগী ভাষা খুঁজে নিয়ে কোন কবির রচনা থেকে, আবৃত্তিকার যথোপযুক্ত স্বরের সাহচর্যে, ছন্দের স্পন্দনে, অভিব্যক্তির পরিমিত ও সুপরিকল্পিত নিয়ন্ত্রণে, উচ্চারনের অভ্যাসজাত দক্ষতায় রচনা করেন আরেক শিল্প যার নাম আবৃত্তি। আবৃত্তি শিল্পের কোন একজন শিল্পী তাঁর নিজস্ব মেধা, মনন, অভিজ্ঞতা, উপলব্ধিজাত জ্ঞানকেই বিচ্ছুরিত করেন তাঁর আবৃত্তিতে। একটি সার্থক আবৃত্তিরূপ সৃষ্টির সময় আবৃত্তিকার কোন কবিতা বা কোন লিখিত ভাষাকে (তো সে গদ্য-পদ্য যাই হোক না কেন) ব্যবহার করেন মাত্র। সেই আবৃত্তিতে বিধৃত মানসিকতা, তাতে প্রকাশিত জীবনবোধ, সমাজ-পরিপার্শ্ব সম্পর্কে দৃষ্টিভঙ্গি — সবকিছুই একান্তভাবে ওই আবৃত্তিকারের। মূলতঃ কবিতা বা কবিতাংশের আবৃত্তিই শুনতে যেহেতু আমরা অভ্যস্ত, তাই বলা যায় আবৃত্তির সৃজনকালে কবিতা একটি উপকরণ ব্যতীত আর কিছুই নয়।

আবৃত্তি করা ও আবৃত্তি শোনা — দুই ক্ষেত্রেই দীর্ঘদিন ধরে প্রচলিত ধারনার বশবর্তী হয়ে কবিতাপাঠ বা কবিতাকে সম্যক উপলব্ধি করতে পারার অপর নামই যে আবৃত্তি নয়, তা বোঝার ব্যাপারে বড়সড় খামতি থেকে গেছে। ফলে, আবৃত্তির মধ্যে কবিতার মূলভাব বা কবির মানসিকতা, কবির দৃষ্টিভঙ্গির পরিচয় পাবার আশা করা যে কোন দিক থেকেই শিল্পসম্মত নয়, তা প্রথমে বোঝা দরকার। কবিতার ভাষাশরীরকে ধার করে গড়ে উঠলেও শ্রুতিগত মাধ্যমে আবৃত্তি স্বতন্ত্র শিল্প হিসেবে লাভ করে এক বহুমাত্রিকতা, যা কবিতাটি পঙ্‌ক্তিবিভাজন বা বিরাহচিহ্ন অনুযায়ী পড়ে গেলেই হয় না। কবিতাটিকে সম্পূর্ণ নিজ দৃষ্টিভঙ্গির আলোকে পুনরালোকিত করে তাকে ভিন্নতররূপে প্রকাশ করতে হয় একজন আবৃত্তিশিল্পীকে। কবি যেভাবে নিজেকে প্রকাশ করেন তাঁর কবিতার, আবৃত্তিশিল্পীও কবিতা

বা কবিতাংশকে অন্যতম উপকরণ হিসেবে ব্যবহার করে নিজেকেইপ্রকাশ করেন তাঁর আবৃত্তিতে। কবিতাকে বুঝলেই তাই তার আবৃত্তিও বোঝা হয়ে যায় না, কবিতার তন্নিষ্ঠ পাঠক হলেই তাই আবৃত্তিকারও হয়ে যাওয়া যায় না, কোন কবিতার রচনার প্রেক্ষিত বা কবিতাটির নিরিখেই কেবলমাত্র তার আবৃত্তিরও বিচার করতে বসা যায় না। আবৃত্তি শিল্পীকে যদিও কবিতা বুঝতেই হয়, কবিতার নিমগ্ন পাঠক হতেই হয়, কোন কবিতার রচনার প্রেক্ষিতও বুঝে নেওয়ার চেষ্টা করতে হয় যতোদূর সম্ভব, কিন্তু সে সবই এর পরের ধাপ, অর্থাৎ কবিতাটির আবৃত্তি রূপ সৃষ্টির প্রয়োজনে। কোন কবিতা বুঝতে গেলে যেমন সেই কবিতাটি সম্পর্কে কবির ভাবনাচিন্তা বা কবির কবিতাটি রচনার সমসাময়িক অন্যান্য লেখাপত্র ইত্যাদি পড়লে সুবিধা হয়, আবৃত্তি রূপটি বুঝতে গেলেও তেমনি, কবির মানসিকতা বা উপরোক্ত কবিতা বোঝার অনুকূল শর্তগুলি নয়, বুঝতে হয় আবৃত্তি রূপটি সৃষ্টির গল্প। কিভাবে ও কেন আবহমানকালের কবিতার ভাণ্ডার থেকে একটি নির্দিষ্ট কবিতা বা লিখিত ভাষা শরীরকেই নিজ ভাবপ্রকাশের উপকরণ হিসেবে, অর্থাৎ আবৃত্তি করার জন্য বেছে নিলেন আবৃত্তিকার, চেনা বা বহুপঠিত ও কবি-সমালোচকদের নানারকম ব্যাখ্যাসম্বলিত কোন কবিতায় আবৃত্তিকার কি পেলেন কোন নতুনের খোঁজ, প্রতিটি লাইনকে তিনি যেভাবে উপলব্ধি করলেন বা শব্দগুলিতে পেলেন নিজস্ব চিন্তার মিল, তা ঠিক কোন্ স্বরে কোন্ ছন্দের চলনে ছন্দকে গলায় এনে, অভিব্যক্তির ঠিক কোন্ স্তরে, কোন্ মাত্রায় তিনি প্রকাশ করলেন, বা করতে চেয়েছিলেন, বা কয়েকটি আসরে পরিবেশনের পর বদল করেছিলেন, কিছু স্বর, ঠিক যেভাবে কবি প্রকাশের পরও অদলবদল ঘটান তাঁর কবিতার, কিংবা চলচ্চিত্রকার চিত্রনাট্যের প্রয়োজনীয় পরিবর্তন ঘটান ছবি তুলতে তুলতেই....

বলা বাহুল্য, আবৃত্তিরূপ সৃষ্টির গল্প জানা কোন আবৃত্তি উপভোগের জন্য অনিবার্য কিছুই নয়, আর "শিল্প" হিসেবেই বা এখনও ঠিকমতো প্রতিষ্ঠিত নয়, তেমন কোন শিল্পের সৃষ্টির রহস্য জেনে নেবার পরিশ্রম স্বীকার করবেন সাধারণ শ্রোতা, এও নেহাত চিন্তার বিলাসিতামাত্র। কিন্তু কবিতার সৃষ্টিকাহিনী কবিতা বুঝতে সহায্য করতে পারে, তার আবৃত্তিকে নয়। আবৃত্তি বুঝতে ঐ জাতীয় কোন সৃষ্টিকাহিনীর যদি দরকার করে, তবে তা সেই আবৃত্তিরূপ সৃষ্টির পেছনে আবৃত্তিকারের দাঁতে দাঁত চেপে সমব্যথী স্বরান্বেষণের কাহিনী।

নিজ ভাবনা চিন্তাগত সাযুজ্য অনুযায়ী বা রুচির নিরিখে কবিতা বা প্রকাশোপযোগী ভাষাশরীর নির্বাচন থেকে শুরু করে তার আবৃত্তিরূপ সৃষ্টি ও স্বরলিপিনিষ্ঠ পরিবেশন — এই গোটা ব্যাপারটিকে যদি আমরা একটি সার্থক আবৃত্তি সৃজনের সামগ্রিক প্রক্রিয়া হিসেবে ধরি, তাহলে এর শিল্পগত স্বাতন্ত্র্য ও বহুমাত্রিকতার দিকটি খুব কিছু অধরা থেকে যায় কি? আর আবৃত্তির এই স্বাতন্ত্র্যগত দিকটি উপলব্ধি করলেই তার শিল্পতাত্ত্বিকভূমি খুঁজে পেতে কোন অসুবিধা থাকার কথা নয়, কারণ তা বুঝতে শেখার, কবিরা বিদগ্ধ ধোপা, আর আবৃত্তি শিল্পীরা তাঁদের হৃদয় ও মগজ নিঃসারিত বৈদগ্ধ্যের ভারবাহক গাধার দল এমনটা কোনমতেই নয়।

সম্পূর্ণ ভিন্নগোত্রের একটি শিল্পমাধ্যম, পর দোষের মধ্যে দোষ, নিজ সৃজনকালে সে কবিতার ভাষা শরীরটিকে ব্যবহার করে মাত্র, তাকে আলাদা কোন স্বীকৃতিই শিল্প হিসেবে দেওয়াই হবে না, তা সে যতোই অ্যারিস্টটল থেকে শুরু করে ডঃ সাধন ভট্টাচার্য অবধি প্রত্যেকের শিল্পতাত্ত্বিক বিশ্লেষণের ভিত্তিতে শিল্পের শিল্প হয়ে ওঠার শর্তাবলী পূরণ করুক না কেন, এ ঠিক কোন্ ধারার শিল্পবোধ!!

স্বয়ংসম্পূর্ণ এক শিল্পমাধ্যম ঃ আবৃত্তি

কবিতার লিখিত ভাষা শরীরের উপর আবৃত্তিকে একটা পরিমানে নির্ভর যেমন করতেই হয়, তেমনিই এও ঠিক যে আবৃত্তির রূপটির সম্পূর্ণতা ঐ লিখিত ভাষা শরীরটির উপরই কেবলমাত্র নির্ভরশীল নয়।

স্বতন্ত্র শিল্পমাধ্যম হিসেবে আবৃত্তির স্বয়ং সম্পূর্ণতার প্রশ্নের উত্তর নিহিত রয়েছে শিল্পটির সৃষ্টির ইতিহাসের মধ্যেই। বৈদিক শিক্ষার একটি বিশিষ্ট অঙ্গরূপে পরিগণিত হত আবৃত্তি, শুধু এ কারণেই, যে কণ্ঠস্বর, স্বর পরিবর্তন পদ্ধতি, স্বরের নানান সূক্ষ্মচলন, সুর ও সুরের টান, হ্রস্ব-দীর্ঘ-অর্ধমাত্রার উচ্চারণের ঝোঁক ও অন্যান্য এ জাতীয় বৈশিষ্ট্য কেবল আবৃত্তিতেই রচিত হত। প্রায় দু'হাজার বছর ধরে এজন্যই বেদ লিখিত হয়নি, গুরু-শিষ্য পরম্পরায় কণ্ঠে কণ্ঠে প্রবাহিত হয়ে এসেছে। লেখ্যরীতি চালু হয়নি বলেই শুধু না, একটি অক্ষরও যাতে বাদ না পড়ে বা বিকৃত না হয়, সেজন্যই নানান ছাঁদে বেদ আবৃত্তি করা হত। প্রত্যেক আবৃত্তিবিষয়েরই ছিল এক সুনির্দিষ্ট নিয়মনিষ্ঠতা, যার সুপ্রযুক্ত ব্যবহার ও অনুসরণ প্রায় দু'হাজার বছর ধরে বেদের কবিতাগুলিকে বাঁচিয়ে রেখেছিল একান্ত ভাবেই শ্রুতিগত মাধ্যমে। ভাবতেও অবাক লাগে, প্রায় দু'হাজার বছরকাল যাবৎ কণ্ঠে কণ্ঠে প্রবাহিত হয়ে চলেছে বেদের কবিতাগুলি, যার প্রবাহন প্রক্রিয়ার সামন্যতম স্বরের বিচ্যুতিই ঘটিয়ে দিতে পারে কবিতার অন্তর্বস্তুগত পরিবর্তন। কী কঠোর সেই স্বরসঞ্চালন। কী অমোঘ সেই উচ্চারণ! কী অপরিসীম সম্ভাবনার গর্ভগৃহ সেই আদিম শিল্প — আবৃত্তি! আর, এই ইতিহাসই সামনাসামনি দাঁড় করায় এক অপ্রিয় সত্যের। কবিতার সারাৎসার তাহলে আবৃত্তি ক্ষেত্রে ঠিক কতটা প্রয়োজনীয়, যখন আবৃত্তিকালে স্বরের সামান্যতম হেরফের ঘটিয়ে দিতে পারে সমগ্র কবিতার রসের বিস্তারিত পরিবর্তন!

শিল্প মাধ্যম হিসেবে আবৃত্তির স্বাতন্ত্র্যের দিকটি পেরিয়ে এসে তার স্বয়ংসম্পূর্ণতার প্রশ্নে তাই গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়ায় কোন শিল্পের শিল্পগত বা আঙ্গিকগত অনিবার্যতার জায়গাটি। এ নিয়ে আলোচনার সময় আমার কিছু সাহিত্যপ্রেমী ও আবৃত্তিজিজ্ঞাসু বন্ধু আমাকে প্রশ্ন



করেন, একজন চলচ্চিত্রকার কোন মোদ্দায় পছন্দ উপন্যাসের অদলবদল ঘটিয়ে, উপন্যাসটি তেমন কিছু উচ্চপদবাচ্য না হলেও, তা থেকে অসাধারণ কোন চলচ্চিত্র সৃষ্টি করতে পারেন। সেখানে তাঁর একটি বড়সড় ছাড় থাকে, দরকারে তিনি উপন্যাসটির আমূল পরিবর্তন সাধনেও পিছপা হন না। কিন্তু আবৃত্তিকার তো দরকারে কবির কোন রচনার পরিবর্তন ঘটাতে পারেন না। তবে? আবৃত্তির স্বয়ংসম্পূর্ণ হবার পথে বড়সড় একটি বাধা কি এখানেই তৈরী হল না? প্রশ্নটির উত্তরে প্রথমেই বলা চলে, এখানে কিন্তু কোন খারাপ বা খারাপ লাগা কবিতার বা কবিতাংশের কিছু শব্দ বা বিরামচিহ্নের পরিবর্তনের কথাই বলা হল না, একইসঙ্গে বলা হল, কবিতার উপর আবৃত্তির অমোঘ নির্ভরতার কথাও।

নিম্নমানের কোন কবিতা বা কবিতাংশ দিয়ে কি রচিত হতে পারে না কোন সার্থক আবৃত্তিরূপ? তার অজস্র নিদর্শন কিন্তু আছে। যেহেতু, এ বিষয়ে সমগ্র উপলব্ধির বেশীরভাগটাই নির্ভর করে শ্রুতিগত দিকটির উপর। তাই সেইসব নিদর্শন নিয়ে খুব বেশী আলোচনার অবকাশ এখানে নেই। শুধুমাত্র এটুকু বলা চলে, শিল্প-তত্ত্বের নিরিখে বা পূর্বাপর আলোচনার সূত্র ধরে এটি প্রমান করাই যায়। আবৃত্তির ভালো-মন্দ যেহেতু কবিতাটির মানের উপর খুব কিছু নির্ভরশীল নয়, তাই কবিতা বা কবিতাংশটি ভালো কি খারাপ, আবৃত্তির জন্য নির্বাচনকালে নির্বাচকবিশেষে আপেক্ষিকভাবে তা কিছুটা গুরুত্বপূর্ণ ব্যাপার হলেও; আবৃত্তিরূপটি পরিবেশন বা তার বিচারের ক্ষেত্রে কোন প্রণিধানযোগ্য বিষয়ই নয়। এখানেও তাই চলে আসে আবৃত্তির স্বয়ংসম্পূর্ণতার প্রসঙ্গ, যা অতিমাত্রায় সূক্ষ্ম ও যথার্থভাবেই প্রায়োগিকদিকে অধিকতর নির্ভরশীল।

কবিতার উপর নির্ভরতার কথা বলতে গেলে বলতে হয়, কবিতা আবৃত্তি শিল্পের একটি প্রয়োজনীয় উপকরণ তা পূর্বেই বহুবার বলা হয়েছে। সম্ভবতঃ সর্বাপেক্ষা প্রয়োজনীয় ও অনিবার্য উপকরণ। কিন্তু তাতে আবৃত্তির স্বয়ংসম্পূর্ণ হবার পথে কোন বাধা পড়ে না। কবিতার উপর এই নির্ভরতা আবৃত্তির একটি আঙ্গিকগত সীমাবদ্ধতা হিসেবে পরিগণিত হতেও পারে, কিন্তু এই সীমাবদ্ধতাই শিল্পটির আঙ্গিকগত অনিবার্যতার, বলা ভালো শিল্পটির শিল্প হিসেবে পরিপূর্ণতা লাভের অন্যতম শর্ত হিসেবে প্রযোজ্য। লিখিতভাষা শরীর কখনই একটি পূর্ণাঙ্গ আবৃত্তিরূপ সৃষ্টি করতে পারে না। কবিরচিত একটি সুচারু ভাষাকে ব্যবহার করেও আবৃত্তিকার পারেন নিজ মতামত, দৃষ্টিভঙ্গির ধ্বনিমুদ্রন ঘটাতে। আর, এই সামগ্রিক রূপসৃষ্টিতেই স্বয়ংসম্পূর্ণতা লাভ করে আবৃত্তি নামক শিল্পটি। সেলুলয়েডে যেভাবে লেখা সম্ভব না একটি আস্ত উপন্যাস, ঠিক যেভাবে খাতাকলমে রচিত হতে পারে না কোন সার্থক চলচ্চিত্র, সেভাবেই কোন আবৃত্তি কবিতার পাঠমাত্র হলেই আবৃত্তি হয়ে ওঠে না, তা কবিতার পাশাপাশি জন্ম দেয় অন্য আঙ্গিকের, ভিন্ন স্বাদের এক শিল্পের। কখনও কখনও ছাপিয়েও যায় কবিতায় লিখিত ভাষা শরীরটিকে, কখনও কবিতার অভিঘাত, ধ্বনিময়তা, চিত্রকল্পকে ছাপিয়ে যেতে পারেও না আবার। কিন্তু যে কোন সার্থক আবৃত্তি, তা সে কবিতার পাশাপাশি সমানতালে নিজ অস্তিত্বের জানান দিক, বা ভুলিয়ে দিক কবিতাকে কিংবা ছাপিয়ে যেতে ব্যর্থ হোক কবিতার মাদকতা সকলক্ষেত্রেই আবৃত্তির অস্তিত্বগত স্বয়ংসম্পূর্ণতা নিয়ে কোন প্রশ্ন ওঠে না।

সহায়ক গ্রন্থ পত্রপত্রিকা—

১। আবৃত্তিকোষ : ড. নীরদবরন হাজরা
২। আবৃত্তিচর্চা (১ ও ২) : উৎপল কুন্ডু
৩। আবৃত্তি করার আগে : ঐ
৪। 'অমৃতকুম্ভ' আবৃত্তিপত্রিকার নির্বাচিত কয়েকটি সংখ্যা
৫। 'ছন্দনীড়' আবৃত্তিসংস্থার দশবছর পূর্তি উপলক্ষে প্রকাশিত স্মারকগ্রন্থ
৬। বাংলা আবৃত্তি সমীক্ষা : প্রমোদ মুখোপাধ্যায়
৭। আবৃত্তিচর্চার আনন্দ : উৎপল কুন্ডু (কমপ্যাক্ট ডিস্ক)
৮। 'শঙ্খমালা', 'বাল্মীকিস্মরণ', 'কথক' পত্রিকার নির্বাচিত সংখ্যা

অসীম রায় ঃ কয়েকটি রাজনৈতিক গল্প

ঐশিক দাশগুপ্ত

"এবং প্রতিরোধের সব শক্তি যখন ভেঙে চুরমার রাস্তার মোড়ে, ঠিক মাঝখানে অচঞ্চল স্থবিরতায় দাঁড়িয়ে থেকে স্তব্ধ নরেশ মুখোমুখি তাকাল। .... ভারসাম্য রাখতে পারছে না সে। বিধ্বস্ত শরীর ভেঙে ভেঙে পড়ছে। অথচ শাসন প্রশাসনের রক্তচক্ষু ভ্রূকুটিতে কিছুমাত্র তোয়াক্কা না রেখে বানভাসি স্রোতে ছুটে আসছে উত্তাল গর্জন...."

'রোহিতাশ্বের নামে'— অমলেন্দু চক্রবর্তী

দাঙ্গা হাঙ্গামার সময় ওরকম একটু মনে হয় — এই ভঙ্গিমা দাঙ্গাকেই চ্যালেঞ্জ জানায়। ১৯৪৬ সালে কলকাতায় হিন্দু মুসলমানের দাঙ্গা এবং তার এক বছরের মধ্যে দেশভাগ — এতবড় বিরাট ওলটপালটের চ্যালেঞ্জ, যা দেশের ইতিহাস, ভূগোল, অর্থনীতি, সংস্কৃতি সবকিছুই ওলটপালট করে দেয়। তখন রণদিভের নেতৃত্বে অবিভক্ত কমিউনিস্ট পার্টির দিকে ঝুঁকেছেন তিনি। আলিপুর জেলের তালা ভাঙতে গিয়ে পুলিশের লাঠিতে মাথা ফাটিয়েছেন—

"মাথায় ফেট্টি বেঁধে মাঠের মধ্যে ট্রেন থেকে নামলাম। সূর্যাস্তের সামনে উটের পাল চলেছে, গমের ক্ষেত কুয়ো থেকে ঘুরে ঘুরে জল টানছে গরু, আর হাঁক আসছে, 'পানি আও, পানি আও।'

সেই খোলা মাঠে দাঁড়িয়ে তাঁর মনে হল — কয়েকজন তরুণ-তরুণী যদি কলকাতার রাস্তায় মাথা ফাটিয়ে মরে যায় তা হলেও ভারতবর্ষের বাস্তবতা এক চুল নড়বে না। জীবনযাত্রার এই প্রেক্ষিতে সেইসব চমকপ্রদ ক্লাইম্যাক্স আশ্রয় করে, নীরবে এগিয়ে যান অসীম রায়, এই চরম ও সুদক্ষ বাস্তববাদী পর্যবেক্ষণ করেন সমাজের নানাবিধ ব্যাধি। যখন শীতল চাহনি নিয়ে বাড়িতে বসে থাকা দায় হয়ে দাঁড়ায়। জীবনের সেই অস্থিরকালের প্রত্যক্ষদর্শী অসীম রায় তখন কলম ধরেন। সামাজিক বক্তব্য মিশে থাকে কাহিনীর পরতে পরতে। সমকালের উপাদান ছেঁকে তুলে আপন চেতনায় নবরূপ দান করে ব্যবহার করেন আধুনিক জটিল জীবনে।

চারের দশক থেকে সাতের দশক এবং তার পরেও সত্তরের স্বপ্ন, মুক্তির আকাঙ্ক্ষা, ঘরে ফেরা, না ফেরার সেই উথাল-পাথাল ঝঞ্ঝা বিক্ষুব্ধ দিনগুলির ছবি, বামপন্থী আন্দোলনের বিশ্বস্ত দলিল আছে তাঁর এই লেখাগুলোয়। একসময় বামপন্থী রাজনীতির সঙ্গে তাঁর প্রত্যক্ষ সংযোগ এবং শেষ পর্যন্ত মার্কসীয় দর্শনে তাঁর বিশ্বাস থাকলেও কোন মতবাদের প্রভাব তাঁর রচনাকে কুণ্ঠিত ও একপেশে করে তোলেনি, বরং তা হয়ে উঠেছিল তাঁর অভিজ্ঞতারই অংশ। পার্টির ভিতর থেকে দেখেছেন পার্টির কাজকর্ম, অনুসন্ধান করেছেন পার্টির ভেতর ব্যক্তি মানুষটির মূল্য কতখানি? সৎ বিবেকবানদের যন্ত্রণার কথাও বলেছেন আবার রাজনৈতিক নেতাদের চিৎকৃত অন্তঃ-সারশূন্যতা তাঁকে আহত করেছে। বিকলাঙ্গ রাজনীতি আর পচাগলা প্রশাসন উভয়কেই একটি প্রতিবাদের শরে বিদ্ধ করেছেন। তিনি জানতেন, নিরপেক্ষতাই প্রকৃত শিল্পীর স্তব, হয়তো নির্জনতাও, তাঁর নিরপেক্ষ দৃষ্টিকোণের মাঝখান দিয়ে প্রবাহিত হয় কাল ও জীবন। এই দুটি মুখের নাটক, আলো ছায়া খেলা স্থান ও কালের রঙ্গমঞ্চে শিল্পীসত্তার দ্বন্দ্বকে বুঝতে সাহায্য করে।

'স্টেটসম্যান' কাগজে তখন পেছনের পাতায় 'ক্যালকাটা কেসবুক ফিচার' বেরোত। নিউজ এডিটর মারে সাহেবের সঙ্গে দেখা করলেন অসীম রায় — হাতে 'মন্দিরের রাস্তা'। আর পিছন ফিরে তাকাতে হয়নি। খবরের কাগজের তাৎক্ষণিক জগৎ তাঁকে আহ্বান জানায়। নিঃসঙ্গতার বিরুদ্ধে যা লড়ছে তারা যাতে সাহস না হারায় সে জন্য মাঝে মাঝে চিৎকার করে সাহস জোগানোর দরকার হয়।

"ব্রীজের কোণায় কোণায় র‍্যাপার মুড়ি দিয়ে শুয়ে থাকা মানুষ-গুলোর দিকে চেয়ে বিজুর একটা চিৎকার দিতে ইচ্ছে করে।"

আসলে জীবনে নতুন দিগন্ত না হলে বাঁচা অসম্ভব, তাই শূন্যতাকে সামনে রেখে পর্বতের শেষ প্রান্তে দাঁড়িয়ে লেখক সেই আভাস দিয়েছেন। তিনি ঠিক টিপিক্যাল বাঙালি লেখক নন। সাসপেন্সই তাঁর লেখার মূল উপজীব্য। চারপাশের গতিময় জীবনের অভিজ্ঞতা থেকে কতগুলি বস্তু তুলে প্রকান্ড উত্তেজনা, তার চেয়েও বড় প্রকান্ড প্রত্যাশাকে নির্দিষ্ট স্থির সত্তা অস্তিত্ব দানে সক্ষম তিনি।

ঘটনার উপরে নয় তিনটি চরিত্রের উপর অসীম রায়ের প্রথম গল্প 'আরম্ভের রাত।' এই গোলমাল, ভিড়, ধুলো, ধোঁয়া আর রাজনীতি এই ও ভারহোয়েলমিং রাজনীতি সবটাই গোলমেলে মনে হয় তাঁর। এর চেয়ে অফিসে দশটা পাঁচটা করা অনেক ভাল — হয়ত জঞ্জাল থেকে বাঁচতেই অসীম রায় যান্ত্রিকতাকে অস্বীকার করেন মাঝে মাঝে। আসলে গুমরানো থেকে গর্জন এর আত্মবিশ্বাসটাই তাঁর নেই। কারণ তা কেড়ে নেওয়া হয়েছে।

"....ঐসব বন্দুকগুলো আগুন ঝলসাচ্ছে তখনও ওরা এগিয়ে গিয়েছে। .... মদন সেই যে ফেরার আর ফেরেনি।"

সাহিত্যের তরল স্রোত থেকে বিচ্ছিন্ন গম্ভীর, চিন্তাশ্রয়ী তাঁর কাল্পনিক চরিত্র পানু চক্রবর্তী, বিজু, হীরক মিত্র, ম্যানেজার বাবুরা জীবন্ত ও ব্যঞ্জনাময় হয়ে ওঠে। নতুন কিছু বানিয়ে বলার মেজাজ এ লেখকের যেমন নেই, তেমন কিছু বানিয়ে বলার পথে হাঁটতেও অসীম রায় গররাজি। তিনি একজন অনুসন্ধিৎসু যিনি জীবিকার টানাপোড়েন থেকে সযত্নে আলাদা করতে পারেন শিল্পীর ভূমিকা। যিনি বছরের পর বছর অনুধাবন করে চলেন মানুষের প্রায় একই ধরনের অনুভূতিতে বিভিন্ন ধরনের প্রতিক্রিয়া, বিভিন্ন ব্যঞ্জনাময় উপলব্ধি। তাই পানু, বিজু, হীরকদের চিন্তাভাবনার পার্থক্য কালের বর্তমান জীবননাট্যের বিশাল ক্যানভাসে আকাড় প্রতিরূপ হিসেবে ফুটে ওঠে। মানুষের নীচতা, অবিশ্বাস, ফুরিয়ে যাওয়া আর প্যাচ্‌প্যাচে

কাদার মধ্যে বেঁচে থাকা আর না থাকাকে খুঁটিয়ে খুঁটিয়ে দেখেছেন তিনি। সিগারেট ধরিয়ে প্রথম ট্রামের অপেক্ষায় বিজুর দাঁড়িয়ে থাকা মুক্তির প্রত্যাশায় বা এই মানুষদের নিয়েই যে ভবিষ্যৎ সম্ভব — এই দোলাচলতায় সংকট আর ব্যক্তিকে সমাজের চালচিত্রে, সমাজকে রাষ্ট্রের চালচিত্রে বসান তিনি। কিন্তু তাঁর মন সন্দিগ্ধই থাকে।

'ধোঁয়া ধুলো নক্ষত্র' গল্পে ফেলুকে খুন করে মুকুটহীন রাজা বেণু বিশ্বাস। গুন্ডারা বড় হয়ে গেলে তারা আর গুন্ডা থাকে না, তারা তখন হয়ে ওঠে সমাজের নিয়ন্ত্রক। ফেলুর মা আর তার ভাই রতনের জীবনবোধ গড়ে উঠেছে নারকেল গাছটাকে কেন্দ্র করে। ফেলুর মা'র তাড়নায় রতন থানায় অভিযোগ জানাতে গিয়ে জীবন সমুদ্র মথিত দুঃখের হলাহলের সম্মুখীন হয়। বিষ জ্বালায় সে যখন জর্জরিত তখন বড়বাবু অজিত দাসের লাল চোখের উদাসীনতা, হাই তোলা, ক্রমাগত সিগারেট খেয়ে বড় বড় বুলি কপচানো রতনকে জীবনের সঙ্গে পরিচিত করায়।

"চাকরি নেই, ব্যবসা নেই, আলো নেই। সাপ, মশা, পাঁক। এখানে যদি ক্রাইম না হবে কোথায় হবে?"

বড়বাবুর এই উক্তিতেই স্পষ্ট হয় ক্রাইম হওয়াটাই যেন স্বাভাবিক। তাঁর শিল্পলোক ব্যক্তিকেন্দ্রিক হয়েও সামাজিক জীবন চৈতন্যে উদ্ভাসিত। অধীরের কথা রতনের চিত্তবিক্ষেপ আরও বাড়িয়ে তোলে। তার চিন্তা শক্তি তার আয়ত্তের বাইরে চলে যায়। সামাজিক জীবন রতনের কাছে দাঁতমুখ খিঁচানো একটা বেয়াড়া মুখোশের বীভৎসতায় এসে দাঁড়ায়। ধ্বংসের তাণ্ডবে ফেলুর বুকে চাপ চাপ রক্ত রতনের চোখের সামনে লাফ দিয়ে আর্তনাদ করে। রতনের দাদা বলে ডাকবার ইচ্ছা যেন অর্থহীন শব্দ — যা আশ্রয় হারানোর বেদনায় সকালবেলার ঘাসের গন্ধে শৈশবের পরিচিত পরিবেশের হারানো সুরটাকে খুঁজে পেতে চায়। তখন মনে হয় বার্ণাড শ'র হতাশ নায়কের সঙ্গে রতনের কণ্ঠও কোথাও মিল খোঁজে—

"I stood on the rock I thought enter nal, and without a word it reeled and crumbled under me."

একবার হিরণকুমার সান্যাল বলেছিলেন — "আপনার 'শ্রেণীশত্রু' পড়তে পড়তে গা ছমছম করে।" যারা একসময় পরস্পরের বন্ধু ছিল, তারা আজ দুটো পরস্পর-বিরোধী দলীয় শিবিরের সদস্য। ব্যক্তিগত আর দলীয় নীতির কার বশ্যতা স্বীকার করবে তারা? মনুষ্যত্বহীন রাজনীতিতে তারা আজ একে অপরের শ্রেণীশত্রু—

"আমি ভেবেছিলাম তুই আমায় স্ট্যাব করবি"

এই উৎকণ্ঠা তাদের অর্ন্তদ্বন্দ্বেরই প্রতিফলন।

"অবিভক্ত বাংলাদেশের প্রতিভূ এই যশোর রোডের মেহেগনিগুলো আজ শ্রেণী গ্রামের / বিজয়কেতন।" এর প্রতিটা নিশ্বাস যেন আমাদের গায়ে এসে লাগে। শ্রেণী শত্রুকে খতম করার জন্য সন্ধ্যের পর টহল দেয় নন ও তার স্কোয়াড। এই জীবন মরণ সংগ্রামের বাইরেও আসন্ন প্রসবা স্ত্রীর কথা সে ভুলতে পারে না। পাশাপাশি রমেনদের স্কোয়াডের খবরও তাকে রাখাত হয়। আসলে শ্রেণী সংগ্রাম বা শ্রেণী শত্রু নিছক একটা আইডিয়া নয়। আর এগুলো নিশ্চয়ই কোন নতুন কথা নয়। কিন্তু নতুন কথা একটা দাঁড়ায় জাতিগতভাবে এই অহেতুক রাজনৈতিক সংঘর্ষ ঠেকিয়ে আরও উন্নত পথে দেশকে পরিচালিত করার কাজ দীর্ঘ সময়সাপেক্ষ। কিন্তু এইসব ভাঙা, ক্লান্ত ও বিরক্ত যশোর রোডের বাসিন্দারা নিজেদের অস্তিত্ব সম্বন্ধে খুব একটা সচেতন নয় বলেই মনে হয়। বটগাছের নীচে পেট্রো-ম্যাক্সের আলো নেতার মৃত্যু — ননকে স্থির থাকতে দেয় না। সর্বদা একটা অস্বস্তি একটা অস্পষ্ট আতঙ্ক তার মনে জেগে থাকে। সে ওসব মার্কসবাদী থিওরির কচকচি বোঝে না, লক্ষ লক্ষ লোকের করতালি—মুখর বিরাট মিটিংয়ে নেতাদের আত্মতৃপ্ত বক্তৃতা তাকে শান্তি দেয় না। সে শুধু বোঝে জ্বলন্ত সংঘর্ষে দু-পক্ষের প্রাণ ঝরে যায়। দাঙ্গায় মনস্তত্ত্বই মুখ্য হয়ে ওঠে। সুধীরবাবুর কথাও ননকে বদলাতে পারে না। নন ভাবতে পারে না ভারতবর্ষের শ্রেণী সংগ্রাম এ রকম অগ্নিবর্ষী রক্তক্ষয়ী রূপ নেবে। প্রতিহিংসাকুটিল এই প্রেতনৃত্য সে চায়নি। সে ভেবেছিল জনতার অর্থনৈতিক সংগ্রাম ধাপে ধাপে রাজনৈতিক সংগ্রামের রূপ নেবে — এ মনোভাব আসলে লেখকের। বিনয় বাদল দীনেশের স্বপ্ন — মনে দীপার সর্বক্ষণ উপস্থিতি — বাবার মৃত্যু — চাকরি — বৃষ্টিতে ফুটবল খেলা — কবিতার মত শ্লোগত্রানের আওয়াজ তুলে শ্রেণী সংগ্রামকে ঠেকিয়ে রাখার ড্রিবল — এ ক্লান্ত নন নিঃশেষিত হয়ে যায় আস্তে আস্তে। অন্য অনেকের মত গেঁজিয়ে যায়। এই নিঃসহায়তাটাই অসীম রায় দেখাতে চান। দুটো গুলির আওয়াজ ব্যর্থ ননকে মৃত্যুর মত নিঃশব্দ করে দেয় — আলুর দোকান থেকে কাননবালার গান ভেসে আসে—

"তার বিদায়বেলার মালাখানি আমার গলায় দোলে।"

এই তীব্র শ্লেষ নিঃসহায়তাটাকেও প্রকট করে তোলে। স্রষ্টার নিরাবেগ করুণাই এই পর্যায়ের গল্পে মানবিকতার রস নিষ্কাশিত করেছে হয়ত বা ননকে মুক্তিও দিয়েছে। কিংবা এই মর্ত্যলোকের অপরূপ নাটকের সামনে দাঁড় করিয়ে লেখক পাঠকের চোখ ফেরাতে চান অনন্ত কালের দিকে, সমাহিত স্তব্ধতার দিকে।

"সে সময়টা ছিল ঝড়ের দিন। চারপাশে এমন সব ঘটনা ঘটতে লাগল যাকে টেনে বড় করা যায় না, অথচ যার তীব্রতায় সারা মন আচ্ছন্ন করে। ..... লালবাজারে দোতলার বারান্দায় সারি সারি উদ্বিগ্ন তরুণ দাঁড়িয়ে। এখনই তাদের জেরা করার জন্য নিয়ে যাওয়া হবে। তাদের মধ্যে আমার নিজের মুখটা দেখতে পেলাম। ফিরে এসে অনি গল্পটা লিখলাম।"

—'অনি' গল্পে রাজনীতিকে কেন্দ্র করে অনি ও তার বাবার মধ্যে দূরত্ব রচিত হয়। বাবা আর ছেলের মধ্যে অন্ধকারে কানামাছি খেলা চলে কেন। কেউই কাউকে ছুঁতে পারে না। মানসিক বনিয়াদটা তাদের এমনই যে কেউ বোধহয় কাউকে ছোঁয়ারও চেষ্টা করে না। অনির বাবা নিজের অতীত থেকে বেরোতে পারেন না। কারণ তিনি আর পলিটিক্যাল এলিমেন্ট নন। ওদিকে অনি বিশ্বাস করে তারা

যে যুদ্ধ শুরু করেছে তার শেষ আছেই। অনিদের শ্লোগানে এমন অদ্ভুত অদ্ভুত কথা আছে, যা আপাতদৃষ্টিতে ভাবের কথা, মেলোড্রামার কথা, কিন্তু তার প্রচণ্ড রোখ অনির বাবাকেও স্পর্শ করে। মধ্যবিত্ত জীবনের অস্তিত্বের শিকড় ধরে নাড়া দেয় তা। কারণ ঋত্বিক ঘটকের ভাষায় — 'Melodrama is also an art'.

"ছেলেটাকে পাঁচ বছর বাঁচিয়ে রাখতে পারব তো"—

এই দুঃখবোধ, অনির বাবর সমুদয় চাওয়া পাওয়া এবং মানসিক সংলাপ চালানোর বিড়ম্বনার পরম মূল্যই অসীম রায়ের অন্বিষ্ট। অনি ও তার বাবার পরস্পর সম্পর্কের টানাপোড়েন ব্যক্তি জীবনের মুকুরে সমাজ জীবনের মূল্যবোধকে প্রত্যক্ষগোচর করায়। অনির বাবা রাশিয়া, চীন, কিউবা, ভিয়েৎনামের বিপ্লবের ইতিহাস জানেন কিন্তু যুব মানসের গভীর তরঙ্গকে ধরতে পারেন না। অনিরা যে সমাজ বদলের স্বপ্ন দেখে তাকে তিনি 'মেড-ইন-বেঙ্গল' বলে মনে করেন। বিপ্লব তো খবরের কাগজে সম্পাদকীয় লেখা কিংবা ককটেল পার্টি নয়। আপ্তবাক্যের ঘ্যানঘ্যানানি আর রাস্তায় নেমে আন্দোলন করার মধ্যে যে দ্বন্দ্ব সেটাই তাঁর লেখাতে ফিরে ফিরে আসে।

কলকাতা এখন মুক্তাঞ্চল হতে চলেছে। ধনতন্ত্রের অতি অসম বিকাশে অর্ধস্ফুট কিন্তু বর্ণবাহার ফুল কলকাতা নগরী। এখন রাস্তায় বেরোলে বারুদের গন্ধ নাকে আসে না। লেখক বোঝাতে চান সত্যি কি আসে না? গরীব মানুষদের নিয়েই কলকাতা — এ কলকাতার নীচে আরেকটা কলকাতা — তাদের নিয়েই বিপ্লব। অনির বাবার স্বপ্ন রয়েছে নাগরিক জীবন, বুর্জোয়া স্বাতন্ত্র্য-বিলাস, আর অনির বাস্তবে রয়েছে গ্রামীণ অর্থনৈতিক কাঠামোয় ধৃত এক দুশ্ছেদ্য পিতৃ-তান্ত্রিক বশ্যতা। লেখকের এই প্রশ্ন পাঠকের মানোলোকে আলোড়ন সৃষ্টি করে। আন্দোলন, মুক্তির আকাঙ্ক্ষা, এইভাবে সমাজের প্রভাবেই বারে বারে সক্রিয় হয়েছে — সে কি কোন ভাবে সমাজের একটা মানে খুঁজে বার করেছে, এ সব প্রশ্নের উত্তরেরই অন্বেষণ করেন অসীম রায়।

বিপ্লবের জোয়ার চলে যাবার পর পাঁকে কাদায়, পেটি বুর্জোয়াদের চেষ্টায় লক্ষ্য হারানোর প্রশ্নই অনির বাবার ব্যক্তিসত্তায় অঙ্কুরিত হয়েছে। তখন থেকেই তার মনের মধ্যে শুরু হয়েছে ব্যক্তিসত্তা ও সমাজসত্তার দ্বন্দ্ব। অনির রাফ খাতায় — "আমি যে বসিতে চাই বাংলার ঘাসে" এই লাইনটা অনির বাবার মনে চমক লাগিয়ে দেয়। জীবনকে জানার যে গভীর মনন এবং অন্তর্দৃষ্টি অপরিহার্য অনি তা আহরণ করেছে জীবনানন্দের কবিতা থেকে। অনি কি শুধু অভ্যস্ত জীবনের দাস? অসীম রায় কখনও জীবনের একটা প্যাটার্নকে ধরতে চাননি। জীবন বিন্যাসের উপর যে প্রতিক্রিয়া সৃজন করে সমাজ তাই তাঁর লেখাকে গভীর ও অর্থবান করে তোলে। অনির সঙ্গে অনির মার সম্পর্কে যে জীবন্ত রূপ ছিল বাবার সঙ্গে তার সে সম্পর্ক ছিল না। প্রৌঢ়ত্বের আত্মচিন্তার জগৎ থেকে অনির বাবা ধড়মড় করে উঠে বসেন — ভায়োলেনস ভালো কি মন্দ — এই চিন্তাই তার মনে ঘুরপাক খায়। ছেলেকে পুলিশের হাতে তুলে দিয়ে পলায়নে অনির বাবা বিশ্বাসী নন। পলায়নে সাময়িক সমাধান হতে পারে কিন্তু যে ছেলে বাবার নিরাপদ আশ্রয়ে এসেছে অনির বাবা তাকে মৃত্যুর হাতে তুলে দিতে পারেন না কারণ তিনি আদর্শবাদী। অনির্বাণ মুখার্জী চোর-শাসক শ্রেণীর নাম পাল্টানোর ঐন্দ্রজালিক ক্ষমতায় অশেষ ক্লেশ ও কষ্টের মাঝখানে স্নায়ুকোষের জটিলতা কিংবা সমাহার থেকে মনে আসে কবিতার সেই লাইন—

"আমি যে বসিতে চাই বাংলার ঘাসে।"

বস্তুত অনেক লেখকের কাজ দেখলে বোঝা যায়, তাঁদের কোন বিষয় নেই। কেউ কেউ হয়ত ভেবেছেন এগুলো বাজারে খাবে ও প্রায় চোখ বুজে লিখে গেছেন। আর লেখাগুলো হৈ হৈ করে কাটার ফলে নানাভাবে সমৃদ্ধ হয়েছেন জীবদ্দশায়। কিন্তু অসীম রায় অন্তরালেই থেকে গেছেন নিজেকে পুড়িয়ে, রক্তাক্ত করে প্রতিটি শব্দ নির্মাণ করেছেন আজীবন।

রাজনীতি সমাজবিচ্ছিন্ন কোন বস্তু নয়। রাজনীতি মানুষের জীবনের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে যুক্ত। অসীম রায়ের ছোটগল্পগুলো তাই রাজনৈতিক হয়েও দেশব্যাপী ভাবাবেগের ঘূর্ণাবর্তে, আদর্শবাদের দূরারোহে শিখরের দিকে যাত্রাপথে মানুষের জীবনের বিশিষ্ট রূপটিই উদ্ঘাটিত করেছে। যেমন স্টীম রোলারের চাপে রাস্তার উঁচু নীচু সব গুঁড়িয়ে সমতল হয়ে যায় তেমনি রাজনৈতিক আন্দোলনের প্রভাবে ব্যক্তিগত বৈশিষ্ট্য সমষ্টিগত উদ্দেশ্য সাধনের অন্তরালে আত্মগোপন করে। অসীম রায় তাঁর মনন ও বর্ণনার অভিনবত্বে নতুন রাষ্ট্র ও সমাজ ব্যবস্থা স্থাপনের স্বপ্নবিহ্বল আকুতির মাঝে, মানুষের জীবনকেই অন্বেষণ করেছেন।

"আমরা যদি তিতো না হয়ে যাই, লোভ থেকে নিজেরে মুক্ত রাখতে পারি, যদি ওই দীর্ঘ তীর্থযাত্রার বন্ধুর পথে ঝড়ের মাঝখানেও নিভু নিভু দীপশিখা নিয়ে বছরের পর বছর হাঁটতে পারি এবং হেঁটে আনন্দ পাই তাহলে কোনো ভয় নেই।"

ঋণস্বীকার ঃ

(১) অসীম রায়ের গল্প, (মনীষা কলকাতা ১৯৮১)।
(২) লেখকের জবান — অসীম রায়, (মনফকিরা – ২০০৬)
(৩) সঙ্গ ও প্রসঙ্গ (দিব্যেন্দু পালিত)
(৪) সমাজ সংসার — নীরেন্দ্রনাথ চক্রবর্তী
(৫) নকশাল আন্দোলনের গল্প — বিজিত কুমার দত্ত (সম্পাদনা)

অনিতেশ চক্রবর্তী
দ্বিতীয় বর্ষ, বাংলা বিভাগ

উল্টো হাওয়া

মলয় ভট্টাচার্য
দ্বিতীয় বর্ষ, বাংলা বিভাগ

পায়রার পালক ওড়া ছেলেমানুষ ছাদটা হ্যাংলা আকাশটার এইপ্রান্ত থেকে ওইপ্রান্ত পর্যন্ত টানা। এ ছাদটা আইবুড়ো, বে-আক্কেলে, বেলাজ। আকাশটা জানে, কিংবা হয়তো খোঁজ রাখতো বলাই ভালো --- লালবাড়িটার। লালবাড়িটার আচারের বোতলের, রোদে মেলা কাপড়-জামা-প্যান্টির, লাল বাড়িটার শীতে ফাটা দুটো কচি গোড়ালির, খুস্‌কি ভরা জট পাকানো শ্যাওলা টিপির, এমনকি উঠনোর ওধারে পলেস্তারা খসা বাথরুমটার পেছনে যেখানে রাস্তার কুকুরগুলোর ছেঁড়াছেঁড়ি করার জন্য রক্তমাখা ন্যাকপিনগুলো পড়ে থাকতো — আড়চোখে তারও। আর ছাদটা জানতো আহ্লাদী নারকেল গাছটা, বন্ধ্যা তালগাছটা, অথর্ব অ্যান্টেনাটার ব্যারিকেডের গল্প। যাতে লালবাড়িমাখা হ্যাংলা আকাশটাকে ঘিরে ধরে জেরা করা যায়।

আকাশ আর ছাদের এই দ্বৈরথের মধ্যে চিরকাল যে ভোঁদাই -কলমচি নিজের ছায়ায় গোঁফ আঁকে, কিংবা নারকেলি-হাওয়ায় জানলার পর্দা কাঁপছে দেখে যে এদিক ওদিক তাকায়, আর বাতাসা গোলা জল হাতে কলম চিবোতে চিবোতে খেঁজুরের সাথে চোখাচুখি হলেই লজ্জা পায়, হেসে ফেলে, পরক্ষণেই কান্না চাপে, যে কিনা নিজের অপ্রস্তুত ভাবখানা চাপতে শরমাবনত চোখে পাজামার দড়িটা কড়ে আঙুলে প্যাঁচাতে থাকে, — সে আর যাই হোক স্পোর্টস্‌ম্যান নয়, আর যেই হোক চ্যবণপ্রাশখেঁকো ভালো মানুষ নয়, আর যেমনই হোক রাত জেগে হাত কাপানো তার ধাতে নেই। তাহলে আসলে সে কি বা কে বা কেন ....? বলব না, বলব না, বলবোই না।

— প্লিজ বলো। আমাকে প্রচ্ছদ বানাতে হবে যে।

— বলবো না।

— এমন ক'রো না, পিলিজ, আমার কৌতুহল এদ্দম সহ্য হয় না। সময়ও নেই হা করে থ মেরে বসে থাকার মতো, কাজ আছে, রান্না .... তোমার চা .... ফিনাইল ....

— ফিনাইল!!! না মানে ইয়ে মানে সে ফিনাইল নয়।

— মরণ! মরণ!! মরণ!!! ফিনাইল-নিমাইল-মিশাইল ছেড়ে বলো তো কে সে? কোনো রাজপুত্তর?

— না।

— কোনো লেঙ্গি খাওয়া ব্যাথাতুর? PLZ বলো, mmm wwwhhh...

— বলতে পারো, আবার নাও পারো। আসল কথা তো হল 'উড়ান' আর নকল ব্যাপারটা হল 'উল্টোরথ'।

— কি যা তা বক্‌চো? সে কি পাখি? সে কি ভূত? ভালো মানুষ? কানামাছি? নাকি ফিনাইল, ভালো কোম্পানির?

— ওফ্! আবার সেই! ইয়ে মানে যাকে বলে— আবার কেঁচে গণ্ডুষ! যাহ্লে...

আরে ওব্বাবা!

এ কি গো!!

দেখো দেখি!!!

বিঁপ্! বিঁপ্! বিঁপ্! বিঁপ্! বিঁপ্! বিঁপ্!!!!

— .....

— এখন আর সময় নেই, উড়ান, ঘুড়ি ইয়ে মানে উল্টোরথ, আরে মানে আর কি অ্যালকোহল না কি ফিনাইল ..... ইয়ে ..... আরে ধ্যাত্তেরি ..... ওসব পরে হবে, অ্যান্টেনা মনে হয় নতুন কোনো পুরোনো গপ্পো ক্যাচ্ করেছে, ফাঁদতে হবে।

ফিনাইল। ছাদের এককোণে বমির ফিন্‌কিতে উগ্‌ড়ে দেওয়া ফিনাইলগুলো যদি লম্বা পাইপ বেয়ে নেমে নালার বগলেই জমে থাকতো, তাতে অ্যাতো কথা চালাচালির ব্যাপার থাকতো না, ব্যাপার বা স্যাপার কোনোটাই থাকতো না যদি, অন্ততপক্ষে, নালার শিরদাঁড়া বরাবর গড়িয়ে গিয়ে হাইড্রেনের অন্ধকারে থম্‌কাতো ....; কিন্তু ফিনাইল .... ইয়ে মানে .... মোদ্দা ব্যাপারখানা যখন হাইড্রেনেও না কুলিয়ে উঠে শেষ পর্যন্ত মা গঙ্গায় গিয়েই সঙ্গম নামালো, তখন কথকতার পাবনধারা সটান গিয়ে কাহিনীর সাগর Touch না করা পর্যন্ত তো কুলু কুলু-কুলু কুলু চলবেই .... চলবেই .... আর এই কেচ্ছাসঙ্কুল চলার পথে আমাদের চেনা লালবাড়িটা আর ছাদটার বাঁকে আহ্লাদী নারকেল গাছটা, বন্ধ্যা তালগাছটা, অথর্ব অ্যান্টেনাটা আর হ্যাংলা আকাশকে সাক্ষী রেখে সে যে নিয়মমাফিক কিছু পাললিক 'উপহার' রেখে যাবেই, তা শুধু বলা কেন, বলতে চাওয়াও বাহুল্য।

অবিশ্যি সোনালি ফিতে, রাংতা, ফুল — এসবের দরকার হয়তো তেমন একটা ছিল না, তবু .... আদরের উপহার কিনা, তাই নারকেল পাতার আঙুলগুলো এরপরেও খানিকটা পেঁজা মেঘ আর উদাসী নীল তার পোড়ো চোখ দুটোর কোলে, লেপটে থাকা ধ্যাবড়া রাত্রিগুলোর ওপরই। গ্যাদ্‌গ্যাদ্ করে, আহ্লাদীর মতো, নিজের মর্জিমাফিক বুলিয়ে দিলো। এর ফলে বেশ একটা ঘেঁটে দেওয়া সঙের মতো মানালোও তাকে।

ঘড়িতে তখন চারটে বেজে বাইশ কি তেইশ....

.... যেহেতু সে ফিনাইল, ... না মানে .... ধ্যাত্তেরি ..... যেহেতু

সে ফিনাইল-নিমাইল-মিশাইল, কিংবা ব্যথাতুর, উড়ান, উল্টোরথ, পাখি, ভূত, ভালোমানুষ, কানামাছি কোনোটাই পুরোপুরি নয়, তাই .... এমনটা হতেই পারতো, এরপরে সে চিৎ থেকে ডাইনে কিংবা বাঁয়ে (এটুকু তার মর্জির ওপর ছাড়া যেতেই পারে) কাৎ হলো, এরপর আরও জুৎ করে উপুড় হয়ে শুলো, এরপর সে তার হাতদুটো দুপাশে সোজা করে দিলো, এবং তারপর বুকে দাঁড়ে দুহাতে চাপ দিয়ে মানানসই খাড়া হয়ে ডানা আর লেজ পৎপতিয়ে প্রয়োজনমতো হাওয়ায় নিজেকে মেলে দিলো, ...

ঘড়ি তো তখন সবে সোয়া চারটের গপ্পো বলছে ....

এবং আকাশও তখন ঐ লালবাড়িটার ছাদের রেলিং-এ হেলান দিয়ে জব্বর একটা উড়ান খুঁজছিলো, একগতর জং নিয়ে পায়রাদের দলও মিস্‌কল করছিলো নিজেদের মধ্যে, বালিশের মতোন করে গোছানো বাঁধা ঝুলির থেকে বিরল ঠাকুমাদের ভগ্নাবশেষগুলোও মাথা তোলেনি তখনও ....

তবুও

কেন জানিনা

সোয়া চারটের সেই গল্পটা ওখানেই থেমে গেছিল।

জমাটি যে উড়ালখানার একটা সম্ভাবনা, একটু হলেও, ছিলো; যেটা কিনা 'হতেই পারতো' ...., সেটা আর হয়ে ওঠেনি। কারণ শেষ মুহূর্তে তার মনে হয়েছিলো — আহ্লাদী নারকেল গাছটা, বন্ধ্যা তালগাছটা, আকাশমাখা নিঃসঙ্গ লালবাড়িটা, অথর্ব অ্যান্টেনাটা — চারপাশের এই মানুষগুলোকে সে এমনভাবে এমনি এমনিই ফেলে যেতে পারে না। আর এইসব তার যতক্ষণে মনে হতে শুরু করেছে, ততক্ষণে নীচের বিভিন্ন খুপরিগুলোর কোনোটায় একটি ভদ্রমহিলা আর একজন বিড়াল, কোনোটাতে একটি বিড়াল আর একজন বিড়ালনী, আবার কোনোটাতে বা একজন আয়না আর একটি ভদ্রলোক পরস্পরের মধ্যে ধাতব শব্দের লোফালুফি খেলা শুরু করে দিয়েছে।

আর শেষমেষ, এটাও সে বেশ ভালোমতোই জানতো, যে একবার ডানা মেলে দিলে, অনেক অনেক অনেকটা না উড়ে সহজেই লালবাড়িটার ছাদে গিয়ে নেমে পড়া যাবে না, ডানামক্‌সো অত সহজ কাজ নয়, ...

এবং

ছাদটার দিকে তাকিয়ে তাকিয়ে অ্যাত্তোসব ভাবনাচিন্তা করতে করতে, কারোর জন্য বা কিছুর জন্য অপেক্ষা করতে করতে যখন তার চটকা ভেঙেছিলো, দেখেছিলো—

বেমানান ও বেয়াড়ারকমভাবে ঘড়িতে চারটের ঘন্টা বাজছে!!!

প্রত্যয়, অপ্রত্যয় ঃ পথিক, তরুণ, একজন কবি

দেবরাজ দাশ
প্রথম বর্ষ, বাংলা বিভাগ

যে অকস্মাৎ "হাজার মশাল জ্বেলে। নিজেই নিজের ঘর ভীষণ পুড়িয়ে দেখে নেয়/অগ্নুৎসব", তার পক্ষেই বোধ হয় একথাটা বলা সবচেয়ে সহজ "দ্বিধাহীন আমি উড়ে/গেলাম সূর্যের ঠোঁটে কোন রক্ষাকবচ বিহীন/প্রার্থনার মতো"।

"এ রঙের বিপরীত আছে অন্য রঙ" ঃ পথিক

"আমি আর আমার মতই বহু লোক। রাত্রিদিন ভূলুণ্ঠিত ঘাতকের আস্তানায় কেউ মরা, আধমরা কেউ" — ক্ষুধিত শৈশব পীড়িত কৈশোর আর নগ্ন যৌবনের জাহান্নামে পথিক বেঁহুশ আহত স্বপ্নের বীজ বুকে বেয়ে বেড়িয়ে। ফুটিফাটা বুক চেরা অগ্নি দহনে যে ঝলসে গেছে পথিকের চোখ, সাধ, প্রেম আর চামড়ার থলে ভরা মদিরার উজ্জ্বলতা। উদ্যত ঘাতক, শাণিত মারণাস্ত্রে নির্লজ্জ মাতলামীর মুখোমুখী তাই সে পথিক বলে— "প্রতারিত চোখে দেখি অবিরাম/পথে প্রান্তরে ছিন্ন মুণ্ডু দোলে/নিষ্ফল আমি...."।

তবু পথিকের বিশ্বাস "এ রঙের বিপরীত আছে অন্যরঙ", তাই "পৃথিবীর একপ্রান্ত থেকে অন্যপ্রান্তে জ্বলন্ত। ঘোষণার ধ্বনি প্রতিধ্বনি তুলে/নতুন নিশানা উড়িয়ে, দামামা বাজিয়ে দিগ্বিদিক" তাকে আসতেই হবে, যার জন্য রক্তগঙ্গা, খাণ্ডবদহন, দগ্ধঘর আর "হাড্ডিসার এক অনাথ কিশোরী শূন্য থালা হাতে/বসে আছে পথের ধারে"।

তাই "আসন্ন বিলয় জেনে শোকবিদ্ধ অগ্নিদগ্ধ পাখির মতন দিশাহারা" হয়েও সেই অনাথ কিশোরী কিংবা নেপথ্য চারিণী মা'র দুঃখ জাগানিয়া গান তার মনে উড়িয়েছে উজ্জীবনের ধ্বজা, অগ্রগমনের উজ্জ্বল তোরণ, জেগে ওঠে পথিক, শোষণ আর লাঞ্ছনার কলঙ্কিত ভস্মস্তূপে দাঁড়িয়ে উজ্জীবিত পথিক হয়তো একাই বলে—

"পুনরায় জাগরণ, গুল্ম ঢাকা আমার গুহার
আঁধারে প্রবিষ্ঠ হলো রশ্মি ঝরনা, জাগালো কম্পন
এমন নিঃসাড় ম্রিয়মান সত্তাতটে।...."

—কিন্তু এই "....উচ্চারণে বস্তুত নগরবাসী দেবে না আমল", কেননা পৃথিবীর সেই অন্য রঙ তাদের চোখে ধরা পড়ে না, তাই পথিক একলাই হাঁটবার লড়াই লড়ে যাবে অবিরাম। কেউ যদি তার পথ আটকায়, কেউ যদি তাকে সাবধান করে বলে— "নো এক্সিট, শোনো/তোমার গন্তব্য নেই কোনো", তবে পথিক তাকে বলবে— "না থাকুক তবু যাবো"। নিষ্ফল রাত্রিতে মায়ের তরতাজা কণ্ঠে ঘুম ভাঙানি গান কিংবা বিষাক্ত বসন্তে যুবতীর আশাবরী প্রেম তাকে নিদ্রাহীন পথে দস্যু কবলিত পৃথিবীতে সূর্যোদয়ের সাধনায় জুগিয়েছে প্রাণের ইন্ধন। পথিক তাই কোন রক্ষাকবচ বিহীন প্রার্থনার মতই এগিয়ে যায় আগুনের পথে, দুঃসাহসের পালক ঢাকা দুখানি উদ্ধত ডানায় ভর দিয়ে সে উড়ে যায় সৌরলোকের অগ্নিবলয় স্পর্শ করে। সাহসী পথিক নিষেধের তর্জনী, সুপ্রাচীন শকুনের কর্কশ আওয়াজ কিংবা ঈগলের দুর্নিবার ঊর্ধ্বচারী ডানার চাঞ্চল্যকে অগ্রাহ্য করেই নির্বাচন করেছে "জ্বলজ্বলে, ক্ষমাহীন, রুদ্র নিজস্ব আকাশ"। পুড়ে ছারখার হয়ে গেল সে, মারা গেল, কিন্তু সে আমাদের দিয়ে গেল তার "মৃত্যুঞ্জয় নান্দনিক সঞ্চয়"। তার বিশ্বাস, অঙ্গীকার কিংবা অগ্নিশুদ্ধ প্রতিবাদ গেঁথেছে আমাদের মনে প্রত্যয়ের মূল, হয়তো সূর্যের পথে তার ভয় রেখাই অন্তিম পরিণাম, তবু আমাদের পৃথিবীর এই অন্তহীন জাহান্নামে শুচিস্নিগ্ধ প্রভাতের প্রথম আজান সেই গেয়েছে, অনন্ত নরকের পথে জীবনের স্বপ্নদেখা সে-ই প্রথম প্রভাতী পথিক; তাই তার মরণ থেকে আমাদের জীবনপাঠ শিখে নেওয়ার পালা শুরু — তার পূতভস্মরঞ্জিত মোহনা থেকেই আমাদের গঙ্গোত্রীর পথ চাওয়া, আর সেজন্যই এ পথিকের মৃত্যুবার্ষিকীতে আমাদের কবিতা;—

"এলাম আমরা রাখবো কোথায়?
তেমন যোগ্য সমাধি কই?
মৃত্তিকা বলো, পর্বত বলো,
অথবা সুনীল সাগর-জল—
সব কিছু ছেঁদো, তুচ্ছ শুধুই!
তাইতো রাখি না এ লাশ আজ
মাটিতে পাহাড়ে কিম্বা সাগরে,
হৃদয়ে হৃদয়ে দিয়েছি ঠাঁই।।"

কেউ কি এখন এই অবেলায় আমার প্রতি বাড়িয়ে দেবে হাত ঃ তরুণ

বিপন্নতার মুখোমুখি দাঁড়িয়ে অসহায় পৃথিবী — একদিকে দলিত মানুষের অন্তরাত্মার সর্বক্ষণের আপন জ্বালা, অন্যদিকে পীড়িত বিশ্বাস বোধ — কিছু তরুণ, যে ভোরবেলার সফেদ আলোর হাতছানিতে বেড়িয়েছিল এক বুক প্রত্যাশা, এককণ্ঠ প্রতিজ্ঞা আর চোখ ভরা অভীপ্সার উথাল-পাথাল আলোড়ন নিয়ে সে এই রক্তে, নির্মম অত্যাচারে, অমানবিক ২৯৯ লীলার দুর্নিবার অরাজকতায় কিভাবে সমর্পণ করবে ইতিহাসের গায়ে তার প্রত্যাশার অঞ্জলি, কীভাবে সে তার দয়িতার প্রতি অর্পণ করবে নিদাঘ প্রেমের রচনা—না, সে তো স্বস্তিতে নেই, "যে তার কবিতায় .... মেনিমুখো শব্দাবলী ঝেড়ে ফেলে/অপেক্ষা করত সেদিনের জন্য/সেদিন তার কবিতা হবে মৌলানা ভাসানী/এবং শেখ মুজিবের সূর্যমুখী ভাসনের মতো", সে কীভাবেই বা নিশ্চল হয়ে থাকবে যখন "ক্ষ্যাপাটে অন্ধকারে/ভবিষ্যত কাতরাতে থাকে"।

তরুণ তার বুকের গহনে নিয়ত লালন করে এসেছে যে প্রেমের স্বপ্নাবেশ, যে দয়িতা কে সে ভালোবেসেছে একান্তে; সেই প্রেম, তার দয়িতার প্রতি তার অন্তরের চেনা ও যে বিপন্ন বিশ্বে পর্যুদস্ত, তাই অসহায় তরুণ বলে—

"আমার স্বপ্নের ঝড় লণ্ঠন বেবাক অতিশয়
হিংস্রতায় বারংবার দিয়েছে দুলিয়ে।"

যে প্রেম তার গোপনে বুনেছে আশার তৃণলতা, যে প্রেম তার সত্তার খাঁজে খাঁজে গেঁথে দিয়েছে উদ্যোগের মন্ত্রণা-শেল, যে প্রেম তার ললাটে দিয়েছে উপপ্লবের রক্তটীকা, যে প্রেম তাকে শক্তি যুগিয়েছে মুক্তিযুদ্ধে জান কবুল করার সোৎসাহে — সেই প্রেমের খোদার আসন যখন টলমল করে, সেই প্রেমের সফেদ কবুতর "যখন হাঁপায়/অন্তরালে গুটিয়ে ঘর্মাক্ত ক্লান্ত ডানা, চোখ বুজে—/দুঃস্বপ্ন দখল করে তাকে, শোকাবহ সুর বাজে/বুকের ভেদরে", তখন সে তরুণ হাতরায় উত্তোরণের পথ, সন্ধান করে উজ্জীবনের সুধা, অস্ত্র তুলে নেয় নির্মম আক্রমণের বিরুদ্ধে—জেহাদ ঘোষণ করে ঃ

"অশুভের সাথে আপোসবিহীন দ্বন্দ্ব চাই।
....সর্বপ্রকার কারগার থেকে মুক্তি চাই।
মুক্তি চাই, মুক্তি চাই।"

—তরুণ মুক্তি চায়, তার তরতাজা খুনে, টগবগে শিরায় শিরায় ধমনীতে বেজেছে মুক্তি যন্ত্রণা। তার মুক্তি কামনা শোষণের বিরুদ্ধে, আক্রমণের বিরুদ্ধে, অবৈধ দখলদারির বিরুদ্ধে, গুপ্ত হিংসা, পাশবিক হিংস্রতা, ধর্মীয় ভণ্ডামী, ক্ষমতাধরের গুণ্ডামী, খুন, লাঞ্ছনা, লাম্পট্য আর যাবতীয় কাপুরুষতা, নীচতা ও কদর্য পুরুষার্থহীনতার বিরুদ্ধে। এই মুক্তি পিপাসাই তরুণের কাছে কখনো দয়িতার প্রতি প্রেম, সায়োনারার প্রতি ব্যকুলতা কিংবা সহসাই ভেসে আমরা রঞ্জিতার স্মরণ খেয়ায় ভর দিয়ে হারিয়ে যাওয়ার উদাসীনতা অথবা ম্যানিলার প্রতি সকরুণ উদ্বেগ—

"...ওদের কণ্ঠ নালী কেমন পাথুরে হয়ে গ্যাছে, সেখানে
উচ্চারণের কোন ডানাঝাপটানি নেই।
হঠাৎ চমকে উঠে শুনি রিজালের মূর্তি আর স্মৃতিসৌধের
তৃণ
হাওয়ায়ইতিহাসের রেণু উড়িয়ে বলে ফিলিপিনো, ফিলিপেনো।"

তরুণ লড়াই করে বাঁচবার জন্যে; তার প্রেম, তার প্রত্যাশা, তার আজকাল ও প্রত্যন্ত পরশুকে বাঁচাবার জন্য। আর তার দয়িতা, সায়োনারা বা রঞ্জিতা অথবা ম্যানিলা তার সেই লড়াইয়ের সাথী। তাই যে "....নেকড়েগুলো দেখার তীক্ষ্ণ দাঁত", তাদের রাঙানো চোখ, হিংস্র দাঁত আর ভয়ঙ্কর আগ্রাসনের বিরুদ্ধে সে যুদ্ধ করে। হয়তো পরাজিত হবে সে, তবুও সে সাজায় তার যুদ্ধতরী, প্রস্তুত হয় যুদ্ধের জন্যেই—

"আমিও বাঁচতে চাই, ...
.... বুঝি তাই ঋতুতে ঋতুতে
সাহস সঞ্চয় করি এবং জীবন তুরঙ্গের
বর্নিল লাগাম ধরে থাকি দৃঢ় দশটি আঙুলে।
কখনো এড়িয়ে দৃষ্টি ছুটে যাই অস্ত্রাগারে, ভাবি
লম্পট জোচ্চোর আর ঘাতকের বীভৎস তাণ্ডব
কবে হবে শেষ? সূর্য গ্রহণের প্রহর কাটবে
কবে?"

ঝটপট হটো, ভেতরে না গিয়ে মরবো না আমি অনাহারী ঃ একজন কবি

"অনেক সমুদ্র ঘুরে কতো বন্দরের গন্ধমেখে
একদিন সার্থবাহ বার্ধক্যের অবসন্ন তটে
ফিরে আসে পণ্যবাহী সার্থক জাহাজ, পালতোলা
গালফোলা নাবিকের গানে গুঞ্জরিত। মূর্খ যত
চেঁচিয়ে মরুক তারা, পূর্ণতার স্তবে রাত্রিদিন
জপেছি ভীষণ মন্ত্র ক্ষয়ে ক্ষয়ে ..... কিন্তু তারপর?"

—এ কবিতার শেষ যেখানে, সেখানেই শুরু হয় স্বার্থের চক্রান্ত, বিশ্বাসের পরচুলা পড়া কবন্ধ শাস্ত্রের শাসনে সেখান থেকেই শুরু হয় ব্যক্তি খলতার কপট নৈরাজ্য। কিন্তু কবির বুকে বিশ্বাসের অতল সাগর, জ্যোৎস্নার অসীম আকাশ। বঞ্চনা, পীড়ন, অধিকার হারানো বা হারাতে বসা মানুষের কান্না তাঁর কানে পৌঁছয়, তাঁর কানে পৌঁছয় সভ্যতার আজব মাটিতে খোলামেলা নগ্নতা দানবের হাতে ধর্ষিতা যুবতীর যন্ত্রণার অশেষ চিৎকার। অথচ কবি অভিশপ্ত করতে পারেন না তাঁর আতুড় ঘরের মাটিকে, হামা দেওয়া কাদাল্যাপা আঙিনাকে, নবান্নের দিনে মায়ের হাতের আল্পনা দেওয়া তাঁর বারান্দাকে।

কবি দেখেন, "বারান্দায় পাখির কংকাল, / গোলাপের ছাই পড়ে আছে।" কবি প্রত্যক্ষ করেন, আগ্রাসী সময় "সহসা খিঁচিয়ে মুখ ছিঁড়ে নেয় অন্তগামী/সূর্যটির মাংস একতাল", সৌন্দর্যের ললিত সুর রুদ্ধকণ্ঠ বিবেকের পাথুরে চৌকাঠে ঠোকে মাথা, তবু কি তার প্রতি নির্দয় হয়ে থাকতে পারেন তিনি? পারেন না কবি শান্ত হয়ে থাকতে যখন দেখেন;—

"... সরা দেশ/ঘাতকের অশুভ আস্তানা।
.... চতুর্দিকে/মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ।"

কবি যখন দেখেন—

"বিপর্যস্ত গোলাপ বাগান,
ভঙ্গুর ডালে বুলবুল গীত গান।
ভুল লক্ষ্যের দিকে সংকেত
দেখায় দিশারী, ডেকে আনে পিছু টান।"

—কবি বুঝতে পারেন, তাঁর প্রত্যাশা ব্যর্থ, এ পৃথিবী তাঁর সেই আদিম লালিত্যে পূর্ণ করুণা নাম্নী কোন নারীর উজর প্রেমে আকাঙ্ক্ষিত জন্মভূমি নয় — পথিক ও তরুণের মতই এ কবিও হয়ে ওঠেন চঞ্চল, বিক্ষোভের সুর বাজে তাঁর বুকে—

".... আমি একলা ডাকতে ডাকতে
ক্লান্ত হয়ে পড়ি ....। পড়ে থাকি
অসহায়, ব্যর্থ। তখন দুক্ষোভে নিজেরই হাত
কামড়ে ধরতে ইচ্ছে হয়, আমার প্রিয়তম স্বপ্নগুলোর
চোখে কালো কাপড় বেঁধে গুলি চালাই ওদের হৃদপিণ্ড লক্ষ্য করে।"

কোন অপরিচিতের কাছে আহত কবি বলেন— "বেঁচে আছি বহুদিন তবু পৃথিবীকে/এখনো রহস্যময় মনে হয়।" যে পৃথিবী তাঁর প্রেমের, তাঁর স্বপ্নে, সুখের, ভাবের, অনুভবের, সেই পৃথিবীর নরক কুণ্ড কবির কাছে আর কালো কাপড়ে ঢাকা থাকেনি, কবি সেই



অপরিচিত কে বলেছেন— "বর্বরের দল করেছে দখল/বাসগৃহ আমাদের।" আর বলেছেন, "পিপে পিপে মদ শেষ কতো/ঝলসানো মেষ আর শুয়োর কাবার, প্রতিদিন/ভাঁড়ারে পড়েছে টান।" কবি জানিয়ে দিয়েছেন, তিনি প্রস্তুত কেন না—"জনগণ প্রতিষ্ঠিত/অনাচার, অজাচার ইত্যাদির চায় প্রতিকার।" জনগণ তাঁকে দিয়েছেন কবিত্বের ভার, দায়িত্ব — সে দায়িত্ব প্রতিবাদের, প্রতিরোধের, ভাঙবার, গড়ে তুলবার।

কবি আজ অনাহারী, শৈশবের সবুজ স্মৃতির কিশলয় গুলি আজ বিস্মৃত — যৌবন ও আজ বিপন্নতার মুখোমুখি, বিপন্নতার মুখে দণ্ডায়মান আজ সে নিজেই। জিজ্ঞাসার কঠোরতায় আজ কবিসত্তার অগ্নিশুদ্ধি পর্ব, সে পর্বে কবির আত্ম উক্তি ঃ

"মৃতের মুখের কাছে মুখ নিয়ে গেলে ভাবনার
স্বরূপ বদলে যায়? ....
শূন্য খাঁচা স্তব্ধতায় কম্পমান, হায়, গানহীন।
মৃতের মুখের কাছে মুখ নিয়ে দুঃখের ভিতরে
ব'সে থাকি কিছুক্ষণ খুব একা, মেঘ হয়ে যাই।"

যে বিশ্বাসের পরশমণিতে ছুঁয়ে কবি কাদামাখা পৃথিবীকে শৈশবের কাদাল্যাপা পৃথিবী করে নিতে অটল থাকতে চেয়েছিলেন, সেই বিশ্বাস আজ যখন বিপন্ন পথিকের দৃঢ়তা, তরুণের প্রেমের মতই; তখন হটকারিতায় আহত খিন্ন বোধ আত্ম অপমানিত কবি *শ্রান্ত। তাঁর শব্দের কমনীয় স্পর্শমোহিত সমাজ-বাস্তবতা-পারিপার্শ্বিকতা* যে বদলে গেছে, তারাই যে আজ তাঁর প্রতিপক্ষ হয়ে উঠেছে, সে সত্য আজ কবির চোখের সামনে তাই তাঁর আত্মগ্লানি—

সম্মুখে কাঁপে অমোঘ সর্বনাশ
.... এতকাল ধরে আমার আজ্ঞাবহ
ঘাতক রেখেছে তীক্ষ্ণ কুঠার খাড়া
সেই যূপকাষ্ঠে নিজেই বলির পশু

কবি ধ্যান মগ্ন, অসীম রূপান্তরের চিরন্তন রূপ-মগ্ন, অত্যাচারের শেকল কাটা আগামীর প্রত্যাশিত—অপ্রত্যাশিত কালবৈশাখীর রুদ্ররূপে আত্মস্থ। প্রতিবাদ তাঁর মন্ত্র, পরিবর্তন তাঁর সাধনা—কবি তাপস, কবি সাধক, কবি বিদ্রোহী, কবি পথ ভোলা জ্যোৎস্নার আলো সন্ধানী প্রজাপতি, আত্মভোলা বসন্তের মঞ্জরী খোঁজা চঞ্চল ভ্রমর — কবি ফেরার সূর্যের পথ চাওয়া বিরহী সূর্যমুখী। এ সূর্য রক্তহীন নতুন শতাব্দীর আবাহনের মন্ত্রের উৎসর্গিত রক্তগোলাপ, এ সূর্য সার্বিক কল্যাণের যৌক্তিক দেবতার উদ্দেশ্যে গৈরিক বন্দনা আর সেই জন্যই এ সূর্যোদয়ের পথ চাওয়াই কবির তপস্যা;—

"প্রাণে গেঁথে সূর্যমুখী-উন্মুখতা খুঁজি আজো তাঁকে
.... জীবনের সব মাধুরিমা/করেছি নিঃশেষ শুধু অশেষ
সন্ধানে জ্বলে জ্বলে/তিনি নন বিধাতা অথচ ব্যাপ্ত
সত্তার পরাগে—/তবে কি উপমা তাঁর চৈতন্যের ভাস্বর নীলিমা?"

হৃদয়ের নিভৃত ভাষায়/দুঃখ তার লেখে নাম ঃ আমাদের কবি

চঞ্চল পথিক ইকারুসের মতই দুর্নিবার আগামীর অগ্নি দহনে ভস্ম হয়ে গেছে, সায়োনারা-দয়িতার প্রেমকে বারবণিতার একটি একান্ত নিজস্ব ভালোবাসার মুহূর্তকে প্রতিষ্ঠা দিতে পারে নি তরুণ — তারা মৃত! কিন্তু কবি কি শেষ পর্যন্ত উত্তীর্ণ হতে পেরেছেন, নাকি পারেন নি, নাকি পথিক-তরুণের মতো তিনিও লুপ্ত নিশ্চিহ্ন — না আমাদের বিশ্বাস কবি হারেন নি, পরাভূত নন তিনি। প্রাণের পেয়ালা ভরে আছে তাঁর উদ্দীপনার মদ। তাঁর বিদ্রোহ, তাঁর সাধনা সম্পর্কে আমাদের সংশয় জন্মেছিল, আর তাতেই তিনি সবচেয়ে বেশী দুঃখ পেয়েছেন, ক্ষোভ জন্মেছে তাঁর মনে—"জানে না কেউ আমার একান্ত পরিচয় ঃ আমি কে?" "নিঃশব্দ সুরের ধ্যানে শিল্পিত তন্দ্রায়" অভিনিবেশিত তাঁকে আমরা প্রতিবাদের দেশে, বিদ্রোহিনী ভূমিখণ্ডে চিনতে পারিনি, অথচ তিনি তাঁর কাজ করেই গেছেন— 'প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে', 'রৌদ্র করোটিতে', 'বিধ্বস্ত নিলীমা', 'নিরালোকে দিব্যরথ', 'বন্দী শিবির থেকে', 'দুঃসময়ের মুখোমুখি', 'এক ধরনের অহংকার' — আরো অজস্র অসংখ্য ধারায়, আর সেই জন্যেই তাঁর ক্ষোভ এত ঃ

"আমি তো বিদেশী নই, নই ছদ্মবেশী বাসভূমে—
তবে কেন পরিচয় অন্ধকার ঘরে রাজা, কেন
দেশের দশের কাছে সারাটা জীবন ডুগডুগি
বাজিয়ে শোনাব কথা, ..."

সালামের রক্ত, বরকতের অস্থি-মজ্জা তাঁর শরীরগত — তাই *প্রত্যয়-অপ্রত্যয়ের ধার ধারেন না তিনি।* ষড়যন্ত্রী প্রতিপক্ষের দিকে প্রত্যক্ষই ছুঁড়ে দেন জোরালো জিজ্ঞাসা;—

"ক্ষমতা মাতাল জঙ্গী হে প্রভুরা ভেবেছো তোমরা
তোমাদের হোমরা চোমরা
সভাসদ, চাটুকার সবাই অক্ষত থেকে যাবে চিরদিন?"
তীক্ষ্ণ হুঙ্কার তাঁর,—
"... দিয়েছি গুঁড়িয়ে কতো বর্বরের খুলি? কত শক্তি
সঞ্চিত আমার দুটি বাহুতে, সেও তো আছে জানা/রক্তরক্তি
যতই কর না আজ, ত্রাসের বিস্তার
করুক যতই পাত্রমিত্র তোমাদের, শেষে পাবে না নিস্তার।"

—ভেঙে দিয়েছেন, গুঁড়িয়ে দিয়েছেন কবি সব কিছু। মৌনতার রাজপথে স্তব্ধতার চাদর ঢাকা কলুষিত যা কিছু, সবের শব যাত্রায় কবি একাই সামিল, কেননা গোরস্থান থেকে ফেরার সময়ে তাঁকেই তো আনতে হবে 'একফোঁটা কেমন অনল', 'ইকারুসের আকাশ'। আজ তাঁর হাতে লণ্ঠন দুলছে; যে আলো চায়, তাকেই সে আলো দেবে আজ ঃ

"তোমার পাড়ায় আজ বড়ো অন্ধকার সম্ভবত
বাতিটা জ্বালাতে ভুলে গেছ, আমি অভ্যাসবশতঃ
কেবলি আলোর কথা বলে ফেলি। মস্ত উজবুক
এলোকটা—বলে দাও দ্বিধাহীন। ভয় নেই দেখাবো না মুখ
ভুলেও কস্মিনকালে। তোমরা কি অন্ধকার—প্রিয়?
চলি আমি, এই লণ্ঠনের আলো যে চায় তাকেই পৌঁছে দিও।"
(কবি শামসুর রাহমানের স্মরণোৎসর্গিত)

তমসো মা জ্যোতির্গময়

শ্যামাশ্যাম কৃষ্ণপূজারি চট্টোপাধ্যায়
প্রথম বর্ষ, রসায়ন বিভাগ

জ্যোতির্ময় দত্ত বহুল প্রচারিত লেখক ('সেলিং লাকি হট কচুরিজ!'), এমন দাবি ওঁর পরতুম গুণগ্রাহীও করবেন না। দাদা, আপনার বই বাজারে কাটে নাকি পোকায় কাটে — এসব পুরনো ইয়ার্কির বাইরে আরেক উচ্চতার বই হয়, যার শব্দগুলো রক্ত মাংসের মধ্যে তিরের ফলার মতো কেটে বসে যায়। 'প্রতিভাস' থেকে প্রকাশিত 'গল্প সংগ্রহ ১' সেইরকম বই।

বিজ্ঞান, দর্শন, ইতিহাস, থ্রিলার নিয়ে এমন অবলীলায় ঘাঁটাঘাঁটি বাংলায় জ্যোতির্ময় দত্ত ছাড়া আর একজনই করেছেন — নারায়ণ সান্যাল। জ্যোতির্ময়ের জীবনের প্রথম গল্পের প্রথম লাইন ঃ 'আমি আত্মহত্যা করতে উদ্যত হয়েছি।' ছোটোগল্পের তাবৎ সংজ্ঞা নতজানু হয় ওই সুইসাইড নোটটির সামনে, যেখানে তিনি দশপাতা-ব্যাপী বৈজ্ঞানিক পর্যবেক্ষণের পর সিদ্ধান্তে পৌঁছান, ঈশ্বর বলে যদি কেউ থাকেন, তাঁর দৃষ্টি আকর্ষণের একমাত্র উপায়, সম্পূর্ণ অকারণে আত্মহত্যা করা কিংবা নিজের চেয়েও প্রিয় কাউকে হত্যা করা!

ছোটোগল্পেও একাধিক সাবপ্লট গুঁজে লেখার মধ্যে অনেকগুলো জানালা-দরজা খুলে দেওয়া, কোনান ডয়েলের মতো নিখুঁত ডিটেলিং, অজস্র বিষয়ে পড়াশুনার চিহ্নগুলি লেখার মধ্যে রেখে যাওয়া — এসব তো কিছুই নয়। জ্যোতির্ময়ের কলমটি পাঠকের আত্মা স্পর্শ করার মতো সংবেদনশীল। চুচু নামে এক বস্তির ছেলে অলিগলিতে ঘুরতে ঘুরতে কলকাতার বুকে আবিষ্কার করে একটি সত্যিকারের পাহাড়! সেখানে কোনো ট্যানারির গন্ধ নেই। নীল আকাশে জল কেটে উড়ে যায় ইলিশ-রং এরোপ্লেন। রইল নিজের বাড়িঘর নীচে পড়ে। সবাইকে ভুলে ওই পাহাড়েই চুচুর বাকি জীবনটা কেটে যায়। অন্য গল্পে, এমন এক ট্রান্সমিটার আবিষ্কৃত হয়েছে, যা কিছুক্ষণের জন্য চেনা পৃথিবীকে মুছে দিয়ে মানুষকে নিয়ে যায় কাল্পনিক কিন্তু অবিকল বাস্তবের মতো অনুভূতিময় ত্রিমাত্রিক বিজ্ঞাপনের জগতে। এই আবিষ্কারের পর সন্দেহ হয়, আমরা যাকে প্রাকৃতিক বাস্তব বলি, এই গাছ, এই পাহাড়, তা-ও আসলে হয়তো দূর কোনো নক্ষত্র থেকে প্রেরিত প্রাচীন ও পুরো পৃথিবীব্যাপী ট্রান্সমিশনের ফল! নিছক উন্নতমানের কাল্পনিক ত্রিমাত্রিক ছবি, যা এমনকি ছুঁয়ে-শুঁকে অনুভব করা যায়!

মানুষের আকাঙ্ক্ষাকে, ঝর্নাজলে কুলকুচি করার মতো ইচ্ছে-গুলোকে জ্যোতির্ময় সর্বোচ্চ গুরুত্ব দেন। ক্যান্সারগ্রস্ত অপদার্থবিদ তাই ঘোষণা করেন আবেগশূন্য নীরস বিজ্ঞানের অবসান। 'এসে গেছে এক নতুন কবিত্বময় মরমী বিজ্ঞান! নক্ষত্র থেকে নক্ষত্রের মধ্যবর্তী অন্ধকারে আবিষ্কৃত হয়েছে — বিরহ! ঘূর্ণমান নীহারিকার অন্ধকার কেন্দ্র ভরে আছে — আকাঙ্ক্ষায়! .... যা স্পষ্ট গভীরভাবে আকাঙ্ক্ষিত, তা প্রাপণীয়।' ওদিকে ডিপ্লোম্যাটিক স্বর্গালোকে জ্যেষ্ঠ পাণ্ডবের মনে সুখ ছিল না। শেষ পর্যন্ত মর্ত্যের এক কুকুরকে অনুসরণ করে, সময় আর দূরত্বে না জানি কত অতল শঙ্কু অতিক্রম করে যুধিষ্ঠির ফিরে আসেন পৃথিবীতে, চেনাশোনা গন্ধ আর শ্রুতির মধ্যে। বড়ো আনন্দদায়ক এই প্রত্যাবর্তন রবীন্দ্রনাথের 'স্বর্গ হইতে বিদায়' মনে করিয়ে দেয়।

ব্লার্বে লেখকের জন্ম, পেশা, লেখালিখির ইতিহাস ইত্যাদি কিছু সম্পর্কে কোনো তথ্য দেওয়া নেই। কারণ, জ্যোতির্ময় 'ভালোবাসেন নিজেকে লুকিয়ে রাখতে। তাঁকে ঘিরে তাই বাংলা সাহিত্যে সেই আবছা আঁধারই রয়ে গেছে, যার অন্য নাম রোমান্টিসিজম। দুর্মর রোমান্টিসিজম।' কিন্তু অনুরাগী পাঠক যখন প্রিয় লেখক সম্বন্ধে জানতে চায়, তাঁর লেখা পড়তে চায়, তার সেই আকাঙ্ক্ষাটি কি প্রাপণীয় নয়? যদ্দুর জানি, ২০০৭-এর নভেম্বরেও 'গল্পসংগ্রহ ২' প্রকাশিত হয়নি। তাঁর লেখা (সম্পাদিত নয়) অন্য কোনো বইয়ের বিজ্ঞাপনও গত তিন-চার বছরে কোথাও দেখেছি বলে মনে পড়ে না। নিজেকে এতটা লুকিয়ে রাখবেন না, প্লিজ।

এই আলোচনা শেষ হোক বরুণ রায়ের গল্প দিয়ে। প্রধানমন্ত্রীর অন্তরঙ্গ বন্ধু। তামাম ভারতের সবচেয়ে জনপ্রিয় মুখ, ছোটোপর্দার লাইভ সংবাদপাঠক। যদিও কেউ কেউ জানে বরুণ আদ্যন্ত মদ্যপ, নীতিহীন ইত্যাদি। বরুণ কিন্তু একদিন সত্যিই দেখতে পায় দেশের প্রকৃত দৃশ্য — দ্য রিয়েল প্যানোরামা। রাষ্ট্রের মানুষের প্রতি দায়বদ্ধতায় শাসনতন্ত্রের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে। লাইভ অনুষ্ঠানে হঠাৎ চেঁচিয়ে ওঠে ঃ 'অ্যারাইজ, অ্যাব্রারাইজ মাই নেটিভল্যাণ্ড।' শাস্তিস্বরূপ 'তার লাশ পাওয়া গিয়েছিলো পুরোনো কেল্লায় — ভাইটাল স্পটে ছটা গুলি। কিন্তু একেই না বলে দ্য ব্যান্ডমাস্টার! স্যালুট! স্যালুট!! স্যালুট!!!' আজকাল বাংলা গল্প মানেই ছলোছলো জলবায়ুতে সম্পর্কের টানাপোড়েন আর শেষপর্যন্ত নৈতিকতার জয়। আর একদল শহুরে লেখক গ্রাম্য প্রেক্ষাপটে গপ্পো নিয়ে বেজায় গর্বিত, প্রকৃত ভারতবর্ষের কথা লিখেছি। উপন্যাস যত মোটা হবে তত বেশি ক্লাসিক! এসব দেখেশুনে আপনার মুখে যদি ঘনাদাসুলভ একটি ব্যঙ্গের হাসি ফুটে ওঠে, তাহলে এই লেখাগুলোর সংস্পর্শে আসুন। সব্বার থেকে আলাদা একটা ভাইব্রেশন। অন্যরকম আলো। অন্যরকম অন্ধকার। আপনার জন্য অপেক্ষা করছে।

'কুটুম-কাটাম'

শুচিস্মিতা ঘোষ
প্রথম বর্ষ, বাংলা বিভাগ

অবনীন্দ্রনাথ ঠাকুর। চিত্রকার, গদ্যকার হিসাবে তাঁর পরিচিতি ও কৃতিত্বের মূল্যায়ন বহু আলোচিত বিষয়। ছবি আঁকা ও একই সঙ্গে লেখাকে চিত্ররূপ দেওয়ার পথিকৃৎ তিনি। আর সেই লেখার মধ্যে কি নেই — গল্প, উপন্যাস, উপকথা, কল্পকথা, পত্রসাহিত্য — সবই তাঁর ঝোলা ঢুঁড়ে পাওয়া যায়; অপেক্ষা কেবল সেই সন্ধানী চেতনার। কিন্তু, স্বল্প পরিসরে তাঁর সুবিপুল ও বহুমুখী কর্ম প্রয়াসের আলোচনা করার প্রচেষ্টা নিজের অসম্ভব দুঃসাহসিকতারই নামান্তর মাত্র। তাঁর অনন্যসাধারণ শিল্পীসত্ত্বার একটি বিশেষ দিক — 'কুটুম-কাটাম' নিয়েই এই আলোচনার উদ্যোগ।

গদ্য ও ছবির ভাষার সর্বজনীনতা অবনীন্দ্রনাথের কাজের সঙ্গে একাত্ম হয়ে আছে। তা সত্ত্বেও তিনি বরাবর তাঁর অনুরাগীদের কৌতূহলকে কয়েক যুগ পরেও জাগরুক করে রাখতে পেরেছেন। এটি ব্যাখ্যা করা হয়তো অসম্পূর্ণ থেকে যাবে কারণ শিল্পীর সার্থকতা ও তার যুগোত্তীর্ণতা কালের আদালতে বিচার্য এবং অবন ঠাকুর এই বিচারে বেকসুর খালাস পেয়ে তাঁর অনুগামী ও অনুরাগীদের কাছে চিরস্মরণীয় রয়ে গেছেন।

অবনীন্দ্রনাথের একটি নিজস্ব জগৎ আছে যার বিমূর্ত প্রকাশ ঘটেছে তাঁর সৃষ্ট 'কুটুম-কাটাম'-এ। তাঁর গদ্যের ভাষা যেমন চমকপ্রদ, সেইরকম এই 'কুটুম-কাটাম' শব্দটিও অভিনব। প্রকৃতিতে অবহেলায় ছড়িয়ে থাকা 'কাঠাম' অবন ঠাকুরের 'কুটুম'-বাড়ির লোকজন। গাছের শিকড়, ভাঙা ডাল, বাকল, কাঠের টুকরো — এইসব কাটামদের জন্য তাঁর চোখ 'জোগাড়ে'। আর মন হলেন পাক্কা গিন্নী, যিনি এইসব কাঁচামাল দিয়ে উৎকৃষ্ট ব্যঞ্জন তৈরী করেন। বাগানের এক কোণে, ঝোপে-ঝাড়ে পড়ে থাকা এই সমস্ত অনাদৃত আত্মীয়দের দেখার কাজটি ভারি মজার — "এ চোখ সবসময় থাকে না। রোজ তো বাগানের রাস্তায় চলি, চোখে কিছু পড়ে না। কিন্তু যেদিন খেলনা গড়বার জন্য কাঠ খুঁজতে বের হই — টুপটাপ চোখে পড়ে যায় সব কিছু; — তুলে আনি"। এ গেল রসদ সংগ্রহের পর্ব। এর পরের কাজটিকে প্রাণদান পর্ব বা খাতির যত্নের পর্ব বলাই শ্রেয়। আপাত দৃষ্টিতে সামান্য ঠেকা এইসব কাঠামকে একটি নির্দিষ্ট রূপ দিতে যাওয়ার যে কাজ তার বেশিরভাগটাই আকস্মিক, অল্প কিছুটা পরিকল্পিত — "তাকে যত্নভরে দেখি। আলোতে দেখি, অন্ধকারে দেখি। এদিক দিয়ে দেখি, ওপাশ দিয়ে দেখি। হঠাৎ একসময়ে অদ্ভুতরূপে সে আমার কাছে ধরা দেয়।" অবনীন্দ্রনাথ নিজেই স্বীকার করেছেন যে 'কুটুম-কাটাম' পরিকল্পিত শিল্পোদ্যগ নয়, সে নিজেই তাঁর কাছে ধরা দিয়েছে। 'খেলনা গড়বার' এই খেলায় তিনি যে স্বতঃস্ফূর্ত আনন্দ পেয়েছেন তা অবনীন্দ্রনাথের প্রায় আশিটি 'কুটুম-কাটাম' থেকে বোঝা যায়। সামান্যের মধ্যে লুকিয়ে থাকা অসামান্যতা রূপ পেয়েছে 'জাহাজ', 'দুয়োরাণীর ছেলে'-তে। তালের আঁটির দেহ, বাঁশের টুকরোর ঘোড়া, হুঁকোর নলের পা, আই-এল স্ট্রবেরি জ্যামের টিনের রঙিন কাগজের রাজপোষাক পড়া এই 'দুয়োরাণীর ছেলে' ই কোথায় যেন রূপকথার সেই রাজপুত্র, যে বইয়ের পাতা থেকে বেরিয়ে এসে 'কুটুম-কাটাম'-এ নিজেকে খুঁজে পেয়েছে।

কিভাবের পর অবধারিতভাবেই চলে আসে 'কেন' এই 'পুতুল-গড়া খেলা'? প্রতিষ্ঠিত চিত্রশিল্পী অবনীন্দ্রনাথ তাঁর শিল্প জগতে এই নতুন আত্মীয়দের কেন আনলেন — এই প্রশ্নের যথাযথ উত্তর দেওয়া হয়তো সম্ভব নয়। ১৮৯২ সালে ২১ বছর বয়সে ছবি আঁকা শুরু। এর অব্যবহিত পরে সাফল্য, খ্যাতি, প্রতিষ্ঠা সবই আসে। কিন্তু হঠাৎ করেই তিনি ছবি আঁকা ছেড়ে দেন ও ১৯৩৩ থেকে 'কুটুম-কাটাম'-এর জন্ম। তবে, ৬২ বছর বয়সে এই খেয়াল কেন হলো তার আভাস অবনীন্দ্রনাথ ঠাকুরের নিজের কথাতেই পাব— "...এক সময়ে ছবি-টবি ফেলে বসে গেলুম পুতুল গড়তে। চাকর দেখে লজ্জা পায়, বলে 'রং তুলি বের করে দিই'? কিন্তু কেন আমি বসে গেলুম ওভাবে কাঠ-কুটো নিয়ে? না, মন চাইতো নতুন কিছু নিয়ে খেলতে। .... কি জানি, মন ভরে না আর। সবই আয়ত্বে এসে গেছে, নতুনের আনন্দ পাইনে।" এই 'নতুনের আনন্দ' অনুসন্ধানের ফলই বোধ করি 'কুটুম-কাটাম'।

যে সামাজিক ও পারিবারিক পরিমণ্ডলে অবনীন্দ্রনাথের জন্ম তা সব দিক থেকেই তাঁর শিল্পানুভাবের অনুকূল ছিল। চিত্রকলার প্রতি তাঁর সহজাত আকর্ষণ পিতা গুণেন্দ্রনাথ থেকে প্রাপ্ত এবং একই সঙ্গে এই ক্ষেত্রে তাঁর স্বয়ংসম্পূর্ণ দক্ষতা এই বিশিষ্টতাকে অন্য মাত্রায় উন্নীত করেছে। কিন্তু, চিত্রশিল্পীর 'image' থেকে বেরিয়ে এসে, ব্যতিক্রমী শিল্প হিসাবে ভারবর্ষে 'কুটুম-কাটাম'-র জনক অবনীন্দ্রনাথ ঠাকুর। তাঁর জীবন বাইরের ঘাত-প্রতিঘাত থেকে অন্তর্নিহিত সূক্ষ্ম মনোবৃত্তি অনুসারী ছিল যার ছাপ 'কুটুম-কাটাম' সহ তাঁর যেন কোন সৃষ্টিতে বর্তমান। শৈশবের কল্পনাপ্রবণ মন যেসব অভিজ্ঞতা ও ঘটনা সঞ্চয় করে রাখে, জীবন সায়াহ্নে এসে তার বহিঃপ্রকাশ অবশ্যম্ভাবী এবং অবনীন্দ্রনাথও এই নিয়মের ব্যতিক্রম নন। এই কল্পনাচ্ছন্ন সূক্ষ্মতার সঙ্গেই যুক্ত হয়েছিল তার প্রকৃতি চেতনা। সৃষ্টির চরমক্ষণে এসে তাঁকে ও তাঁর শিল্প চেতনাকে আশ্রয় নিতে হয়েছিল প্রকৃতির কাছে; তাই শুধু শৈল্পিক বিচার নয়, 'কুটুম-কাটাম-এর মূল্যায়ণে প্রকৃতি চেতনাও অপরিহার্য— ".... শিল্পের দিক দিয়ে একে বলবো

সমগ্র জীবনব্যাপী ঐ পথচলার আনন্দই ঘনীভূত এবং ঊর্ধ্বায়িত হয়ে সৃষ্টি করেছে 'পথের দেবতা' তত্ত্ব। ঐ তত্ত্বসূত্রেই গ্রথিত হয়েছে তাঁর সৃষ্টির ফুলগুলি। 'মানুষ আকারে বদ্ধ যেজন ঘরে' তার বহি-রঙ্গজীবনের তুচ্ছ ঘটনাপঞ্জী বিভূতিভূষণের জীবনী নয়। 'পথের দেবতা' চেতনাই তাঁর 'স্বপনমুরতি গোপনচারী' সত্তার আসল পরিচয়। এই তাঁর সত্যতর যথার্থ জীবনী। বিভূতিভূষণ তা জানতেন। তাই 'অপরাজিত' উপন্যাসের ষড়্‌বিংশ পরিচ্ছেদে অপু যে 'পথের দেবতা' চেতনার ব্যাখ্যা করেছে, তাকে প্রায় অবিকল ভাষায় 'তৃণাঙ্কুরে'র ব্যক্তিগত দিনলিপিতে আত্মসাৎ করে প্রমাণ করেছেন 'পথের দেবতা' তত্ত্ব শুধু তাঁর সাহিত্যের একটি তত্ত্ব নয়, তা তাঁর জীবনেরও গভীরতম সত্য।

।। দুই ।।

'পথের দেবতা' কে?

'পথের দেবতা'র অস্পষ্ট পূর্বাভাস পাওয়া যায় বিভূতিভূষণের প্রথম রচনা ছোটগল্প 'উপেক্ষিতা'য়— গল্পটি প্রকাশিত হয় ১৯২২ খ্রিস্টাব্দে। অবশ্য 'প্রবাসী' পত্রিকায় প্রকাশের সময়, গল্পটির যে শেষ অনুচ্ছেদটিতে 'পথের দেবতা'র তির্যক আভাস দেখা গিয়েছিল, 'মেঘমল্লার' গল্পসংকলনে গৃহীত হওয়ার পরে ঐ অনুচ্ছেদটি বর্জিত হয়। সেজন্য আপাততঃ এই দৃষ্টান্তটি ছেড়ে দিয়ে 'পথের পাঁচালী'র উপসংহার অংশটিকেই এ বিষয়ে প্রথম স্থানের মর্যাদা দিতে হবে। তারপর নামান্তরে রূপান্তরে এই 'পথের দেবতা'ই বারেবারে দেখা দিয়েছেন 'অপরাজিত', 'আরণ্যক', 'দৃষ্টিপ্রদীপ' ও 'দেবযানে'। দিনলিপিগুলির অসংখ্য অনুচ্ছেদ জুড়ে শোনা গেছে তাঁরই পদসঞ্চার।

'তৃণাঙ্কুরে' বিভূতিভূষণ 'পথের দেবতা' সম্পর্কে যে বিস্তৃত আলোচনা করেছেন তাকে সর্বসমেত তিনটি সূত্রে সংগ্রথিত করা যায়।

প্রথম সূত্র ।। "মনে হয় যুগে যুগে এই জন্মমৃত্যুচক্র কোন এক বড় দেবশিল্পীর হাতে আবর্তিত হচ্ছে, হয়তো দুহাজার বছর আগে জন্মেছিলাম ইজিপ্টে, যেখানে নলখাগড়ার বনে, শ্যামল নীল নদের তটে কোন দরিদ্র ঘরের মা, বোন, বাপ, ভাই, বন্ধু বান্ধবের দলে এক অপূর্ব শৈশব কেটেছে, তারপর এতকাল পরে আবার ষাটটি বছরের জন্য এসেছি—এখানে আবার অন্য মা, অন্য বাপ, অন্য ভাইবোন, অন্য বন্ধুজন। পাঁচ হাজার বছর পরে আবার কোথায়

চলে যাব কে জানে? এই Cycle of birth and death যিনি নিয়ন্ত্রিত করছেন, আমি তাঁকে কল্পনা করে নিয়েছি—তিনি একজন বড় শিল্পী।" অর্থাৎ এখানে বিভূতিভূষণ বলতে চেয়েছেন যে তাঁর কল্পনায় জন্ম-মৃত্যুচক্র বিচিত্র জীবজীবনের মধ্য দিয়ে অনন্তকাল ধরে কে দেবশিল্পীর হাতে আবর্তিত হ'য়ে চলেছে। বলা বাহুল্য এই দেবশিল্পীই 'পথের দেবতা'।

কিন্তু এই বাহ্য। খণ্ডিত দৃষ্টিতে জন্ম ও মৃত্যুকে পৃথক মনে হলেও বিভূতিভূষণের সত্যতর উপলব্ধিতে মৃত্যুও 'অনন্ত অপরাজিত জীবনেরই একটি অংশ মাত্র। 'স্মৃতির রেখা'য় বিভূতিভূষণের চিন্তায় এই সত্যও ধরা পড়েছিল ঃ

"এই অনিত্য মৃত্যুর পারে, পৃথিবীর পারে এক অনন্ত জীবন—পৃথিবীর এই মৃত্যুস্পৃষ্ট না হ'য়ে অক্ষুণ্ণ অপরাজিত দাঁড়িয়ে আছে—তা তোমার আমার সকলের।" ঐ 'অনন্দ জীবনকেই 'অপরাজিতে' অপু বলেছে 'বৃহত্তর জীবন', বলেছে 'পৃথিবীর জীবনটুকু ঐ বৃহত্তর জীবনের একটি ক্ষুদ্র ভগ্নাংশ মাত্র।' তাই, যেন নিজেকে সংশোধন করে পরবর্তী সূত্রে বিভূতিভূষণ লিখলেন ঃ

"বৃহত্তর জীবনচক্র যুগে যুগে কোন অদৃশ্য দেবতার হাতে এভাবে আবর্তিত হচ্ছে। .... জয় হউক সে দেবতার, তাঁর গতির তেজে সম্মুখের ও পশ্চাতের অমুক্তির অন্ধকার জ্যোর্তিময় হউক তাঁর প্রাণচক্রের নিত্য আবর্তনশীল বিশাল পরিধিতে। .... তিনিই হাত ধরে আমাকে নিয়ে চলেছেন কোথায় তাঁর উদ্দেশ্যসাধনের জন্য তিনি জানেন।"

বলা বাহুল্য, এই অমুক্তির অন্ধকারে জ্যোর্তিময়, নিত্য আবর্তনশীল, মানুষের পথচলার দোসর দেবতাই 'পথের দেবতা'। 'বৃহত্তর জীবনচক্র' তাঁরই হাতে আবর্তিত হয়। নৈসর্গিক জীবন, মনোজীবন এবং আত্মিক জীবন—এই ত্রিস্তরের সমন্বয়েই গড়ে ওঠে বৃহত্তর জীবনচক্র। এর মধ্যে নিসর্গ আবার বিভূতিভূষণের কাছে দ্বৈতরূপে প্রকাশিত ঃ একদিকে নিসর্গের কোমলমধুর রূপ, অন্যদিকে নিসর্গের মহানগম্ভীর রূপ। দুর্গম সারেণ্ডা অরণ্যে 'বিরাটের গম্ভীর মূর্তি'র সামনে দাঁড়িয়ে বিভূতিভূষণের মনে হয়েছে যে বাংলাদেশের প্রকৃতি যেন লিরিক কবিতা, আর এখানে প্রকৃতি যেন এপিক কাব্য লিখে রেখেছে। [দ্রষ্টব্য ঃ দিনলিপি "হে অরণ্য, কথা কও"।] অর্থাৎ দাঁড়াল এই যে—কোমলমধুর নৈসর্গিক জীবন, মহান গম্ভীর নৈসর্গিক জীবন, মনোজীবন এবং সবশেষে বস্তুবিশ্বের বাতাবরণ অতিক্রম করে আত্মিকজীবন [অপু যাকে বলেছে 'এই জগতের পিছনে আর একটা জগৎ' ঃ 'অপরাজিত']—এই স্তরগুলিকে মিলিয়েই 'বৃহত্তর জীবনচক্র' গড়ে উঠেছে। আমাদের মনে রাখতে হবে শব্দটি 'চক্র' অর্থাৎ চক্রপথে 'পথের দেবতা'র চলাচল ঃ যে বিন্দু থেকে তাঁর যাত্রা শুরু, সেই বিন্দুতে আবার ফিরে এসেই তাঁর একটি পূর্ণ আবর্তন পরিসমাপ্ত। এই প্রসঙ্গে মনে পড়েছে 'দৃষ্টিপ্রদীপে' জিতুর কথা। 'পথের দেবতা'র উদ্দেশে জিতু বলেছে ঃ 'আমি আমার বিরাট চেতনার রথচক্রকে চালিয়ে দিই শতাব্দী থেকে শতাব্দীর পথে, জন্মকে অতিক্রম করে মৃত্যুর পানে, মৃত্যুকে অতিক্রম করে আবার আনন্দভরা নবজন্মের কোন অজানা রহস্যের আশায়।"

এই পথের দেবতার সঙ্গে মানুষের সম্পর্ক কি? বিভূতিভূষণ 'তৃণাঙ্কুরে' বলেছেন ঃ "আমি দীন নই, দুঃখী নই, ক্ষুদ্র নই, মোহগ্রস্ত জড় মান নই, আমি জন্মজন্মান্তরের পথিক আত্মা।" অর্থাৎ মানুষ রূপে যাই হোক স্বরূপে সে 'পথিক আত্মা।' পথের দেবতা যুগযুগান্তর ধরে 'পথিক আত্মা'র হাত ধরে 'আনন্দ ও প্রেমের স্নিগ্ধ ধারার মধ্য দিয়ে" পথ চলেন। এই প্রসঙ্গে স্মর্তব্য ঃ 'পথের পাঁচালী'র অপু, 'আরণ্যকে সত্যচরণ, 'দৃষ্টিপ্রদীপে'জিতু, 'দেবযানে'র যতীন প্রত্যেকেই পথিক, সচরাচর যাদের আমরা 'ভবঘুরে চরিত্র' বলে থাকি। বিভূতিভূষণ 'তৃণাঙ্কুরে' নিজেকে 'পথিক আত্মা' কল্পনা করে 'পথের দেবতা'র উদ্দেশ্যে যা বলেছেন তাকে আমরা তৃতীয় এবং শেষ সূত্র বলতে পারি ঃ "গভীর আনন্দরূপে দিলে দেখা এ জীবনে হে অজানা অনন্ত। নিজেকে দিয়ে বুঝেছি তুমি কত বড় শিল্পী, নিজের দৃষ্টি দিয়ে বুঝেছি তুমি কত বড় দ্রষ্টা, নিজের সৃষ্টিকে দিয়ে বুঝেছি তুমি কত বড় স্রষ্টা।" জনৈক সমালোচক বলেছেন, "পথের দেবতা মানব ভাগ্যবিধাতা। তাঁর ইঙ্গিতে মানুষ পথ চলে।" একথা যে যথার্থ নয়, তারই প্রমাণ ঐ তৃতীয় সূত্র। 'মানব ভাগ্যবিধাতা' শব্দটির মধ্যে অনভিপ্রেত ঐশ্বর্যমূর্তির আভাস আছে। কিন্তু বিভূতিভূষণ বিশুদ্ধ লীলাবাদী মধুর রসের রসিক। 'পথের দেবতা' 'পথিক আত্মা'র লীলাসহচর। আনন্দরূপে তাঁর আবির্ভাব। তাঁর ইঙ্গিতে মানুষ পথ চলে না, বরং তিনিও মানুষের দোসর হয়ে এগিয়ে চলেন 'বৃহত্তর জীবনচক্র' পথে।

বিভূতিভূষণের কল্পনা আরও সুদূরপ্রসারী। তিনি শুধু মানুষের পথিক সত্তাকেই দেখেননি, বিশ্ব ও কালের মধ্যেও পথিক সত্তাকে আবিষ্কার করেছেন। প্রথমটিকে 'স্মৃতির রেখা'র দিনলিপিতে নিজেই বলেছেন 'পথিকবিশ্ব' 'দৃষ্টিপ্রদীপে'র পঞ্চদশ পরিচ্ছেদে জিতুর মুখে নিজের অনুভূতিকেই ভাষা দিয়ে বলেছেন ঃ "বিশ্বের এই পথিক রূপকে ভালবাসি।" পথিক বিশ্বের সঙ্গেই আছে পথিক কালের কল্পনা। 'পথের পাঁচালী'র 'আম আঁটির ভেঁপু' অংশের প্রথম পরিচ্ছেদে নীলকণ্ঠ পাখীর সন্ধানে ইছামতীর কূলে অপুর প্রথম ভ্রমণের প্রেক্ষাপটে দেখা গেছে ঃ "গতিশীল কালের প্রতীক নির্জন শীতের অপরাহ্ন।" শীতের অচিরস্থায়ী দিনান্তের মধ্যেই প্রকৃতিরসিক বিভূতিভূষণ লক্ষ্য করেছিলেন কালের সুস্পষ্ট দ্রুতগতি। এরপর 'পথিককালের' নিগূঢ়াভাস নিয়ে বহুবার শীতের অপরাহ্ন তাঁর রচনায় দেখা গেছে। হরিহরের মৃত্যুর সময়ে এবং 'আরণ্যকে' সত্যচরণের প্রথম অরণ্যদর্শনের পটভূমিতে ঐ একই প্রতীক নিয়ে শীতের অপরাহ্ন দেখা দিয়েছে। শেষ পর্যন্ত তাঁর রচনায় অপরাহ্ন মাত্রই হয়ে উঠেছে পথিককালের প্রতীক। এই জন্যই অপরাহ্ন তাঁর গল্প উপন্যাসে সর্বাধিক ব্যবহৃত পটভূমি। অনেকে বিভূতিভূষণের এই অপরাহ্ন প্রিয়তার মধ্যে রোমান্টিক বিষণ্ণতাকে খুঁজতে চেয়েছেন। তাঁরা বিষয়টিকে আরও তলিয়ে দেখেননি বলেই মনে হয়।

দেখা গেল 'পথের দেবতা' 'বৃহত্তর জীবনচক্র' পথে চলাচল

করেন, তাঁর ঐ চক্রাবর্তনের দোসর 'পথিক আত্মা', 'পথিক বিশ্ব' ও 'পথিক কাল'।

এবারে 'পথের পাঁচালী'র উপসংহার অংশে 'পথিক আত্মা' অপুর প্রতি পথের দেবতার সম্ভাষণটিকে বিশ্লেষণ করা যেতে পারে। পথিক আত্মা প্রথমে যাত্রা করে বিশ্বের এক দেশ থেকে অন্য দেশেঃ "...সোনাডাঙায় মাঠ ছাড়িয়ে ইছামতী পার হ'য়ে, পদ্মফুলে ভরা মধুখালি বিলের পাশ কাটিয়ে, বেত্রবতীর খেয়ায় পাড়ি দিয়ে, পথ আমার চলে গেল সামনে, সামনে, শুধুই সামনে, দেশ ছেড়ে দেশান্তরের দিকে ....।" তারপর তার যাত্রা জন্ম থেকে জন্মান্তরে ও কাল থেকে কালান্তরে ঃ "দিনরাত্রি পার হয়ে, জন্মমরণ পার হয়ে, মাস বর্ষ, মন্বন্তর, মহাযুগ পার হয়ে চলে যায় ..... পথ আমার তখনও ফুরায় না ..... চলে .... চলে .... এগিয়েই চলে।" দেশ, জন্ম ও কাল অতিক্রম করে এসেছে অনন্তের আহ্বান ঃ "অনির্বাণ তার বীণা শোনে শুধু অনন্তকাল আর অনন্ত আকাশ।" বাঙালীর চেতনার সঙ্গে কৃষ্ণের বাঁশীর রূপকল্পটি অঙ্গাঙ্গীভাবে জড়িত। 'বৈষ্ণব কবির গান' প্রবন্ধে রবীন্দ্রনাথ কল্পনা করেছিলেন ঃ "সৌন্দর্য-স্বরূপের হাতে সমস্ত জগৎই একটি বাঁশী।" কিন্তু পথের দেবতার হাতে বাঁশীর বদলে বীণা তুলে দেওয়া বিভূতিভূষণের স্বোন্মেষণশীল প্রতিভারই দৃষ্টান্ত। এই বীণা সৃষ্টিরই বীণা। 'দৃষ্টিপ্রদীপে' বিভূতিভূষণ বলেছেন ঃ "মর্তে ও অমর্তে তাঁর সৃষ্টিবীণার দুই তার!" অপ্রাসঙ্গিক হলেও একটি বিষয়ে সহৃদয় পাঠকের দৃষ্টি আকর্ষণ করি। 'বীণা'র বিশেষণ রূপে 'অনির্বাণ' শব্দটি ব্যাকরণসম্মত নয়। সম্ভবতঃ 'লিপিকা'র [প্রকাশঃ ১৯২২] প্রথম গীতিগদ্য 'পায়ে চলার পথে'র শেষাংশে "তারার আলোয় অনির্বাণ বেদনায় দেয়ালি-উৎসবে'র পরোক্ষ প্রভাবই এই সুন্দর ভ্রান্তির জন্যে দায়ী।

।। তিন ।।

'ভাবজীবন' এবং 'আনন্দজীবন'

'পথিক আত্মা' মানুষের জীবনের একটি বিশেষ মুহূর্তেই তার কাছে 'পথের দেবতা'র আহ্বান এসে পৌঁছায়। প্রশ্ন ওঠা স্বাভাবিক যে বিভূতিভূষণের কল্পনায় এই মুহূর্তটি কখন দেখা দিয়েছে? এই প্রশ্নের উত্তর দিতে গেলে বিভূতিভূষণের দুঃখতত্ত্বের প্রসঙ্গ অনিবার্যভাবেই এসে পড়ে। আসলে 'পথের দেবতা' তত্ত্ব আর এই দুঃখতত্ত্ব পরস্পর বেণীবন্ধন রীতিতে সংগ্রথিত। বিভূতিভূষণের দুঃখতত্ত্ব আলোচনায় প্রাক্কালে তারই উৎসমূলে বিরাজিত রবীন্দ্রনাথের "দুঃখ" শীর্ষক প্রবন্ধটির কথা স্মরণীয়।

'ধর্ম' গ্রন্থের ঐ প্রবন্ধটিতে রবীন্দ্রনাথ বলেছেন ঃ "মানুষের একটমাত্র আপনার ধন" আছে, সেটি দুঃখধন।..... "অতএব দুঃখকে আমরা দুর্বলতাবশত খর্ব করিব না, অস্বীকার করিব না, দুঃখের দ্বারাই আনন্দকে আমরা বড়ো করিয়া এবং মঙ্গলকে আমরা সত্য বলিয়া জানিব। ..... মানুষের এই যে দুঃখ ইহা কেবল কোমল অশ্রুবাষ্পে আচ্ছন্ন নহে, ইহা রুদ্রতেজে উদ্দীপ্ত। বিশ্বজগতে তেজঃ পদার্থ যেমন— মানুষের চিত্তে দুঃখ সেইরূপ; তাহাই আলোক, তাহাই তাপ, তাহাই গতি, তাহাই প্রাণ; তাহাই চক্রপথে ঘুরিতে ঘুরিতে মানবসমাজে নূতন নূতন কর্মলোক ও সৌন্দর্যলোক সৃষ্টি করিতেছে।....।"

রবীন্দ্রনাথের এই প্রবন্ধটি প্রকাশিত হয় ১৯০৮ খ্রিস্টাব্দে। 'দুঃখই গতি'—এই কথাটি বিভূতিভূষণের মানসলোকে একটি দিব্য সংকেতের মতোই ফুটে উঠেছে। ১৯৪৩ সালে গ্রন্থাকারে প্রকাশিত 'তৃণাঙ্কুরে'র দিনলিপিতে বিভূতিভূষণ প্রায় অনুরূপ কথা বলেছেনঃ "দুঃখ জীবনের বড় সম্পদ, দৈন্য বড় সম্পদ, শোক, দারিদ্র্য, ব্যর্থতা বড়ো সম্পদ, মহৎ সম্পদ।" আরও বলেছেন ঃ "আমার সমগ্র ভাবজীবনের সমষ্টি এইসব দুঃখও বেদনা, অবশ্য হয়তো অনেকটা দুঃখ বাস্তব, অনেকটা কাল্পনিক....।" 'ভীবজীবন' শব্দটি বিভূতিভূষণ বিশেষ অর্থেই ব্যবহার করেছেন। এই বেদনাসম্ভব 'ভাবজীবনই' কিন্তু শেষ কথা নয়। বিভূতিভূষণ এর পরেই বলেছেন ঃ "....পথে, ঘাটে, বৈকালের ছায়ায়, পুকুরের রোদে, যে আনন্দজীবনের শুরু, আমি ভেবে মুগ্ধ হই, তা এখনও অটুট অক্ষুণ্ণ রয়েছে—আরও পরিপূর্ণভাবে দেশে বিদেশে তার গতি নিত্যনবতর পথে।" অর্থাৎ দুঃখ ও বেদনা দিয়ে গড়া ভাবজীবনই 'দেশে বিদেশে নিত্য নবতর গতির পথে' 'আনন্দজীবনে' উন্নীত হয়। বিভূতিভূষণের দৃষ্টিতে এই আনন্দ-জীবনের অধিকারী মানুষই যথার্থ যাত্রী ঃ 'পথিক আত্মা'। এই আনন্দ- জীবনের অধিকারীকেই পথের দেবতা পরিয়ে দিয়েছেন "আনন্দ যাত্রার অদৃশ্য তিলক" ['পথের পাঁচালী'র উপসংহার স্মরণীয়]

'পথের পাঁচালী'তে বারবার মৃত্যুর বেদনার মধ্য দিয়ে অপুর 'ভাবজীবন' গড়ে উঠেছে। ইন্দির ঠাকরুণের মৃত্যু তার শৈশবে, দুর্গার মৃত্যু তার বাল্যে, হরিহরের মৃত্যু তার কৈশোরে। এক একটি মৃত্যুর বেদনা দিয়ে গড়া 'ভাবজীবন' শৈশব থেকে বাল্যে, বাল্য থেকে কৈশোরে 'নিত্যনবতর গতির পথে' 'আনন্দজীবনে' রূপায়িত হয়েছে এবং পরিশেষে 'পথের দেবতা'র অনির্বাণ বীণার সুরে বৃহত্তর জীবনের আলোক, তাপ, গতি ও প্রাণে পরিপূর্ণ হয়ে উঠেছে।

প্রশ্ন উঠেছে যে 'আম আঁটির ভেঁপু'র শেষে নিশ্চিন্দিপুর ত্যাগের সময়েই কি 'পথিক আত্মা'র কাছে 'পথের দেবতা'র আহ্বান আসতে পারত না? সেই আহ্বানের জন্য 'অক্রূরসংবাদ' অংশের কি প্রয়োজন ছিল? অন্ততঃ এই যুক্তি দেখিয়েই T. W. Clerk 'পথের পাঁচালীর' ইংরেজী অনুবাদ করতে গিয়ে সম্পূর্ণ 'অক্রূরসংবাদ' অংশটিই পরিত্যাগ করেছেন। কিন্তু বিভূতিভূষণের দুঃখচেতনার মধ্যেই এই প্রশ্নের সম্ভাব্য সদুত্তর লুকিয়ে রয়েছে বলে মনে হয়। নিশ্চিন্দিপুরের বালক অপুর দুঃখবোধ বিভূতিভূষণের ভাষাতেই "অনেকটা বাস্তব অনেকটা কাল্পনিক"।[দ্রঃ "তৃণাঙ্কুর"] মহাভারতের কর্ণের দুঃখে আকুল হওয়া ঐ কাল্পনিকতারই দৃষ্টান্ত। শিশু ও বালক অপুকে সংসারের বাস্তব দুঃখশোক থেকে অনেকখানি আড়াল করে রেখেছে সর্বজয়া ও দুর্গা। কিন্তু 'অক্রূরসংবাদে' কিশোর অপুকে চলতে হয়েছে নগরের কঠিন রাজপথে, বাস্তব সংসারের নির্মম আঘাত বুক পেতে নিতে হয়েছে।

আমরা স্মরণ করতে পারি, অপুকে নিষ্ঠুর আশ্রয়দাতার চাবুক মারার বেদনাদায়ক ঘটনাটি দিয়েই 'পথের পাঁচালী' সমাপ্ত হয়েছে। এইভাবেই তার অপরিণত 'ভাবজীবন' 'আনন্দ-জীবনে' পরিণতি লাভ করেছে, অপু হয়েছে 'পথিক আত্মা'। এর আগে তার কাছে পথের দেবতার আহ্বান আসা সম্ভব ছিল না।

।। চার ।।

।। চক্রাবর্তন সূত্রের প্রয়োগ ।।

আবার আগের কথায় ফিরে আসি। আমরা বলেছি 'পথের দেবতা' 'বৃহত্তর জীবনচক্র' পথে চলাচল করেন। এর প্রথমে আছে কোমলমধুর নিসর্গজীবন, পরে মহানগম্ভীর নৈসর্গিক জীবন, মনোজীবন ও আত্মিকজীবন। যেহেতু তা চক্রপথ, তাই 'পথের দেবতা' আত্মিকজীবন পরিক্রমান্তে আবার ফিরে আসেন পূর্বস্থানেঃ নৈসর্গিক জীবনে।

অথচ সমালোচকেরা যাওয়াটাকে লক্ষ্য করেছেন, ফিরে আসার নয়। ফলে 'পথের পাঁচালী'র স্রষ্টা বিভূতিভূষণের সাহিত্য জীবনের উপান্তে 'দেবযান' রচনাকে স্মরণ রেখেই তাঁদের মনে হয়েছে যে বিভূতিভূষণ বুঝি শেষ পর্যন্ত আলোকপন্থী আধ্যাত্মবাদী। কিন্তু সত্য তার বিপরীত। 'পথের দেবতা' 'দেবযান' থেকে চক্রাবর্তন পথে আবার অবতরণ করেছেন নিসর্গ জগতে, মর্ত্যপৃথিবীর (এই মধুর মৃত্তিকায়, যেখানে চিরশৈশবের আম আঁটির ভেঁপু চিরকালই বেজে চলেছে।

'পথের দেবতা'র ঐ চক্রাবর্তন সূত্রটি তখনই সার্থক হবে যখন বিভূতিভূষণের রচনার মধ্যে এর সমর্থন মিলবে। আমরা বিভূতি-ভূষণের ছয়টি প্রধান উপন্যাস গ্রহণ করব ঃ 'পথের পাঁচালী', 'অপরাজিত', 'আরণ্যক', 'দৃষ্টিপ্রদীপ', 'দেবযান' এবং 'ইছামতী'। [চিত্র ক ঃ গীতিকাব্যধর্মী নিসর্গজীবন ঃ 'পথের পাঁচালী'

খ	ঃ	মহাকাব্যধর্মী নিসর্গজীবন	ঃ 'অপরাজিত'
ক-খ	ঃ	দুই নিসর্গের যুক্তবেণী	ঃ 'আরণ্যক'
গ	ঃ	মনোজীবন	ঃ 'দৃষ্টিপ্রদীপ'
ঘ	ঃ	আত্মিকজীবন	ঃ 'দেবযান'
ঘ->ক	ঃ	প্রত্যাবর্তন	ঃ'দেবযান'—>'ইছামতী']

'পথের পাঁচালী'তে 'পথের দেবতা'র দোসর হ'য়ে 'পথিক আত্মা' অপু চলেছে পলিমৃত্তিকা-পালিত দক্ষিণবঙ্গের নিশ্চিন্দিপুর গ্রামের গীতিকাব্যধর্মী [স্মরণীয় বিভূতিভূষণের উক্তি ঃ "বাংলা দেশের প্রকৃতি লিরিক কবিতা।"] নিসর্গলোকের মধ্য দিয়ে ঃ "এইরকম তিত্তিরাজ গাছের তলা দিয়ে পথ, মোটা মোটা গুলঞ্চলতা দুলানো ধোলো ধোলো বনচালতার ফুল চারিধারে। সুঁড়িপথটা আমবাগানে আসিয়া শেষ হয়, আবার এগাছের ওগাছের তলা দিয়ে বনকলমী, নাটা-কাঁটা, ময়নাঝোপের ভিতর দিয়া চলিতে চলিতে কোথায় কোনদিকে লইয়া ফেলিতেছে .... সে যেন স্বপ্ন, সে যেন মায়া, চারিপাশ ঘিরিয়া পাখী গান গায়, কুরকুর করিয়া করিয়া ফুল পড়ে, সূর্যাস্তের আলো আরও ঘন ছায়াময় হয়।" পথের পাঁচালীর প্রকৃতি সর্বদাই এইরকম কোমলমধুর লাবণ্যে পরিপূর্ণ। আর এই নিসর্গজীবনের ঊর্ধ্বে অপু দেখতে পায় ঃ "নীল নির্জন আকাশপথে এক উদাস গৃহবিবাগী পথিক দেবতার সুকণ্ঠের অবদান দূর থেকে আরও দূরে মিলিয়ে চলে।"

'অপরাজিত' উপন্যাসে 'পথের দেবতাকে' অনুসরণ করে পথিক অপু এসেছে বিন্ধ্যারণ্যের দুর্গম অঞ্চলে। দেখা দিল প্রকৃতির মহাকাব্যিক মূর্তি ঃ "অস্পষ্ট জ্যোৎস্না ও আঁধারের পিছনকার পাহাড়ের গম্ভীরদর্শন অনাবৃত গ্রানাইট প্রাচীরটা কি অদ্ভুত দেখায়। শালকুসুমের সুবাস ভরা অন্ধকার, মাথার উপরকার আকাশে অগণিত নৈশনক্ষত্র। এখানে...আছে শুধু সে, আর এই বিশাল অরণ্য প্রকৃতির কর্কশ, বন্ধুর, বিরাট সৌন্দর্য—। ....স্তব্ধ রাত্রি, আকাশ অন্ধকার....পৃথিবী অন্ধকার ..... আকাশে বাতাসে অদ্ভুত নীরবতা, আবলুসের তালপাতার ফাঁকে দু'একটা তারা যেন অসীম রহস্যভরা মহাব্যোমের বুকের স্পন্দনের মত দিপ্‌দিপ্‌ করে, বৃহস্পতি স্পষ্টতর হয়, উত্তরপূর্ব কোণের পর্বত-সানুর বনের উপরে কালপুরুষ উঠে, এখানে ওখানে অন্ধকারের বুকে আগুনের আঁচড় কাটিয়া উল্কাপিণ্ড খসিয়া পড়ে। ..... রাত্রির পর রাত্রি এই গতির অপূর্ব লীলা দেখিতে দেখিতে এই শান্ত সনাতন জগৎটা যে কি ভয়ানক রুদ্র গতিবেগ প্রচ্ছন্ন রাখিয়াছে তাহার স্নিগ্ধতা ও সনাতনত্বের আড়ালে, সে সম্বন্ধে অপুর মন সচেতন হইয়া উঠিল—অদ্ভুতভাবে সচেতন হইয়া উঠিল।"

'আরণ্যক' উপন্যাসে এই দুই বিপরীত নিসর্গজীবনের যুক্তবেণী গাঁথা হয়েছে। পথিক সত্যচরণ একই সঙ্গে ঐ 'গীতিকাব্যধর্মী' ও 'মহাকাব্যধর্মী' নিসর্গজীবনের যাত্রী। তার যাত্রাপথের একপাশে 'রুক্ষ কর্কশ' লবটুলিয়া বইহারের ভৈরবী মূর্তি 'অন্ধকার রজনীতে কালপুরুষের আগুনের খড়্গ হাতে' দিক্‌বিদিক্‌ ব্যাপ্ত করে দেখা দেয়। আবার অন্যদিকে 'সুমিষ্টি সুরের মধুর ও কোমল বিলাসিতায় আর্দ্র' স্বপ্নময় সরস্বতী কুণ্ডী ঃ 'বন্য নিম গাছের সুবাস ছড়ায় বাতাসে, জলে জলজ লিলির দল ফোটে, জ্যোৎস্নার হিম বাতাসে গাছপালা ও ভোম্‌রা লতার নৈশপুষ্পের মৃদু সুবাস।'

'দৃষ্টিপ্রদীপে' এসে 'পথের দেবতা'কে আর নিসর্গে দেখা গেল না। দেখা গেল দৃষ্টি-প্রদীপের দিব্যদীপ্তিতে জ্যোতির্ময় মনোলোকে। এই উপন্যাসের নায়ক জিতুও পথিক, তবে অপুর মতো প্রকৃতি

প্রেমিক নয়। কিন্তু সে অসাধারণ। তার অতিরিক্ত অনুভূতি শক্তির সাহায্যে সে তার মনোলোকের রহস্যকে বহির্জগতে প্রতিফলিত করতে পারে। সে দেখতে পায় 'অনেক দূরে পাহাড়ের ও বনানীর মাথার ওপরে নীলাকাশ বেয়ে যেন একটা পথ....হলুদ আলোর বিশাল জ্যোর্তিময় পথটা এই পৃথিবীর পর্বতশ্রেণীর ওপর দিয়ে শূন্যভেদ করে মেঘরাজ্যের ওদিকে কোথায় চলে গেছে।" বলা বাহুল্য এই পথ 'সোনাডাঙা মাঠ, পদ্মফুলে ভরা মধুখালি বিলের ধার দিয়ে চলে যাওয়া" পত্রের সগোত্র নয়। আসলে বাস্তবে নিসর্গলোকে এ পথ কোথাও নেই, আছে জিতুর মনোলোকে। উদ্ধৃতাংশে 'যে'—এই সংশয়বাচক শব্দটি সেই দিকেই ইঙ্গিত দেয়। ঐ মনোলোকের পথ বেয়েই চলেছেন 'পথের দেবতা' ঃ "মনে হল কোথায় যেন একজন পথিক আছেন, ঐ নীলাকাশ, ঐ রঙীন মেঘমালা, এই কলরবপূর্ণ জীবনধারার পিছনে তিনি চলেছেন .... চলেছেন। ....।"

'দৃষ্টিপ্রদীপে'ই 'পথিক আত্মা'র চারদিকের বস্তুবিশ্বের ধীরে ধীরে অস্পষ্ট হয়ে এসে অবশেষে লুপ্ত হয়েছে 'দেবযানে'। এখানে দেখা দিল লোকোত্তর আত্মিক জীবন। যতীন সেই আত্মিক জীবনচক্রের যাত্রী। 'দেবযান' শিল্পসৃষ্টি হিসেবে সার্থক কি না, এখানে সে প্রশ্ন অবান্তর। কিন্তু বিভূতিভূষণের 'পথের দেবতা' চেতনা যে একানে এসেই একটা চূড়ান্ত রূপ লাভ করেছে, সেকথা অস্বীকার করার উপায় নেই।এখানে 'পথিক আত্মা' মানুষেরও সমস্ত দেহরূপ নির্মোকের মত খসে পড়েছে, বেরিয়ে এসেছে তার চিৎ-শরীর। তার সম্মুখে অনাবৃত হয়েছে জ্যোতির্ময় সপ্তলোক। পথ চলে গেছে "এদেরও দূর, বহুদূর পারে, সব আকাশ ও সময়ের পারে, অতীত, বর্তমান ও ভবিষ্যৎ যেখানে এক হয়ে মিলিয়ে গিয়েছে—সোম সূর্য নেই, তারকা নেই, অন্ধকার নেই, আলোও নেই—সেই এক বহুদূর দেশে সে গিয়ে পৌঁছেছে ....।" বলা বাহুল্য শিল্পী এখানে হয়ে উঠেছেন তত্ত্বদর্শী। ঐ পথে যখন 'পথের দেবতা'কে দেখা গেল, তখন আর তিনি মানুষের 'পথের দোসর' নন, বিভূতিভূষণের হিন্দু-সংস্কারে অধিবাসিত হয়ে তিনি 'কারণার্ণবশায়ী মহাবিষ্ণু' মূর্তিতে দেখা দিলেন। বিভূতিভূষণ বললেন "বিশ্বজগৎ ওঁর স্বপ্ন .... তুমি, আমি, জন্ম, মরণ, দেশকাল .... সবই তাঁর স্বপ্ন।" কিন্তু এ যে একেবারে আত্মদ্রোহ! কারণ বিভূতিভূষণ নিজেই তো বলেছেন তিনি লীলাবাদী, 'পথিক আত্মা' ও 'পথের দেবতা' পরস্পরের লীলাসহচর। স্বভাবতই বিভূতিভূষণ তাঁর পক্ষে অসম্ভাবিত ঐ অদ্বৈত সৃষ্টিতে অবিচলিত থাকতে পারেননি। তিনি পারতেন না থাকতে। তাই আত্মিকজীবন থেকে সরে এসে যতীন আবার নবজন্ম লাভ করল নবীন শিশু-মূর্তিতে—বাংলাদেশেরই এক গ্রামে। বিভূতিভূষণ জানিয়েছেন, যশোহর জেলারই সেই গ্রাম! অপুর নিশ্চিন্দিপুরও ছিল যশোহর জেলায়, স্বয়ং বিভূতিভূষণের জন্মভূমি বারাকপুরও যশোহর জেলারই গ্রাম। 'দেবযানে' যতীনের দৃষ্টিতে তার জন্মভূমির চিত্রটি এইরকম ঃ "নিবিড় বাঁশবনে ঘুঘু ডাকছে উদাস মধ্যাহ্ন বেলায়, বনে বনে তিৎ-পল্লার হলুদ ফুল ফুটেছে। যতীন অনেকদিন পরে বাংলার শরতের এই সুপরিচিত দৃশ্যগুলি দেখলে। বাঁশ-ঝাড়ে সোনার সড়কির মত নতুন বাঁকের চেরা ঠেলে উঠেছে, বনসিমতলায় বেগুনি ফুল ফুটে ঝোপের মাথা আলো করেছে—বর্ষার শেষে জল মরে যাচ্ছে ডোবায়, পুকুরে নদীতে, তীরের টাটকা কাদায় সাদা বক গেঁড়িগুগলি খুঁজে বেড়াচ্ছে, জলের ধারেই কাশফুলের ঝাড় থেকে হাওয়ায় কাশফুলের সাদা তুলোর মত পাপড়ি উড়ছে।"

এই বর্ণনার সঙ্গে 'পথের পাঁচালী'র গীতিকাব্যধর্মী কোমলমধুর নিসর্গজীবনের বিন্দুমাত্র পার্থক্য নেই। অর্থাৎ 'পথিক আত্মা' আবার ফিরে এল পূর্বস্থানে—নিসর্গ-জীবনে। সঙ্গে সঙ্গে লীলাসঙ্গী হয়ে 'পথের দেবতা' ও 'বৃহত্তর জীবনচক্রে'র একটি পূর্ণ আবর্তন সমাপ্ত করে, বেত্রবতীর খেয়ায় পাড়ি দিয়ে, পদ্মফুলেভরা মধুখালি বিলের পাশ কাটিয়ে সোনাডাঙ্গার মাঠ ছাড়িয়ে, ইছামতীর তীরে ফেলে যাওয়া স্থানে ফিরে এলেন। জন্মভূমির তৃণপুষ্পশয্যায় শায়িত পরিশ্রান্ত সেই দেবতাকেই আবার নতুন করে প্রথম মুহূর্তের দৃষ্টিতে দেখলেন বিভূতিভূষণ। 'দেবযানে'র প্রায় চার বৎসর পরে প্রকাশিত 'হে অরণ্য কথা কও' গ্রন্থের একটি দিনলিপিতে সেই অন্তরঙ্গ অভিজ্ঞতাটিই অবিস্মরণীয় বাণীমূর্তি লাভ করল ঃ "... নিস্তব্ধ অপরাহ্নে ছায়াগহন প্রাচীন আমবাগানে ঢুকে দেখেছি বনের কোণে তিনি পত্রশয্যায় ঘুমিয়ে আছেন। ঝুরঝুর করে ঝরা পাপড়ি ঝরে পড়ছে সোঁদালি ফুলের ওঁর শয্যার ওপর। ডালে ডালে বনের পাখি নেচে নেচে উড়ে বেড়াচ্ছে, কত কি বন্যলতার গাছ ওপরের ডাল থেকে নেমে এসে দুলছে ওঁর বুকের কাছে, মুখের কাছে। .... মহাশিল্পী মহাকবি উনি, নিজের অনন্তশয্যার অন্তনিদ্রার স্থানটি নিজের ইচ্ছামত সাজিয়ে বসবেন আমি যেসব ফুল ভালবাসি বা দেখেছি তাই দিয়ে।"

এরপর আর বোধহয় বুঝিয়ে দেওয়ার প্রয়োজন হয় না যে কেন বিভূতিভূষণের জীবনের সর্বশেষ উপন্যাসের শিরোনামা ঃ 'ইছামতী'।প্রথম পথিক অপু একদিন ইছামতীর তীরে দাঁড়িয়ে পদাতিক পৃথিবীর সত্যকে প্রথম আবিষ্কার করেছিল। 'পথের পাঁচালী'তে "ইছামতীর চলোর্মিচঞ্চল স্বচ্ছ জলধারা অনন্ত কালপ্রবাহের সঙ্গে পাল্লা" দিয়ে চলেছে। অর্থাৎ দুয়ে মিলে এক না হলেও তারা চলেছে পাশাপাশি। আর জীবনের প্রান্তে সেই স্থানটিতে ফিরে এসেই অপুর স্রষ্টা স্বয়ং বিভূতিভূষণ 'ইছামতী'র জোয়ার ভাঁটার আবর্তনে মৃত্যুঞ্জয়ী "বৃহত্তর জীবনের" অপাবৃত সত্যকে মানসপ্রত্যক্ষ করেছেন ঃ "কত লোকের চিতার ছাই ইছামতীর জল ধুয়ে নিয়ে গেল সাগরের দিকে, জোয়ারে যায়, আবার ভাঁটায় উজিয়ে আসে, এমনি বারবার করতে করতে মিশে গেল দূর সাগরের নীল জলের বুকে। .... মৃত্যুকে কে চিনতে পারে, গরীয়সী মৃত্যু-মাতাকে? পথ প্রদর্শক মায়ামৃগের মত জীবনের পথে পথে পথ দেখিয়ে নিয়ে চলে সে, অপূর্ব রহস্যে ভরা তার অবগুণ্ঠন কখনও খোলে শিশুর কাছে, কখনও বৃদ্ধের কাছে .... তেলাকুচো ফুলের দুলুনিতে অনন্তের সে সুর কানে আসে .... কানে আসে বনৌষধির কটুতিক্ত সুঘ্রাণে, প্রথম হেমন্তে বা শেষ শরতে।" 'পথের পাঁচালী'তে ইছামতী ও জীবনপ্রবাহ ছিল উপমেয়-উপমান সম্পর্কে সম্পর্কিত, আর 'ইছামতী' উপন্যাসে নদীই স্বয়ং 'বৃহত্তর জীবনে'র অমরপ্রবাহ হয়ে উঠে সৃষ্টি করেছে অভেদাঙ্গ অতিশয়োক্তি। নিসর্গজীবনে ফিরে এসে 'তেলাকুচো ফুল' 'বনৌষধির কটুতিক্ত সুঘ্রাণ' 'হেমন্ত ও শহতের' উদ্দীপন বিভাবই পরিপুষ্ট করে তুলেছে ঐ পরমপ্রত্যয়টিকে। এখানেই বিভূতিভূষণের "পথের দেবতা" চেতনার পরাসিদ্ধি।।

অমর্ত্য সেন — কোথা থেকে কোথায়

প্রফেসর দীপক বন্দ্যোপাধ্যায়
প্রাক্তন বিভাগীয় প্রধান, অর্থনীতি বিভাগ

এক চিনা ম্যান্ডারিনকে — চিন লাল হওয়ার আগে — আপ্যায়ন করতে এক ইংরেজ নাকি উম্বলডন টেনিস দেখাতে নিয়ে গিয়েছিলেন। কিছুক্ষণ খেলা দেখার পর ম্যান্ডারিন ভদ্রলোক বললেন যে বোঝাই যাচ্ছে কোনও সদুদ্দেশ্য সাধনে বলটি নেটের এপার ওপার করা প্রয়োজন, কিন্তু সেই কাজটি চাকর বাকর দিয়ে করানো যায় না?

বছর ষোলো আগে অর্থনীতির প্রখ্যাত অধ্যাপক অমিয় দাশগুপ্ত আমাকে প্রায় ওই রকম একটি কথা বলেছিলেন। অমর্ত্য সেন তাঁর অতি প্রিয়জন, এই বন্ধুসন্তানকে বরাবরই তিনি খুব স্নেহ করেন, অমর্ত্য অর্থনীতিশাস্ত্র পড়তে গেল তাঁর উপরোধে, তাঁর প্রতি সম্মানেই তিনি ফিরে ফিরে গর্ববোধ করেন। সেই অমর্ত্য নাকি গরীব মায়ের সন্তানদের প্রতিদিন দুধ আরও কী কী বিলোচ্ছে, আর শিশুদের ওজন করছে। তাঁর স্বরে বিরক্তির ছোঁয়া পাওয়ায় আমি বললাম, 'তা কাজটা তো ভালই'। তিনি বললেন, হ্যাঁ, ভাল কাজ, তবে সে তো থিওরির লোক, নিজের হাতে দুধ বিলোতে তার সময় নষ্ট হয়, বোঝে না?

এতে আমারও তখন মনে হয়েছিল যে এটা বোধ হয় এক রকম খেলা, তাই অমিয়বাবুকে বোঝাবার চেষ্টা করলাম, খেলাতে ক্যাপটেন বাইরে বসে থাকেন না, দলের মধ্যে থেকে তাদের শ্রমের অংশীদার হয়ে জিতবার চেষ্টা করতে হয়, শুধু বাইরে থেকে উৎসাহ দিলে হয় না। অমিয়বাবু—আমার সম্বোধনে মেশোমশাই—আমাকে মৃদু একটা ধমক দিয়েছিলেন মনে পড়ছে। কিন্তু সেদিন তিনি বা আমি, কেউই ঠিকমতো ব্যাপারটা ধরতে পারিনি।

যেমন যখন Poverty and Famines বইটি প্রকাশিত হল সেদিন অনেকেই বইটির তাৎপর্য ঠিক বুঝতে পারেননি। আর সাবটাইটেল An Essay on Entitlement and Deprivation কিছু পাঠকের কাছে ফাঁকা বাগাড়ম্বর মনে হয়েছিল। আজ অবধি অমর্ত্য সেনের কাজ আর তার মূল্য নিয়ে লোকের মনে ধাঁধা আছে, আর তার সমাধানও হয়নি। ভক্তদের (বাম বা দক্ষিণ পন্থায়) নামজপের ফাঁকে ফাঁকে চোখ কান খোলা রাখা যদি বা চলে, নতুন কথা তলিয়ে বোঝবার যতটা খোলা মনে ভাবা দরকার সেটা বোধ হয় সংস্কারবিদ্ধ। গোড়ার অমর্ত্য সেন থেকে আজকের অমর্ত্য সেনে উত্তরণ কিছু অমর্ত্যানুরাগীর কাছেও পাহাড়ের মাথায় শুদ্ধ স্রোতের থেকে সমতলের মন্দগতি খোলা জলে পরিণতি তেমন ভাল ঠেকে না, ব্যাপ্তি না হয় ভাল, কিন্তু তা বলে হাঁটুজল?

পাঠক অনুমতি করলে একবার চেষ্টা করে দেখি, পরিণতি কী বা কেন, আর সে পরিণতি যুক্তির পথেই এসেছে এ কথায় আপনাকে রাজি করতে পারি কি না। এ বিষয়ে টেকনিকাল আলোচনা বেশ খটমটো আর অর্থনীতির ছাত্র নয় এমন পাঠকের হয়ত একেবারেই অপরিচিত। তাই তত্ত্বের স্বাদ যদি দিতে পারি তাহলেই আমার কাজ সম্পন্ন মনে করব—পেট ভরে খাবার সখ থাকলে সাক্ষাৎ সেন মহাশয়ের মোকাবিলা করতে হবে।

প্রায় পঞ্চাশ বছর আগে কেনেথ অ্যারো একটি লেখায় সবাইকে আশ্চর্য করেন। সে লেখাটির বর্ধিত রূপ হল তাঁর বই Social Choice and Individual Values। সেই বই থেকে একটি নতুন বিষয় সৃষ্টি হল যার নাম Social choice theory বা সামাজিক বাছাই তত্ত্ব। রাজনীতিশাস্ত্র, দর্শনশাস্ত্র আর অর্থনীতিশাস্ত্র এ তিনের ঘরেই তার স্থান, আরও অনেক কটা বিষয়ে এই তত্ত্ব (বা তার কোনও প্রকার) প্রাসঙ্গিক। তত্ত্বটি কী আস্তে আস্তে ভাঙি, অর্থাৎ একটু ঘুরে ফিরে তত্ত্বটির দিকে যাব।

আমাদের এখানে স্কুলে ঢোকা মাত্র বাচ্চাদের পরীক্ষা দিতে হয় আর পরীক্ষার ফল শুধু যে পাশ ফেল ঘোষণা করে তাই নয়, কে প্রথম, কে পঞ্চম, কে ছাব্বিশ নম্বরে স্থান পেল সেসব খবর থাকে। এই সারি বিন্যাস কীভাবে কী যুক্তিতে হয়? বিভিন্ন বিষয়ের পরীক্ষার নম্বর যোগ করে মোট নম্বর অনুযায়ী ছাত্রদের সাজিয়ে দেওয়া হয় প্রথম, দ্বিতীয় ইত্যাদি মার্কা দিয়ে। সবচেয়ে বেশি নম্বর যার সেই প্রথম। এ আমাদের বহু পরিচিত ব্যবস্থা, আমরা অনেক সময়ে স্কুল কলেজের গণ্ডি পার হয়েও এই প্রথম দ্বিতীয় তৃতীয় এই সারিবদ্ধতার চক্করে পড়ে যাই, সব ব্যাপারে এক নম্বর কে এসব প্রশ্ন তুলি।

ইংল্যান্ডে কিন্তু এক আধটা পরীক্ষার বাইরে এমনটা হয় না। পরীক্ষার ফলে শ্রেণী বিন্যাস থাকে, তবে প্রথম (বা অন্য) শ্রেণীতে যারা পড়ল তাদের নাম বর্ণানুক্রম অনুসারে ছাপা হয়। সুতরাং আমাদের পদ্ধতি একমাত্র উপায় এমন কথা সবাই মানে না। কেন, দোষটা কী? নম্বর যোগ যখন করছি তখনই কিন্তু মেনে নিয়েছি—অজ্ঞানে বা সজ্ঞানে — যে বাংলা, ইংরেজি, অঙ্ক, যে কোনও বিষয়ে এক নম্বর বেশি পাওয়া অন্য বিষয়ের এক নম্বর কমের ঠিক এক মাপের। অর্থাৎ বিভিন্ন বিষয়ের নম্বর সমতুল, commensurable। যদু ইংরেজিতে কাঁচা, পেল চল্লিশ, অংকে পেল নব্বই। যদি এ দুটো বিষয়ে মাত্র পরীক্ষা হয়ে থাকে তাহলে মধুর (ইংরেজি ৬২, অঙ্ক ৬৫) চেয়ে যদুর নম্বর বেশি। ইংরেজি পড়ান যিনি তিনি বললেন ইংরেজি ভাষা সম্বন্ধে যদুর কোনও ধারণাই নেই, আর অঙ্কের মাস্টার বলেন যে যদু সোনার চাঁদ ছেলে, দেখবেন পরের বার অঙ্কয় শ'য়ে শ' নম্বর পাবে। এ দুটি মত কি যোগ করতে পারি? তা না হলে কে বেশি ভাল ছাত্র এটা স্থির করতে নম্বর যোগ করার পদ্ধতি ব্যবহার করি কোন মুখে? যদু অঙ্কয় ভাল, ইংরেজিতে খারাপ,

মধু এর ঠিক উল্টো এই খবর থেকে আমরা কিছুই বলতে পারব না। যদু-মধু কে সব মিলিয়ে বেশি ভাল। শিক্ষকরা এক এক জন যদু-মধুর আপেক্ষিক মূল্যায়ন এক এক রকম করবেন। নম্বর যোগ করা বন্ধ করলে কে সেরা কে নয় কীভাবে ঠিক করি?

লেখাপড়ার ব্যাপারে বিলেতে না হয় এই দুই তিন সাজায় না, কিন্তু অর্থনীতিক মূল্যায়নের বেলাতে ওরকম করলে চলবে কি? দেশের কল্যাণ কিসে বেশি কিসে কম পরিষ্কার না জানলে কী পরামর্শ অর্থনীতিবিদ সরকারকে দেবেন? আর্থনীতিক কল্যাণতত্ত্ব নাম যে বিষয়টি তাতে এর সদুত্তর নেই?

আছে, তবে সে উত্তরে কারুর মন ভরে না। Utilitarianism বা উপযোগবাদ থেকে একটা রাস্তা পাওয়া যায়। ভোগ্যবস্তু থেকে লোকে উপযোগিতা (utility) পায়। উপযোগবাদ হল "অন্য সর্বদিক উপেক্ষাপূর্বক কেবল উপযোগিতার মানদণ্ডে কার্যাদির ন্যায়-অন্যায় বিচার; প্রচুরতম লোকের প্রভুততম উপকার সাধনই কর্মের উদ্দেশ্য।" (সংসদ ইংরেজি-বাংলা অভিধান)। ওই প্রভুততম উপকার কী করে মাপ করব? সকলের উপযোগিতা যোগ করে দেখতে হবে কী করলে এই যোগফলটি সর্বাধিক হয়। মুশকিল এই যে ওই পোড়া যোগ করা এখান ঢুকে পড়েছে। পরীক্ষার নম্বরে যে কারণে যোগ করা বোধ হয় ঠিক নয় মনে হয়েছে এবার বিভিন্ন লোকের উপযোগিতা যোগের বিরুদ্ধে সেই কারণগুলো আরও বড়।

যোগ না হয় না-ই করলাম, উপযোগিতা কিসে কার কতটা এই প্রশ্নটা পাল্টে তো আমরা লোকের পছন্দ-অপছন্দ এরকম বলতে পারি। এই পছন্দের একটা সারি থাকা উচিত লোকের মাথায়। যে কোনও দুটি বিকল্প সম্বন্ধে সে বলতে পারে কোনটা তার বেশি পছন্দ; বা সমান ভাল লাগে (শ্রীরাধিকে চন্দ্রাবলী, কারে রেখে কারে ফেলি?)। প্রত্যেকের সারিগুলো পেলে আমরা তার থেকে একটা "সামাজিক সারি" তৈরি করবার চেষ্টা করতে পারি—আর সেটা পেলেই আমাদের কেল্লা ফতে।

অ্যারো এই সামাজিক সারি তৈরি করবার একটি বিধি খুঁজছিলেন। সামাজিক সারি তো ব্যক্তিগত সারির পছন্দ অপছন্দ থেকেই বানানো হবে তবে উপযোগিতা যোগকরা বা ওই রকম গোয়ার্তুমি না করে অনেক রকম উপায়ের কথা ভাবা যায়। দেশের সবচেয়ে মোক্ষম সিদ্ধান্তগুলো যেসব জায়গায় নেওয়া হয়, যেমন লোকসভা, সুপ্রিম কোর্ট, সেখানে মতবিরোধে মীমাংসা হয় সংখ্যা গরিষ্ঠতা দিয়ে। আবার লোকসভায় আমাদের প্রতিনিধি নির্বাচন করতে আমরা দেখি কার কটা ভোট (Simple majority, plurality)। এগুলো ছাড়া অন্য পাঁচটা নিয়ম পেতে পারি যাতে ব্যক্তিগত সারিগুলো থেকে একটা বুদ্ধিগ্রাহ্য সুষ্ঠু পথে ওই সামাজিক সারি গড়ে তুলতে পারি।

এই যে সামাজিক কল্যাণবিধি, সেটাকে কিছু শর্ত মানতে হবে। এ শর্তগুলো অ্যারোর বই-এর দ্বিতীয় সংস্করণে যে রকম দাঁড়িয়েছে তা হল ঃ

১. Unrestricted domain — ব্যক্তিগত সারিগুলো কেমন হবে তার কোনও বাধানিষেধ নেই। বিধি ব্যবহার করতে গিয়ে আমরা বলতে পারব না ওই যে ওরা, ওদের কথা ধর্তব্যের মধ্যে মনে করছি না।

২. Weak Pareto Criterion — দুটি বিকল্পের একটিকে অন্যটির চেয়ে বেশি পছন্দ যদি প্রত্যেকে করে তা হলে সামাজিক সারিতে সবার বেশি পছন্দকেই বেশি পছন্দ বলে দেখাতে হবে।

৩. Independence of Irrelevant Alternatives — ব্যক্তিগত সারিতে যদি কোনও দুটি বিকল্পের মধ্যে পছন্দ না পাল্টায় সামাজিক সারিতে তাদের মধ্যে কোনটি উপরে কোনটি নীচে এও পাল্টাবে না। ধরুন তিনটে পালা, বিদ্যাসাগর, হিটলার, লেনিন। এ নিয়ে সব ব্যক্তিগত সারি দেখি, নানারকম সাজানো পাই। কিন্তু যদি কোনও কারণে বিদ্যাসাগর পালা বর্জন করতে হয় তাতে হিটলার আর লেনিনের মধ্যে কোনটা বেশি ভাল লোকদের মতে একই রইল, কিন্তু সামাজিক সারিতে পাল্টে গেল, এটা হবে না।

৪. Non-dictatorship — স্কুলের পরীক্ষাতে প্রথম হলে বৃত্তি দেওয়া হবে। এদিকে শিক্ষকরা কে সবচেয়ে ভাল বলতে পারছেন না, তাঁরা নম্বর যোগ বন্ধ করেছেন। হেডমাস্টার মশাই বলেন যে আপনারা না পারলে কি হয়, আমি বলাই এর নাম করছি, সেই সেরা। এ রকমটা হবে না।

অ্যারো প্রমাণ করেন যে এই চার শর্ত মানে এমন কোনও বিধি থাকতে পারে না। যদি কোনও বিধি চারটেই শর্ত মানে বলে ধরা যায় তাহলে যে সামাজিক সারি পাব তাতে দেখব তিন বিকল্প ক খ আর গ-এর মধ্যে ক খ-এর চেয়ে ভাল, খ গ এর চেয়ে ভাল আর গ ক এর থেকে ভাল (Failure of transitivity)। অর্থাৎ সারিক্রম দাঁড় করানোই যাচ্ছে না। এ উপপাদ্যটি গল্পচ্ছলে সংখ্যা গরিষ্ঠতা নিয়মের প্রসঙ্গে ওই failure of transitivity উদাহরণ বলে দেখানো হয়। উদাহরণ ঠিকই, তবে অ্যারোর উপপাদ্য যে কোনও বিধি সম্পর্কে খাটে, যদি সে বিধি ওই চার শর্ত মানে।

এই প্রজ্ঞার পর কি বা ক্ষমা? অর্থনীতিবিদ কি তাহলে কত ধানে কত চাল, কিসে কী হয় এ সব খবর দেওয়াতে আটকে থাকবেন? দেশের দশের ভাল কিসে বলতে তাদের মানা? অ্যারোর উপপাদ্য তো নেতিবাদী একটি গর্ত খুঁড়েছে, দেশের লোকের মত থেকে ভাল মন্দ বিচারের পদ্ধতিতে পৌঁছতে গেলে সেই গর্তে পড়ে ছটফট করতে হবে। তবে কি যুক্তি ছেড়ে গাজোয়ারীর রাস্তা ধরব আমরা? বলা বাহুল্য অর্থনীতিবিদ মাত্রেই ঠুঁটো হয়ে থাকতে রাজি হননি, স্বয়ং অ্যারো থেকে অনেকেই গাড্ডা থেকে বেরবার অনেক চেষ্টা করেন।

এ বিষয়ে অমর্ত্য সেনের কাজকর্মের শুরু ষাটের দশকে। প্রথম দিকে তিনি সংখ্যাগরিষ্ঠতা দিয়ে সামাজিক সারি করার চেষ্টা করেন। অ্যারো নিজেই (এবং ডানকান ব্ল্যাক) দেখিয়েছিলেন যে এক নম্বর শর্ত (unrestricted domain) একটু আলগা করলে সংখ্যাগরিষ্ঠতা

বিধিতে সামাজিক সারিক্রম পাওয়া যায়। শর্তটি আলগা না করে হচ্ছে না তাই আলগা করা, তবে শুধু সমানধর্মী লোকেদের মত হিসাবে পড়বে এ তো বড় বেশি গাজোয়ারী। পারলে যেটুকু আলগা না করলে নয় ততটুকু করতে পারলে কিছুটা স্বস্তি হয়, সমস্যার সমাধান পুরো হচ্ছে না কিন্তু যা হোক চলনসই একটা বুদ্ধি বাতলানো গেল। অমর্ত্য সেন এ নিয়ে অনুসন্ধান চালান, প্রথমে একা, পরে তাঁর প্রিয় ছাত্র প্রশান্ত পট্টনায়কের সহযোগে এই প্রসঙ্গের খুব পরিষ্কার একটা উত্তরও পান।

অনেকে ধন্য ধন্য করছে আর প্রসন্নভাবে বিনয়ের মুদ্রা বিন্যাস করে বসে থাকা অমর্ত্য সেনের ধাত নয়। সংখ্যাগরিষ্ঠতা বিধি হিসাবে রাজনীতিতে চললেও, অর্থনীতিতে খুব অর্থবহ নয় বলে তাঁর মত তিনি কিছুদিন পরে ছাপার হরফে জানিয়েছেন। সংখ্যাগুরু হয়ে সংখ্যালঘুর উপর অত্যাচার রাজনীতিতেও সম্ভব, অর্থনীতিতে তো বটেই। যে-কোনও লোকের কাছ থেকে তার সর্বস্ব কেড়ে নিয়ে পাঁচজনের মধ্যে বিলিয়ে দেওয়া পাঁচজন বলল ভাল, বিরুদ্ধে মাত্র একজন। তা ছাড়া অ্যারো উপপাদ্যের মোকাবিলা করতে তার শর্তগুলোকে আলগা করাও মনে ধরে না। শর্ত রেখে যদি transitivity না পাই তাহলে কি সব গেল? ক খ, খ গ, গ ক এই চক্র না হলেই তো হয়। এই চেষ্টাতে অমর্ত্য transitivity গোষ্ঠীরই অন্য কটি ঘনিষ্ঠ আত্মীয় দিয়ে হয় কিনা দেখলেন (quasi-transitivity, acyclicity)। এ প্রচেষ্টাতে গোড়ায় কিছু সুফল পেলেও শেষ অবধি যা টের পাওয়া গেল যে অ্যারোর উপপাদ্য খাঁটি তো বটেই, আর তাগড়া (robust)। অর্থাৎ এটা সেটা বুদ্ধি করে গাড্ডা পেরিয়েছি ভাবতে ভাবতে আবার পা হড়কায়। উপপাদ্যটি যেমন সাজানো হয়েছে তার থেকে একটু অন্য ব্যবস্থা করলে একটু অন্যভাবে ওই নেতি নেতি সিদ্ধান্তে পৌঁছয়। পলকা উপপাদ্য নাড়া দিলেই চিৎপটাং, অ্যারো উপপাদ্য সেরকম নয়, শক্তসমর্থ আর তার ডাক নাম নিখিল।

বেশ সবার উপযোগিতা যোগ করে ভালমন্দের বিচার করতেন বেন্থাম থেকে মার্শাল, পিসু অবধি অর্থনীতিবিদরা, তা ওরকম খুঁৎখুঁৎ করে যোগ করা ছেড়ে এখন বোঝ। যোগের বিরুদ্ধে আপত্তির এক বড় কারণ হল এতে বিভিন্ন ব্যক্তির উপযোগিতা তুলনা করতে হয়। কিন্তু তুলনা একেবারে করা যাবে না, ব্যক্তির উপযোগিতা আসলে তার অন্তরের সত্তার ছায়া, আর আমি তুমি বিভিন্ন ব্যক্তি, দুই সত্তা পাশাপাশি ফেলে তুলনা করব সাধ্যি কি — এই মত যেন বাড়াবাড়ি। অমর্ত্য সেন তাই আংশিক তুলনার পথ খুঁজলেন যাতে পাকা উত্তর না হলেও সদুত্তরের সম্ভাবনা থাকে।

শুধু উপযোগিতা বা তারই আর এক প্রকার, পছন্দ সারিক্রম (preference ordering) ব্যবহার করতে হবে তাই বা কেন? ব্যক্তি সত্তার ছায়া সে বেশ কথা, কিন্তু ছায়াতে কি আসলের সব রূপ ধরতে পারা যায়? আলোটা এপাশ ওপাশ করলে সেই সত্তার অন্য অবয়ব ফুটে উঠতে পারে অন্য ধরনের ছায়ায়। তা ছাড়া সামাজিক কল্যাণের আলোচনায় ব্যক্তিস্বাধীনতা, সাম্য বা হক অধিকার ও কোনটারও উল্লেখ হয় না এ তাজ্জব ব্যাপার।

এ সবই খিড়কির দরজা দিয়ে উপযোগিতা বা পছন্দ সারিতে ঢুকে পড়েছে এ কথাটা সম্পূর্ণ ভুল না হতে পারে। যদি আত্মমর্যাদা নিয়ে জীবনযাপনের প্রশ্নে যাই তা হলে এখানেও সেই সমস্যা। কিন্তু কী করে কী হচ্ছে বা হচ্ছে কিনা এটা তো আড়ালে রাখলে চলবে না, প্রকাশ্যে আলোচনা করতে হয়।

এ রকম প্রকাশ্যে আলোচনা করতে অমর্ত্য সেন minimal liberty (একছিটে ব্যক্তিস্বাধীনতা?) এ প্রসঙ্গে এনে ফেলে যে তুলকালাম কাণ্ড করেছিলেন তার জের আটদশ বছর পণ্ডিতি ত্রৈমাসিকগুলোর পাতায় চলেছিল। ১৯৭০ সালে অমর্ত্যের The Impossibility of A Paretian Liberal নামে লেখাটি বেরোয়। একটুখানি ব্যক্তিস্বাধীনতা বলতে তিনি ধরেছিলেন যে প্রতি ব্যক্তির কিছু কিছু ব্যাপারে (বাড়িতে পাজামা না লুঙ্গি, মুগের ডালে চিনি, না চিনি না) শেষ কথার হক থাকবে। অর্থাৎ সে ব্যাপারে তার পছন্দ সবাই মান্য করবে, ঘরেও মানবে আর সমাজও মানবে। প্যারেটো নিয়ম তো বলে যে যদি দুটি বিকল্প ক আর খ-এর মধ্যে সবাই ক বেশি ভাল বলে তা হলে সামাজিক মতে ক বেশি ভাল। এবার তিনি প্রমাণ করেন যে তেমন তেমন ব্যক্তিগত সারিক্রম হলে (unres-tricted domain) প্যারেটো নিয়ম আর ওইটুকু ব্যক্তিস্বাধীনতা একসঙ্গে ধরা চলে না।

প্রমাণটি শক্ত নয়, কিন্তু তিনি এ ব্যাপারে যে গল্পটা ফাঁদলেন সেটা খুবই সরল ও মনোজ্ঞ। দুটি লোক আছে, একজন অতি শালীন অপরজন কামুক। লেডি চ্যাটারলির প্রেমিক বইটির অমার্জিত সংস্করণ এক কপি মাত্র আছে। তিন রকম ব্যবস্থা সম্ভব, (ক) শালীনবাবু পড়বেন (খ) কামুকবাবু পড়বেন আর (গ) কেউ পড়বেন না। শালীনবাবুর পছন্দক্রম গ ক খ — কেউ না পড়াই ভাল, তবে ওই দুশ্চরিত্র আস্কারা পাবে তার চেয়ে আমিই পড়ি। কামুকবাবুর ক্রম ক খ গ — ওই ভণ্ডটা পড়ুক, শিক্ষা হবে তার, নইলে আমি পড়ি, না পড়ে বই ফেলে রাখা এ আবার কী?

ব্যক্তিস্বাধীনতা বলে কামুকবাবু যদি না পড়ার চেয়ে পড়তে পছন্দ করেন তাহলে খ গ-এর চেয়ে ভাল বলে সমাজ মানতে বাধ্য। শালীনবাবু পড়তে না হলে বেঁচে যান, তাই গ ক-এর চেয়ে ভাল এতে সমাজ রাজি। কিন্তু প্যারেটো নিয়ম বলছে দুজনেই ক খ-এর চেয়ে বেশি পছন্দ করেন তাই ক খ-এর চেয়ে ভাল বলে ধরতে হবে। এই দেখুন ভাল খারাপ জোড়া জোড়ায় পেলাম খ গ, গ ক, ক খ। সেই চক্করে পড়লাম।

এ নিয়ে নাম করা ত্রৈমাসিকগুলোর পাতায় কত না তর্ক, কত না আলোচনা। প্রমাণ কিন্তু অটল, তবে আলোচনায় স্বাধীনতা, হক, অধিকার এইসব ধারণাগুলো অনেকটা পরিষ্কার হল। প্যারোটো নিয়মের মতো আপাত নির্বিরোধী বিধান যে অনেক নষ্টের গোড়া হতে পারে সেটা আরও নানাভাবে অমর্ত্য আর তাঁর কিছু সঙ্গী দেখিয়েছেন। কিন্তু এই "অস্বাভাবিক" ফলটির জন্য অনেকে দায়ী

করেছেন ওই দুই বাবুর পছন্দ সারিতে পরস্পরের বই পড়া নিয়ে মত থাকা। ঠিক কথা, বাবুদুটি নিজের চরকাতে তেল দিলে এ গল্পের উদাহরণটি খাটত না। দুটো কথা — উদাহরণটি উদাহরণই, তত্ত্বের প্রমাণটি এই উদাহরণ না খাটলে ভুল, তা নয়। দু'নম্বর কথা, ওই দুই বাবু কি "অস্বাভাবিক"? প্রচুর লোক তো এরকম হয়, এ রকম পছন্দ ভোগসুখের বাইরের কথা নিয়ে আসছে উপযোগিতা বা পছন্দ সারিতে বলে হিসাবের বাইরে ঠেলে দেব?

এখান থেকে অমর্ত্য সেন উল্টো দিকে রওনা হলেন। কল্যাণ-অর্থনীতি বিষয়টির ঠুঁটো অবস্থার কারণ, তিনি বললেন, আমরা যা তথ্য পাওয়া যায় তা ব্যবহার না করে শুধুমাত্র পছন্দ সারিক্রম থেকে সামাজিক চয়নে পৌঁছতে চেষ্টা করছি। এই ভুলের নাম তিনি দিলেন Welfarism, কল্যাণবাদ।

কল্যাণবাদের শুচিবাই বেশ চড়া ধাতের, কখন মূল্যবোধের ছোঁয়া লেগে যুক্তির ইমারত অশুচি হয় এই ভয়ে শুধু মাত্র উপযোগিতা বা পছন্দসারি দিয়ে কাজ সারতে হবে। বিভিন্ন ব্যক্তির উপযোগিতা তুলনা যে তুলনার কাজটি করছে তার মূল্যবোধ দিয়ে নির্ধারণ হয়, প্রকৃতির নিয়মে নয়। যতই বোঝান — মূল্যবোধ এসে পড়লে যা খুশি হতে পারে, তাই বা কেন? পুরো মিল না হতে পারে, অনেকটা বারোয়ারী জায়গা পেতে পারি, কথা বলা যায়, অঘোরপন্থী কাপালিক আর কটা? — পাকা কল্যাণবাদী কর্ণপাত করবে না। উপযোগিতা সম্বন্ধে তথ্য হিসাবে শুধুমাত্র পছন্দের সারি ছাড়পত্র পাবে, আর উপযোগিতার বাইরের কোনও খবরই গ্রাহ্য হবে না। প্রথমটি অ্যারো সমস্যার সমাধান বন্ধ করে, দ্বিতীয়টি কল্যাণমূলক অর্থনীতির অন্য প্রশ্নগুলো আলোচনার বাইরে ঠেলে দেয়। গরিবের জন্য কিছু করা চাই বলছেন, কে গরিব কীভাবে স্থির করব বলুন তো? ধরুন কিছুটা টাকা গরিবের জন্য বরাদ্দ হয়েছে, যার যার উপযোগিতা কম তাদের মধ্যে বিলানো হবে। উপযোগিতা রামের শ্যামের চেয়ে কম (বা বেশি) বলবার জো আছে? আচ্ছা ওই যে নাদুস-নুদুস সুবেশধারী বেশ কিছু লোক দেখা যাচ্ছে ওরা বোধহয় বড়লোক, আর ওদের বাদ দিলে বাকিরা গরিব? কি সর্বনাশ, এ সব খবর আমাদের পছন্দ সারিগুলোতে তো নেই, সেখানে দেখছি বেশি সবাই কমের চেয়ে পছন্দ করে। এ ছকে আমরা শোষণ বন্ধ করো বলতে পারব না, 'সমান কাজের সমান মজুরি' বা বলি কী করে?

বেন্থ্যামপন্থী উপযোগিতাবাদ অবশ্য উপযোগিতা তুলনীয় মনে করে, আর এ পথে অ্যারোর সমস্যা সমাধানও সম্ভব। কিন্তু অনেক তথ্য উপযোগিতায় ঢোকানো যায় না। সামাজিক কল্যাণ বলতে আমরা সহজ বুদ্ধিতে মনে করি, সাম্য, ন্যায় ও মনুষ্যত্বের পূর্ণ বিকাশের স্বাধীনতা এ সব আমাদের উদ্দিষ্ট। দারিদ্র্যমোচন সোজাসুজি ভোগের উপযোগিতা বাড়ায় না, তবে ভোগীরা যদি সবাই এরকম মনে করি তা হলে প্রত্যেকের উপযোগিতাও একরকম হবে। প্রান্তিক উপযোগিতাও একরকম, আর ভোগ বাড়লে কমে। তা হলে সকলের আয় সমান হলে মোট উপযোগিতা সবচেয়ে বেশি হবে। শেষ রক্ষে হল কি? সবাই তাদের উপভোগ করার ক্ষমতায় সমান এটা তো ঘটনা নয়, এটা আমাদের সংকল্পের সহায়ক বিশ্বাস হতে পারে। এ বিশ্বাসে আমরা কি চাইব প্রত্যেকে কুস্তি করে, ধ্রুপদ গায়, নিরামিষাশী?

মানুষে মানুষে অনেক ফারাক থাকে, তবে যেমন সবার এক ভোট সেই রকম কিছু প্রস্তাব এখানে লুকিয়ে আছে? কিন্তু সমান আয় দিলে সমান ন্যায় হচ্ছে কি? কিছুটা টাকা যদি ভাগ করে দিতে হয় দুটি লোকের মধ্যে — একজন আনন্দের উপাসক, ভোগে দক্ষ; অন্যজন আজন্ম রোগেভুগে খিটখিটে তেতো স্বভাবের পঙ্গু — উপযোগিতা দেখে আমরা দক্ষ ভোগীকেই ওই টাকাটা দেব যাতে আচ্ছা করে ভোগ করে সমাজের মোট উপযোগিতা অনেকটা বাড়ায়। আজন্ম রোগে পঙ্গু এমন মানুষ তো কিছুতেই আনন্দ করতে জানে না — তাই তিনি পড়ে মার খাবেন দু' ভাবে। এমনিতেই নিরানন্দ জীবনের লড়াই তার ওপর ভোগে অদক্ষতার দরুন বাড়তি টাকা অন্যরা পায়।

আবার টেনেমেনে একটা গল্প খাড়া করা যায় যাতে পঙ্গু লোকটির প্রান্তিক উপযোগিতা ভীষণ বেশি। কেন, কোত্থেকে হল এ সব প্রশ্ন না করলে যা আমার আপনার মন চায়, অর্থাৎ বঞ্চিত লোকটিই বাড়তি টাকাটা পাবে এই ফল দেখানো যাবে। কিন্তু টানতে টানতে কোথায় পৌঁছেছি খেয়াল আছে তো?

তাছাড়া ধরুন আমাদের রোগে ভোগা পঙ্গুটি হালে দীক্ষা নিয়েছেন — গুরুর কাছে শুধু বীজমন্ত্র নয় আরও শিখেছেন ভগবান ভক্তকে পরীক্ষা করতে কত কষ্ট দেন, কিন্তু ইনি তো আসল ভক্ত, হাসিমুখে সব কষ্টের মোকাবিলা করেন। না ভুল বলেছি, তাঁর কষ্টই নেই, প্রভু পরীক্ষা করবেন এ তো গর্বের কথা, দুঃখ কষ্ট এমন ভাববে কেন? এবার সেই বেন্থামবাদীরা কী বুদ্ধি করবে?

উদাহরণ আর যুক্তিগুলো সবই অমর্ত্য সেনের। তাঁর মতে কেউ খুঁৎখুতে বা অল্পে সন্তুষ্ট এটা বড় কথা নয়, দেখতে হবে সে বঞ্চিত কি না। বঞ্চনার মাপ করতে কতটা ভোগ্যবস্তুতে তার অধিকার শেষ কথা নয়, কারণ বস্তুর আদর তা দিয়ে কী করা যায় সেজন্যে। কতটা উপযোগিতা সে বিচারও দেখলাম অনেক ক্ষেত্রে খাপ খায় না, ভুল সিদ্ধান্তের দিকে ঠেলে। কিসে মানুষের সাম্য আমাদের উদ্দিষ্ট—না, সমাজজীবনে অংশগ্রহণ করে আর পাঁচজনের মতো মাথা উঁচু করে বাঁচার অধিকারে। সকলে এক নয়, আলাদা, তাই প্রত্যেকের জন্য ব্যবস্থাও আলাদা হবে যাতে তারা সফল জীবনযাপন করতে পারে। এই করতে পারাকে অমর্ত্য সেন সক্ষমতা (capability) নাম দিয়েছেন। ঠিক হল না, লোকে যা যা করে সফল জীবনযাপন করতে চায় সেগুলোকে তিনি বলেন ক্রিয়া বা functioning। আর সক্ষমতা আসলে নানা প্রকার ক্রিয়া সম্পন্ন করবার নানা কার্য ক্ষমতার সমাহার যাকে তিনি capibility set বলেন। এই সেট-টি বাড়াতে পারলে লোকের স্বাধীনতা বাড়ে।

এই গোছের আলোচনা অনেকে তেমন পছন্দ করেন না —

বলেন কি জানি মশাই, দর্শন হতে পারে কিন্তু এতে আমাদের ইকনমিক্স্ কই? ঘুরে তাহলে সেই পঙ্গুর কথা পাড়ি, সাম্য বলতে আয়-সাম্য মনে করলে কি ঠিক হবে? আর পাঁচজনের মতো জীবনযাপন করতে সে সমান টাকায় পারবে? সামান্য বহু ব্যাপারে সে পিছিয়ে থাকবে না যদি তার জন্য positive discrimination করা হয়? অমর্ত্য সেনের এ কথা বলতে চোখের জলে ভাসতে হয় না, সক্ষমতাই জীবনযাপনের পরিমাপ মনে করলে আপনিই এই মতে পৌঁছতে হবে। অন্যরাও এমন মতে পৌঁছতে পারেন, তবে তাদের হৃদয় হয়ত যুক্তির মাথায় হাঁটে! আপেল ফল তো খসে মাটিতেই পড়বে নিউটনের ঠাকুমা তা জানতেন না? গ্রহ তারা চন্দ্র যে নিয়মে চলছে সেই নিয়মেই আপেল পড়তে বাধ্য এ প্রমাণে আমাদের জ্ঞান কিছুমাত্র বাড়েনি? খুচরো অনেক কথা লোকে জানে, সেগুলো আলগা কথা না পাকা কথা বুঝতে প্রণালীবদ্ধ (systematic) বিশ্লেষণ প্রয়োজন। আমাদের সমাজে মেয়েরা ঠিক পুরুষের মাথার উপর নয় বললে অনেকে বিরক্ত হন—সংসারের অধিষ্ঠাত্রী দেবী, আরও কত কি বলেন। অমর্ত্য যে শিশুদের ওজন করছিল সেটাতে বিলনো দুধে শিশুকন্যার ওজন তেমন বাড়ে না, শিশুপুত্রের তুলনায় এটা হাতেনাতে প্রমাণ পাওয়া একটা বড় শিক্ষা। পিতৃতন্ত্র কতদূর তার শিকড় বিছিয়েছে আমরা মোটেই জানি না, জানতে চাইও না। হ্যাঁ, রাজপুত, জাঠ এদের কথা আলাদা, আমাদের বাঙালির মধ্যে অন্যরকম বলে ভাবতে ভালবাসি। অমর্ত্যের একটি হিসাব — যদি আমাদের ভারতে নারী পুরুষ অনুপাত নিদেনপক্ষে আফ্রিকার মতো হত — পশ্চিমের উন্নত দেশের কথা ছেড়েই দিই — তা হলে আরও তিন কোটি নারী থাকত এ দেশে। নেই কেন? প্রাকৃতিক নিয়মে থাকা উচিত ছিল, মানুষের নিয়মে বাঁচতে পারেনি কারণ মানুষ নাকি পুরুষমানুষ। এখনও আমাদের দেশের নারী অত্যাচার অপচার মেনে নেয়, মানিয়ে নিতে শেখে জন্মাবধি। হই হল্লা না করলে তাদের কষ্ঠবোধ কম হতে পারে, কষ্ট কম, বঞ্চনা কম? সাম্যের এই দিকটা অনেক রাজনীতিতে সাম্যবাদী দু'চক্ষে দেখতে পারেন না। এ বিষয়ে তত্ত্ব, তথ্য দুই-ই অমর্ত্য হাজির করেছেন — বঞ্চনার এক প্রকৃষ্ট উদাহরণ এটা।

দারিদ্র্য, দুর্ভিক্ষ, অসম বন্টন প্রথা এ সব বড় চেনা রোগ। এগুলোর প্রতিবিধান অর্থনীতিবিদের হাতে নেই কিন্তু যাদের হাতে তারা কী করবে এ বিষয়টা তাদের হাতে ফেলে রাখা যায় না। তাই এ সবের কারণ, চেহারা, প্রকার, এ সব অর্থনীতির অঙ্গ, এর আলোচনা করতে হবে যতদূর সম্ভব যুক্তির স্তরে। আর মাপজোকও করতে হবে। ঘূর্ণিঝড়, ভূমিকম্প দুটোই মাপার নিয়ম আছে। এক দল আছে যাঁরা চট করে মেপে ফেলেন—ছাতি ছাব্বিশ ইঞ্চি, গলা ছাব্বিশ ইঞ্চি, কোমর ছাব্বিশ ইঞ্চি....। আর যদি ফিতে ভাল হয়, নানা রকম মাপ পাওয়া যায়। কিন্তু কী মাপলাম সব সময়ে বোঝা যায় না। দারিদ্র্যের হিসাবে একটা আয় ধরা হয় সীমারেখা। এর চেয়ে কম আয় যার সে দরিদ্র। জনসংখ্যার যে অনুপাত দরিদ্র সেটা কম হলে ভাল হচ্ছে বলতে হবে। কিন্তু যদি যারা সবচেয়ে গরিব তাদের কাছ থেকে আয় কেড়ে নিয়ে যারা ওই লাইনের ঠিক তলায় আছে তাদের দিই, তাহলে দরিদ্র অনুপাত কমে যাবে। কিছু লোক সীমারেখার তলা থেকে এখন উপরে। আর একদম তলায় যারা, তারা না খেতে পেয়ে মরে গেলে আর একটু উন্নতি হবে অনুপাতে। এ শুনে আপনি শিউরে উঠবেন জানি, কিন্তু ওই গরিবি মাপবার বুদ্ধিটা ছাড়ব না তো, বদলাব। কেন শিউরে উঠলেন জানলে সে রকম আর না হয় এমন করে বদলাব। এই আলোচনায় আমাদের ন্যায়বোধ নিজেই ঢুকে পড়ল আপনার শিউরে ওঠায়। তা হলে উচিত কি? না ad hoc ন্যায় অন্যায় হাততালি শিউরে ওঠা ছেড়ে শৃঙ্খলাবদ্ধভাবে এগনো, ন্যায়বোধকে একটা অ্যাকসিওম আকারে আলোচনার গোড়ায় ঢোকানো গেলে মাপ জোকের ধরন কেমন হবে সেটা ঠিক করা যায়।

সামাজিক সমস্যা নিয়ে আলোচনাতে প্রায়ই জাতীয় আয় বা মাথা-প্রতি আয় ঢুকে পড়ে। জীবনযাত্রার মান নিয়েও কথা হয়। এগুলোও মাপতে গেলে হড়কে যায়, সোজাসুজি মাপজোক করতে গেলে যা মাপতে চাই তা আড়ালে চলে যায়। অমর্ত্য সেন অনেকটা এই সব সমাজকল্যাণের সূচক নির্ধারণের কাজ করেছেন। দারিদ্র্যের যেমন সেন সূচক চালু হয়েছে, অন্য ব্যাপারে তার নাম ব্যবহার না করলেও তার বিশ্লেষণের ব্যবহার হয়েছে। Capability set-এর ব্যবহারে নানা জট আছে, সব তুলনা করতে পারা যায় না, যেমন স্বাধীনতা বাড়ছে কি কমছে সব ক্ষেত্রে অদ্বর্থক উত্তর পাওয়া যায় না। তা বলে তো আমরা ছেড়ে দিতে পারি না, যা সহজে মাপা যায় গোনা যায় তাতে অনেক শক্ত প্রশ্নের জবাব নেই। শক্ত প্রশ্নের আলগা জবারের বেশি যদি না-ই পাই একেবারে পাকা ভুল উত্তরের চেয়ে তো ভাল।

দেখুন আস্তে আস্তে কোথা থেকে কোথায় এসে পড়লাম। আজ চল্লিশ বছরে কত বিষয়ে কত কাজ করলেন অমর্ত্য, তার কোনটা কে ভাল বলল, কে তর্ক জুড়ল এ ভাবতে গেলে খেই হারিয়ে যায়। কিন্তু দেখুন মোটা গল্পটায় কোনও ছেদ, কোন লাফ নেই। গোড়া থেকে আজ অবধি প্রশ্ন একটাই লোকের ভাল হয় কিসে? এই প্রশ্নের উত্তর খুঁজতে খুঁজতে যুক্তিরই সূত্রে অনেকটা দূর আসতে হল। যাত্রার তো শেষ নেই, Jean Dreze অমর্ত্যর প্রিয় ছাত্র, তার সঙ্গে লেখা Hunger and Public Action দিয়ে শুরু করে আরও কিছু বই সম্পাদনা করে চলেছেন।

ভরসার কথা কর্তারাও আজকাল অমর্ত্য সেন কী বলেন জানতে চাচ্ছেন।

EDITORS AND PUBLICATION SECRETARIES OF THE PRESIDENCY COLLEGE MAGAZINE

YEAR	EDITORS	SECRETARIES
1914-15	Pramatha Nath Banerjee	Jogesh Chandra Chakravarti
1915-17	Mohit Kumar Sen Gupta	Prafulla Kumar Sircar
1917-18	Saroj Kumar Das	Ramaprasad Mukhopadhyay
1918-19	Amiya Kumar Sen	Mahmood Hasan
1919-20	Mahmood Hasan	Paran Chandra Gangooli
1920-21	Phiroze E. Dastoor	Shyama Prasad Mookherjee
1921-22	Shyama Prasad Mookherjee	Bimal Kumar Bhattacharya
	Brajakanta Guha	Uma Prasad Mookherjee
1922-23	Uma Prasad Mookherjee	Akshyay Kumar Sarkar
1923-24	Subodh Chandra Sen Gupta	Bimal Prasad Mukherjee
1924-25	Subodh Chandra Sen Gupta	Bijoy Lal Lahiri
1925-26	Asit K. Mukherjee	Sunit Mahbub Murshed
1926-27	Humayun Kabir	Lokesh Chandra Guha Roy
1927-28	Hirendranath Mukherjee	Sunit Kumar Indra
1928-29	Sunit Kumar Indra	Syed Mahbub Murshed
1929-30	Taraknath Sen	Ajit Nath Roy
1930-31	Bhabatosh Dutta	Ajit Nath Roy
1931-32	Ajit Nath Roy	Nirmal Kumar Bhattacharjee
1932-33	Sachindra Kumar Majumdar	Nirmal Kumar Bhattacharjee
1933-34	Nikhilnath Chakravarty	Girindra Nath Chakravarti
1934-35	Ardhendu Bakshi	Sudhir Kumar Ghosh
1935-36	Kalidas Lahiri	Prabhat Kumar Sircar
1936-37	Asok Mitra	Arun Kumar Chandra
1937-38	Bimal Chandra Sinha	Ram Chandra Mukherjee
1938-39	Pratap Chandra Sen	Abu Sayeed Chowdhury
	Nirmal Chandra Sen Gupta	
1939-40	A. O. M. Mahiudin	Bimal Chandra Dutta
1941-42	Arun Banerjee	Golam Karim
1942-46	*(No Publication)*	
1947-48	Sudhindranath Gupta	Nirmal Kumar Sarkar
1948-49	Subir Kumar Sen	Bangendu Gangopadhyay
1949-50	Dilip Kumar Kar	Sourindra Mohan Chakravarti
1950-51	Kamal Kumar Ghatak	Mans Muktamani
1951-52	Sipra Sarkar	Kalyan Kumar Das Gupta
1952-53	Arun Kumar Das Gupta	Jyotirmoy Pal Chaudhuri
1953-54	Ashin Ranjan Das Gupta	Pradip Das
1954-55	Sukhamoy Chakravarty	Pradip Ranjan Sarbadhikari
1955-56	Amiya Kumar Sen	Devendra Nath Banerjee
1956-57	Ashok Kumar Chatterjee	Subal Das Gupta
1957-58	Asoke Sanjoy Guha	Debaki Nandan Mondal
1958-59	Ketaki Kushari	Tapan Kumar Lahiri
1959-60	Gayatri Chakrabarty	Rupendra Majumdar
1960-61	Tapan Kumar Chakravarty	Ashim Chatterjee
1961-62	Gautam Chakravarty	Ajoy Kumar Banerjee
1962-63	Badal Mukherjee	Alok Kumar Mukherjee
	Mihir Bhattacharya	

YEAR	EDITORS	SECRETARIES
1963-64	Pranab Kumar Chatterjee	Pritis Nandy
1964-65	Subhash Basu	Biswanath Maity
1965-66	*(No Publication)*	
1966-67	Sanjay Kshetry	Gautam Bhadra
1967-68	*(No Publication)*	
1968-69	Abhijit Sen	Rebanta Ghosh
1969-72	*(No Publication)*	
1972-73	Anup Kumar Sinha	Rudrangshu Mukherjee
1973-74	Rudrangshu Mukherjee	Swapan Chakravarty
1974-75	Swapan Chakravarty	Suranjan Das
1975-76	Sankar Nath Sen	Paramita Banerjee
1977-78	Sugata Bose, Gautam Basu	
1978-81	*(No Publication)*	
1981-82	Debasis Banerjee, Somak Ray Chaudhury	Banya Dutta
1982-83	*(No Publication)*	
1983-84	Sudipta Sen, Bishnupriya Ghosh	Subrata Sen
1985-86	Brinda Bose, Anjan Guhathakurta	Chandrayee Niyogi
1986-87	Subha Mukherjee, Apurba Saha	Jayita Ghosh
1987-88	*(No Publication)*	
1988-89	Anindya Dutta, Suddhasatwa Bandyopadhyay	Sachita Bhowmik
1989-90	Abheek Barman, Amitendu Pali, Adrish Biswas	Debashis Das
1990-92	Jayanta Ray, Shiladitya Sarkar	Pratik Mitra, Chandrani Majumdar
	Debraj Bhattacharya, Pathikrit Sengupta	Sanjoy Chakraborty
1993-95	Soumya Sundar Mukhopadhya	Ananda Sankar Roy
	Arjun Deb Sen Sharma, Debanuj Dasgupta	Soumya Sundar Mukherjee
	Santanu Das	
1995-96	Sanjoy Chakraborty, Saibal Basu	Arijit Bhattacharya
1996-98	Bodhisattva Kar, Anirban Mukherjee	Raja Bhattacharya, Ashis Pathak
	Anindyo Sengupta, Kumar Kislay	
1998-2000	Riddhi Sankar Ray, Lincoln Roy	Roshni Mukherjee
	Ashok Kesari, Phalguni Ghosh	
2000-2001	Paromita Chakraborti, Sapna Gupta	Lincoln Roy
	Soumitro Ghosh, Kunal Singh	
2001-2002	Arjun Chatterjee, Uditi Sen	
	Deblina Sengupta, Nabaruna Bhattacharya	Atig Ghosh Roy
	Saubhik Ghosh	
2002-2003	Riya Bhattacharjee, Shatarupa Banerjee	Abheek Banerjee
	Shibaprasad, Amritava Dey, Shubro Bhattacharya	
2003-2004	*(No Publication)*	
2004-2005	Devapriya Roy, Vivek Shaw	Ahbirup Dam
2005-2006	Arka Chattopadhyay, Kausik Baisya	Priyankar Dey
2006-2007	Sharmishtha Ghosh (Joint Publication)	Debojyoti Mondol
2007-2008	Avishek Ghoshal,	Soumik Ghosh
	Sharmishtha Roy	